

**NEW RIA in Whitechapel**

**50% off fee**  
on your first transaction\*

**Ria Money Transfer**

69 Whitechapel High Street, E1 7PL | 0207 377 5708

## ফরেস্ট একাডেমি থেকে অভিজাত ইটনে বৃটিশ প্রধানমন্ত্রীদের পদাঙ্ক অনুসরণ করতে যাচ্ছেন কাশিফ



লন্ডন, ১০ মার্চ: লন্ডনের অভিজাত ইটন স্কুলে যারা পড়েন তাদের বলা হয় ইটোনিয়ান। আর ইটোনিয়ান মানেই বিশেষ একটা ব্যাপার-স্বাপার। কারণ কেবল যুক্তরাজ্য নয়, বিশ্বের যারা অভিজাত বিত্তশালী তাদের সন্তানেরা আসেন এই স্কুলে পড়তে। আর ইটনে পড়া মানে জীবনে সফল আর প্রভাবশালী হওয়ার চাবি হাতে পাওয়া। প্রিন্স উইলিয়াম ও হ্যারি পড়াশুনা করেছেন এই স্কুলে। সদ্যসাবেক ব্রিটিশ প্রধানমন্ত্রী ডেভিড ক্যামেরনসহ যুক্তরাজ্যের ১৯ জন প্রধানমন্ত্রীর জন্ম দিয়েছে এই ইটন। এবার বিশ্বব্যাপী প্রভাব বিস্তার করা এসব সফলদের পদাঙ্ক অনুসরণ করতে যাচ্ছেন বাংলাদেশি পরিবারের সন্তান কাশিফ কামালী।

পৃষ্ঠা ২৫

## বৃটেনের ২০১৭-১৮ অর্থবছরের বাজেট ঘোষণা সেফ এমপ্লয়েডদের জন্য দুঃসংবাদ

দেশ রিপোর্ট: সেফ এমপ্লয়েড লোকজনের উপর ন্যাশনাল ইন্সুরেন্স (এনআই) বিল বৃদ্ধির বিতর্কিত প্রস্তাবসহ ২০১৭-১৮ অর্থবছরের বাজেট ঘোষণা করেছেন চ্যান্সেলার ফিলিপ হ্যামন্ড। ৮ মার্চ বুধবার হাউজ অব কমন্সে ঘোষিত বাজেট প্রস্তাবে ইংল্যান্ডের স্যোশাল কেয়ার সার্ভিসের জন্য বাড়তি ২ বিলিয়ন পাউন্ড বরাদ্দসহ বিজনেস রেইটে আক্রান্ত ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলোর জন্য সহায়তার ঘোষণা রয়েছে। আর সার্বিক অর্থনীতির পূর্বাভাস দিতে গিয়ে ফিলিপ হ্যামন্ড তাঁর ঘোষিত প্রথম বাজেটে বলেন, অর্থনৈতিক প্রবৃদ্ধি উর্ধ্বমুখী থাকবে আর সরকারের ঋণ গ্রহণের প্রবণতা কমবে বলে আশা করছে সরকার। লেবার নেতা জেরেমি করবিন বাজেটকে সরকারের 'চরম আত্মতুষ্টি' বলে মন্তব্য করেছেন।

পৃষ্ঠা ২৫



- কেয়ার সার্ভিসে বাড়তি ২ বিলিয়ন পাউন্ড বরাদ্দ
- বিজনেস রেইটে ৩শ মিলিয়ন পাউন্ড সহায়তা
- লন্ডন মেয়রের জন্য অর্থ ব্যয়ের ক্ষমতা বৃদ্ধি

## ওসমানীনগর ও জগন্নাথপুরে বিএনপির বিশাল জয়

# জয়-পরাজয়ের নেপথ্যে



ময়নুল হক চৌধুরী



আতাউর রহমান

সিলেট প্রতিনিধি, ৮ মার্চ : ঘরের আঙন যে কতটা বিপজ্জনক হতে পারে সিলেটে তা ভালোই টের পেল আওয়ামী লীগ। দলে বিদ্রোহের কারণে সোমবার সিলেট বিভাগের দুই উপজেলা নির্বাচনে বলতে গেলে শূন্য হাতেই ফিরতে হয়েছে আওয়ামী লীগকে। ৬টি পদের ৫টিই গেছে রাজনীতির মাঠে কোণঠাসা প্রতিপক্ষ বিএনপির ঝুলিতে। এর মধ্যে চেয়ারম্যানের দুটো পদই দখল করেছেন বিএনপি প্রার্থীরা। একটি ভাইস চেয়ারম্যান পদ নিয়েই কেবল সম্মুখি থাকতে হয়েছে আওয়ামী লীগকে। অবশ্য ঘরের মাঝে আঙন না লাগলে ফল হয়তো উলটোই হতে পারতো। দুই উপজেলাতেই ভোটের লড়াই শেষে দেখা গেছে, আওয়ামী লীগের মূল ও বিদ্রোহী প্রার্থীর প্রাপ্ত ভোট এক হলে প্রতিপক্ষ প্রার্থীর ভোটকে খুব সহজেই ছাড়িয়ে যেত।

পৃষ্ঠা ২৫

## নর্থাম্পটনে সড়ক দুর্ঘটনায় বাংলাদেশীর মর্মান্তিক মৃত্যু

এহসানুল ইসলাম চৌধুরী শামীম, নর্থাম্পটন থেকে: বৃটেনের নর্থাম্পটনে মিজান হোসাইন (২৫) নামে এক বাংলাদেশী মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় নিহত হয়েছেন। গত ৬ মার্চ সোমবার সকাল পৌনে ৮টার সময় এম-৪৫ মোটরওয়ের ডানচাস এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহত মিজান হোসাইনের বাংলাদেশের বাড়ি সুনামগঞ্জের জগন্নাথপুর উপজেলার লোহার গাওয়ে। পিতার নাম আকবর হোসাইন উরফে আমির হোসাইন। ২ ভাই ২ বোনের মধ্যে মিজান সবার ছোট। পেশায় ফাইন্যান্সিয়াল এনালিস্ট মিজান হোসাইন দুর্ঘটনার সময় নিজে



গাড়ি চালিয়ে কর্মস্থলে যাচ্ছিলেন। বুধবার বাদ জোহর নর্থাম্পটনের আল-জামাত উল মুসলিমিন অব বাংলাদেশ জামে মসজিদে মিজানের নামাজের জানাযা শেষে নর্থাম্পটনের টুসটার রোডে সেমিটারীতে দাফন করা হয়। জানাজায় বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশী অংশগ্রহণ করেন।

মিনিক্যাব ড্রাইভারদের জন্য সুখবর!!!

**100% Free ESOL courses for taxi drivers**

Eastend Training is an exam centre for over 50 courses including ESOL, Maths and ICT.

To book your ESOL exam please call **02070961188**

**EASTEND TRAINING**  
Home of Lifelong Learning

Training Venue:  
Osmani centre

- ESOL A1, A2, B1 & B2
- Food Hygiene Level: 1,2,3,& 4
- Health & Safety Level 1,2,3 & 4
- Child Protection & First Aid
- Immigration Home Inspection Report

Free Life in the UK courses available  
No pass no fee for trinity B1 courses  
Terms and conditions apply.

**M: 07539 316 742**

221 Whitechapel Road, (2nd Floor) London E1 1DE

শতাধিক ট্রেইনার ও  
ম্যানেজারের প্রশিক্ষক  
আবদুল হক চৌধুরী  
সার্বিক সহযোগিতায়  
প্রতিশ্রুতিবদ্ধ



ABDUL HAQUE CHOWDHURY






## Cheap International Calls

- No contract
- No hidden fees
- Keep your number
- View full call history
- Printed call statement on order
- Setup Call-Direct for easy dialing
- Share one account with many phone numbers

[simplecall.com](http://simplecall.com)  
02035 700 700



Download Free App



বৃটেনের  
যেখানে বাংলাদেশী  
সেখানেই আমরা

সাপ্তাহিক WEEKLY DESH

# দেশ

সত্য প্রকাশে আপোসহীন

Britain's first nationwide  
FREE Bengali newsweekly

আসছে নতুন আইন

## সৌদিতে বিপদে ৫০ লাখ প্রবাসী

দেশ ডেস্ক: সৌদি আরবের সরকার নতুন কিছু অভিবাসী আইন প্রণয়নের লক্ষ্যে এখন আলোচনা করছে। এর ফলে সে দেশে প্রায় ৫০ লাখ অভিবাসীর (প্রবাসীর) এক বিরাট অংশকে বহিষ্কার করা হতে পারে। আবার অনেকেই ভাগ্য খুলে যেতে পারে। নতুন আইন প্রণয়ন হলে বৈধভাবে বসবাসের তো সুযোগ পাবেনই, উপরন্তু সে দেশের নাগরিকত্ব পেয়ে যেতে পারেন।

সৌদি দৈনিক আল-হায়াতের এক খবরে বলা হয়েছে, সৌদি শুরা কাউন্সিল অবৈধ বাসিন্দাদের নির্মূল করার লক্ষ্য নিয়ে একটি বিশেষ



কমিশন গঠনের প্রশ্নে আলোচনা করছে। সৌদি আরবের অবৈধ অভিবাসী

সমস্যা সম্পর্কে এই কাউন্সিলের জন্য একটি রিপোর্ট তৈরি করেছেন কাউন্সিল সদস্য ড. সাদকা ফাদেল।

ভাগ্য খুলে  
যেতে পারে  
অনেকেরই

বিবিসির সাথে এক সাক্ষাৎকারে ড. ফাদেল বলছেন, হজ, উমরা কিংবা ভিজিটর ভিসা নিয়ে এশিয়া এবং আফ্রিকার নানা দেশে থেকে বিপুলসংখ্যক মানুষ সৌদি আরবে

পৃষ্ঠা ৩৮

## খাদিজা হত্যাচেষ্টা মামলায় বদরুলের যাবজ্জীবন

আদালতের এ রায়ে আমি খুশি- খাদিজা



সিলেট প্রতিনিধি: সিলেটে খাদিজা বেগম নাগিসকে কুপিয়ে হত্যাচেষ্টা মামলায় বদরুলের যাবজ্জীবন কারাদণ্ড দেওয়া হয়েছে। এছাড়া তাঁকে ৫ হাজার টাকা জরিমানা করা হয়েছে। অনাদায়ে আরও ২ মাসের কারাদণ্ড দেওয়া হয়েছে।

গত ৮ মার্চ বুধবার দুপুরে সিলেট

মহানগর দায়রা জজ আকবর হোসেন মুধা এ রায় ঘোষণা করেন। রায় ঘোষণার সময় মামলার একমাত্র আসামি বদরুল আলম আদালতে উপস্থিত ছিলেন।

আদালতের পিপি মিসবাহ উদ্দিন সিরাজ জানান, যুক্তিতর্ক উপস্থাপন শেষে বিচারক আকবর হোসেন মুধা

পৃষ্ঠা ৩৮

## বিজনেস রেইট বৃদ্ধি না করার আহ্বান ডাউনিং স্ট্রিটে মেয়র জন বিগসের পিটিশন হস্তান্তর



লন্ডন, ১৩ মার্চ: টাওয়ার হ্যামলেটসের মেয়র জন বিগস ৭ মার্চ ডাউনিং স্ট্রিটে এক পিটিশন হস্তান্তরকালে বিজনেস রেইট বাড়ানোর পরিকল্পনা বাতিলের জন্যে সরকারের প্রতি জোর দাবি

জানিয়েছেন। একই দাবিতে সেখানে এই কর্মসূচিতে অংশ নেন হেকনীর মেয়র ও ইস্ট এন্ড ট্রেইড গিল্ডস এর প্রতিনিধিবর্গ।

পৃষ্ঠা ৩৮

## আটটি যুদ্ধবিমান কিনছে বাংলাদেশ

ঢাকা, ৬ মার্চ : রাশিয়া থেকে এবার আটটি বহুমাত্রিক যুদ্ধবিমান কিনছে বাংলাদেশ। সে দেশের একটি শীর্ষস্থানীয় বিমান নির্মাতা প্রতিষ্ঠান আধুনিক প্রযুক্তির এই আটটি যুদ্ধবিমান সরবরাহ করতে পারে বলে জানা গেছে।

মস্কোভিত্তিক গবেষণা সংস্থা সেন্টার ফর অ্যানালাইসিস অব ওয়ার্ল্ড আর্মস ট্রেডের (সিএডব্লিউটি) এক প্রতিনিধির বরাত দিয়ে রাশিয়ার সরকারি বার্তা সংস্থা স্পুতনিক গত শুক্রবার 'রাশিয়ার ইউএসি বাংলাদেশে যুদ্ধ বিমান সরবরাহের কাজটি পেতে পারে' শীর্ষক প্রতিবেদনটি প্রচার করে। সিএডব্লিউটির একজন প্রতিনিধি স্পুতনিককে বলেন, আধুনিক প্রযুক্তির

পৃষ্ঠা ৩৮

## ইস্ট লন্ডন মসজিদের সাথে এসবিবিএস নেতৃবৃন্দের মতবিনিময়



লন্ডন, ১০ মার্চ : দ্যা সোসাইটি অব বৃটিশ-বাংলাদেশী সলিসিটর্স- (এসবিবিএস)-এর নবনির্বাচিত কমিটির নেতৃবৃন্দ বৃটেনের সর্ববৃহৎ ধর্মীয় প্রতিষ্ঠান ইস্ট লন্ডন মস্ক ও লন্ডন মুসলিম সেন্টারের

ম্যানেজমেন্ট কমিটির নেতৃবৃন্দের সাথে মতবিনিময় করেছেন। কমিউনিটি সংগঠনগুলোর নেতৃবৃন্দের সাথে ইস্ট লন্ডন মসজিদের সম্পৃক্ততা বৃদ্ধির

পৃষ্ঠা ৩৮

লন্ডনে অনুষ্ঠিত হলো তিনদিনব্যাপী ইসিও বিল্ডিং এক্সিবিশন ২০১৭

## একমাত্র বৃটিশ-বাংলাদেশী কোম্পানী 'জিটেক'র অংশগ্রহণ



৩শ স্টলে ৩৫ হাজার  
দর্শনার্থীর সমাগম

দেশ রিপোর্ট: বিগত বছরগুলোর ধারাবাহিকতায় এবারও ইউবিএম লিমিটেড এর উদ্যোগে লন্ডন এক্সপোলে অনুষ্ঠিত হলো তিনদিনব্যাপী ইসিও

পৃষ্ঠা ৩৮

বিয়ানীবাজার

## ব্যাংকের শহরের এ কি হাল?



তোফায়েল আহমদ:

বিয়ানীবাজারের পরিচিতি বিভিন্ন নামে। কেউ বলে দ্বিতীয় লন্ডন, কেউ বলে ব্যাংকের শহর। কেউ বলে মন্ত্রীর এলাকা। সব বিশেষণ যেন ঢাকা পড়েছে পৌর শহরের মধ্যে থাকা সবজি ও মাছের বাজারের কারণে। এটা কার লজ্জা? বিয়ানীবাজারবাসীর? নাকি

পৃষ্ঠা ৩৮



## সুষ্ঠু, নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠানের সকল কার্যক্রম গ্রহণ করবে ইসি : প্রধানমন্ত্রী



ঢাকা, ৮ মার্চ : প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বর্তমান নির্বাচন কমিশন ভবিষ্যতে তাদের অর্পিত সাংবিধানিক দায়িত্ব অনুযায়ী একটি সুষ্ঠু, নিরপেক্ষ ও গ্রহণযোগ্য নির্বাচন অনুষ্ঠানের সকল কার্যক্রম গ্রহণ করবে।

প্রধানমন্ত্রী বুধবার তার জন্য নির্ধারিত প্রশ্নোত্তর পর্বে সরকারি দলের মো.আয়েন উদ্দিনের এক প্রশ্নের জবাবে এ কথা বলেন। শেখ হাসিনা বলেন, সংবিধানের অনুচ্ছেদ ১১৮-এ নির্বাচন কমিশন প্রতিষ্ঠা এবং অনুচ্ছেদ ১১৯-এ নির্বাচন কমিশনের দায়িত্ব সম্পর্কে উল্লেখ রয়েছে। সংবিধানের অনুচ্ছেদ ১১৮ অনুযায়ী নির্বাচন কমিশন প্রতিষ্ঠা রাষ্ট্রপতির

এখতিয়ার। প্রধানমন্ত্রী বলেন, সম্প্রতি রাষ্ট্রপতি সংবিধানের উদ্দেশ্য পূরণকল্পে নিবন্ধিত রাজনৈতিক দলসমূহের সঙ্গে আলোচনার প্রেক্ষিতে প্রধান নির্বাচন কমিশনার ও অন্যান্য নির্বাচন কমিশনার নিয়োগের লক্ষ্যে ৬ সদস্য বিশিষ্ট একটি অনুসন্ধান কমিটি গঠন করেন।

শেখ হাসিনা বলেন, অনুসন্ধান কমিটির সুপারিশের প্রেক্ষিতে রাষ্ট্রপতি ১জন প্রধান নির্বাচন কমিশনার ও ৪ জন নির্বাচন কমিশনারের সমন্বয়ে নির্বাচন কমিশন গঠন করেছেন। তিনি বলেন, নবনিযুক্ত নির্বাচন কমিশন ইতোমধ্যে শপথের মাধ্যমে দায়িত্বভার গ্রহণ করেছেন।

## আন্তর্জাতিক নারী দিবস : অজেয় নারীদের গল্প

ঢাকা, ৮ মার্চ : লাঠিয়াল, তিরন্দাজ, ঘোড়সওয়ার-শব্দগুলো শুনলেই চোখের সামনে পুরুষের চেহারা ভেসে ওঠে। তবে রাজধানীর ছায়ানট মিলনায়তনে গতকাল এসব পরিচয় নিয়ে যাঁরা মঞ্চে উঠলেন, তাঁরা সবাই নারী। সবাই অজেয়। তাঁদের গল্পটা বিজয়ের, খেমে না থাকার।

এমন কিছু অজেয় উজ্জ্বল মুখ গত মঙ্গলবার আলো করে রেখেছিল ধানমন্ডির ছায়ানট ভবনের সুপারিসর মিলনায়তন। 'পরিবর্তন আনব, দৃঢ় থাকব' শিরোনামের এই আয়োজনে নারীরা শোনালেন তাঁদের বিজয়ের গল্প, জীবনযুদ্ধে জয়ী হওয়ার কথা। বাধাবিপত্তি পেরিয়ে এই নারীরা এগিয়ে গেছেন তাঁদের গন্তব্যের দিকে। আন্তর্জাতিক নারী দিবস সামনে রেখে আয়োজিত এই অনুষ্ঠানে এসেছিলেন নানা শ্রেণি-পেশার সফল নারীরাও। তারুণ্যের বিজয়ের কথা শুনে কখনো অতিথিরা হেসেছেন, কখনো আপুত হয়েছেন। হাসি-কান্না-আড্ডায় সফলতার গল্প শুনেছেন তাঁরা। মিলনায়তনের ভেতরে ঢোকান আগেই অতিথিরা ফুলের শুভেচ্ছায় সিক্ত হন। প্রথম আলোর পক্ষ থেকে অনুষ্ঠানে আসা বিভিন্ন ক্ষেত্রে সফল নারীদের শুভেচ্ছা ও অভিনন্দন জানানো হয়। অনুষ্ঠানে আসা বিভিন্ন ক্ষেত্রের সফল নারীরা বললেন, নারী-পুরুষকে একসঙ্গে চলতে হবে। যার যা প্রতিভা, সেটা বিকশিত হতে দিতে একে অপরকে সহযোগিতা করতে হবে। দুজনে সমান না হলে কেউই টিকে থাকতে পারবে না। কোনো উন্নয়নও স্থিতিশীল হবে না। প্রথম আলোর ফিচার সম্পাদক সুমনা শারমীনের সঞ্চালনায় অনুষ্ঠানের শুরুতে তরুণ শিল্পী অবন্তী সিং খালি গলায় ও শিশু দিয়ে শোনান 'যেখানে সীমান্ত তোমার' গানটি। তাঁর গাওয়া 'আমরা করব জয়' গানটির সঙ্গে কণ্ঠ মেলানেন সবাই। অবন্তীর গানের সঙ্গে বাদ্যযন্ত্র হিসেবে ছিল কয়েকটি কাপ। এরপর এলইডি পর্দায় দেখা গেল কৃষ্টিয়ার মেয়ে রুপস্বতী চৌধুরীর লাঠিখেলায় ভিডিও চিত্র। পারিবারিক সূত্র ধরে তিনি সাত বছর বয়সে হাতে ভুলে নেন লাঠি। লাঠিখেলা দিয়ে ক্রিকেটের মতো বিশ্ব জয় করতে চান

রুপস্বতী। তাঁকে ফুলেল শুভেচ্ছা জানান চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট পারভীন মাহমুদ। ঢাকায় আন্তর্জাতিক আচারি প্রতিযোগিতায় স্বর্ণজয়ী হীরা ও রৌপ্যজয়ী বন্যার গল্পটা তির-ধনুকের। তাঁরা তিরন্দাজ। বাবা-মা আস্থা রেখেছিলেন, বাইরে পাঠিয়েছেন। সেই আস্থার মর্যাদা দিতে তাঁরা এগিয়ে যেতে চান আন্তর্জাতিকভাবে। নওগাঁর এক নিভৃত গ্রামের বালিকা ঘোড়সওয়ার তাসমিনাকে নিয়ে গত বছর প্রথম আলোর পক্ষ থেকে একটি প্রামাণ্যচিত্র তৈরি করা হয়। প্রথম আলোর সহযোগী সম্পাদক আনিসুল হকের সার্বিক তত্ত্বাবধানে প্রামাণ্যচিত্রটি নির্মাণ করেন তানহা জাফরীন। এটি যখন মঞ্চে বড় পর্দায় দেখানো হয়, তখন মিলনায়তনে পিনপতন নীরবতা। তাসমিনা মঞ্চে এলে করতালির বাঁধি ঝরতে থাকে। আনিসুল হকের সঙ্গে কথোপকথনে তাসমিনা বলেন, প্রথম আলোর পক্ষ থেকে বড়সড় একটি ঘোড়া কিনে দেওয়া হয়েছে। পছন্দের ঘোড়া পেয়ে তাসমিনা ভীষণ খুশি। এখন সে সব খেলায় জিতবেই। তাসমিনা তার ঘোড়ার নাম রেখেছে 'প্রথম আলো'। এই মেয়েদের হাতে ফুল তুলে দেন মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি। লাঠিয়াল, তিরন্দাজ, বালিকা ঘোড়সওয়ারসহ অন্যদের দেখে মুগ্ধ হয়ে প্রতিমন্ত্রী বলেন, 'আমাদের বোনেরা কী না করতে পারে। সুযোগ পেলে যে আমাদের মেয়েরাও পারে, সেটি এই অনুষ্ঠানে প্রথম আলো দেখিয়ে দিয়েছে।' অনুষ্ঠানের একপর্যায়ে মঞ্চে আসেন হামিদা হোসেন, রওনক জাহান, সালমা খান, সালমা আলী, ওয়াহিদা বানু, মালেকা বেগম, সাদিয়া আফরিন মল্লিক ও অদিতি মহসিন। তাঁদের পাশে রেখেই দৃষ্টিপ্রতিবন্ধী সমাপ্তী রায় খালি গলায় শোনান 'তোরা যে যা বলিস ভাই...' গানের অংশবিশেষ। বান্দরবানের অং মাখাই চাক শোনালেন আলোকচিত্রী হিসেবে তাঁর প্রতিষ্ঠা পাওয়ার গল্প। সাদিয়া আফরিন মল্লিক ব্রতচারী সংগীত 'মানুষ হ, মানুষ হ...' এবং অদিতি মহসিন 'আমি তোমারি মাটির কন্যা' গানের কয়েকটি লাইন

গেয়ে শোনান। পরে মঞ্চে আসেন জাতীয় অধ্যাপক শাহলা খাতুনসহ বাংলাদেশ মহিলা পরিষদের নেত্রীবন্দ। প্রতিষ্ঠিত নারীদের শুভেচ্ছা বক্তব্য অনুপ্রাণিত করে সমাগতদের। অনুষ্ঠানে প্রথম আলো সম্পাদক মতিউর রহমান অ্যাসিডদন্ধ দুই নারী গাজীপুরের কাপাসিয়ার মারজিয়া আকতার ও বিনাইদহের কোটচাঁদপুর থানার মোসাম্মত শামীমার জীবনযুদ্ধে জয়ের কথা শোনান। অ্যাসিডদন্ধ নারীদের জন্য প্রথম আলো ট্রাস্ট সহায়ক তহবিলের শিক্ষাবৃত্তি পেয়ে শান্ত-মারিয়াম ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ টেকনোলজির ফ্যাশন ডিজাইনিং বিভাগ থেকে শামীমা স্নাতকোত্তর ডিগ্রি নিয়েছেন। মারজিয়া এইচএসসি বিজ্ঞান শাখায় উত্তীর্ণ হয়ে গাজীপুরের কাপাসিয়ার একটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষিকা হিসেবে যোগদান করেছেন। মতিউর রহমান বলেন, ২০০০ সালের ১৯ এপ্রিল প্রথম আলোর কর্মীদের এক দিনের বেতন মাত্র ৩২ হাজার টাকা দিয়ে অ্যাসিডদন্ধ নারীদের জন্য প্রথম আলো সহায়ক তহবিল গঠিত হয়। দিনে দিনে এই তহবিল বড় হতে থাকে। প্রথম আলো ট্রাস্ট সহায়ক তহবিল অ্যাসিড-সন্ত্রাসের শিকার নারীদের চিকিৎসা, আইনি সহায়তা ও পুনর্বাসন দিয়ে চলেছে। সব মিলিয়ে এ্যাবং ৪৫০ জন নারী প্রথম আলো সহায়ক তহবিলের সহায়তা পেয়েছেন। অনুষ্ঠানের শেষে গান গেয়ে শোনায় জলের গান। তাদের পরিবেশনায় এদিন নেতৃত্ব দেন বেহলাবাবদক নারী সদস্য শিউলী ভট্টাচার্য। 'এমন যদি হতো' গানটি শুরু করেন অবন্তী সিংখি। জলের গান শোনায় বেশ কয়েকটি গান। তাঁদের সবার গানের মধ্য দিয়েই শেষ হয় প্রথম আলোর নারী দিবসের অনুষ্ঠান। মঞ্চে আলোভরা মুখগুলোর সাফল্যের গল্প আর জলের গানের গান শুনে মুগ্ধতা নিয়ে মিলনায়তন থেকে বেরিয়ে একটা প্রশ্ন মাথায় ঘুরপাক খাচ্ছিল, প্রতিদিনের প্রতিমুহূর্তে নারী যে কৃতিত্বের ছাপ রাখছে, তাতে প্রতিটি দিনকেই কি 'নারী দিবস' হিসেবে চিহ্নিত করা যথাযথ নয়?

### Commonwealth Solicitors

### Areas we cover

<ol style="list-style-type: none"> <li>1. Immigration &amp; nationality</li> <li>2. Commercial property</li> <li>3. Family matters</li> <li>4. Civil litigation</li> <li>5. Money claim</li> <li>6. Conveyancing</li> <li>7. Landlord &amp; tenant</li> <li>8. Welfare</li> <li>9. Debt management</li> </ol>	<ol style="list-style-type: none"> <li>10. Miscellaneous                     <ol style="list-style-type: none"> <li>1. Attestation</li> <li>2. Power of attorney</li> <li>3. Deed poll</li> <li>4. Statutory declaration</li> <li>5. Will</li> </ol> </li> </ol>
---	--

#### Principal solicitors

1. Abu Mazid (Arif)
2. Sharif Md Nurul Amin

#### Fee earners

1. Shafiqul Islam
2. Md Atique Mahmud
3. Syed Enam Ahmmad

2nd Floor, 117 New Road  
London E1 1HJ, UK  
Tel: 0207 375 1274

Fax: 0207 247 9296  
Email: info@cwchambers.com  
Web: www.cwchambers.com

FOR LOCAL PEOPLE DISTANCE LEARNER ONSITE

### GREEN VISION TRAINING CENTRE, LONDON

২০১২ সাল থেকে কমিউনিটিতে সুপরিচিত গ্রীন ভিশন ট্রেনিং সেন্টার এর সেবা সমূহের মধ্যে রয়েছে:

- B1 (ISE 1) English courses for Private Hire Drivers
- B1 English courses for British citizenship and ILR
- A2 English courses for Spouse visa extension
- Property Inspection Report for Immigration Purpose
- Life in the UK Test Preparation & Training

Please Contact:  
Tel: 0203 129 2648 | Mob: 07912 351 329 / 07883 087 170  
Email: info@gvec.co.uk | Web: www.gvec.co.uk  
241A Whitechapel Road, 3rd Floor, Unit 2, (Above Ponchokhana Restuarant), London, E1 1DB

### LONDON TRAINING CENTRE

WE PROVIDE THE FOLLOWING COURSES

- FOOD HYGIENE
- HEALTH & SAFETY
- HEALTH AND SOCIAL CARE
- FIRST AID
- TEACHING ASSISTANT
- FIRE AWARENESS
- CUSTOMER SERVICE
- CSCS (Health & Safety for construction industry)
- REFRESHER COURSE

WE PROVIDE THE FOLLOWING SERVICES

- HOME INSPECTION REPORT FOR IMMIGRATION PURPOSES
- FIRE RISK ASSESSMENT
- GRANT / FUND MANAGEMENT CONSULTANCY AND APPLICATION

All courses are OCF (Ofqual) accredited and certified with quality training from experienced trainers

Call: 020 7377 5966 | 07961 064 965 Business Development Centre, UNIT 7  
7-5 Greatorex Street, London E1 5NF  
info@londontrainingcentre.com | www.londontrainingcentre.com





# London Enterprise Academy

A new free secondary school in  
Whitechapel offering:

- Small class sizes with strong discipline
- New modern classrooms with iPads for every student
- High quality teaching and learning
- Broad and balanced curriculum
- A menu of enrichment activities to choose from



Visit us for Year 7, 8 & 9 places

## Open days in March - 9.30am -12.00pm

Wednesday 15th March

Tuesday 21st March, Friday 24th March



London Enterprise Academy

Commercial Road, London E1 1RD

•T: 020 7426 0746 • E: info@londonenterpriseacademy.org

www.londonenterpriseacademy.org



# জেনেভায় অধিকার পর্যালোচনা অনুষ্ঠানে আইনমন্ত্রী আনিসুল জামায়াতের ভাগ্য আদালতের হাতে

ঢাকা, ৮ মার্চ : রাজনৈতিক দল হিসেবে জামায়াতে ইসলামী থাকবে কি না তা এখন বাংলাদেশের সর্বোচ্চ আদালতের সিদ্ধান্তের ওপর নির্ভর করছে। আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী আনিসুল হক গত মঙ্গলবার সন্ধ্যায় জেনেভায় জাতিসংঘ মানবাধিকার কমিটিতে এক প্রশ্নের উত্তরে এ কথা জানান।

ওই কমিটি মঙ্গলবার দ্বিতীয় ও শেষ দিনের মতো রাজনৈতিক ও নাগরিক অধিকারবিষয়ক আন্তর্জাতিক আইন (আইসিসিপিআর) বাস্তবায়নে বাংলাদেশের অগ্রগতি পর্যালোচনা করে। আর আনিসুল হক বাংলাদেশ প্রতিনিধিদলের নেতা হিসেবে এ দেশের অবস্থান তুলে ধরেন।

মন্ত্রী বলেন, আদালত রাজনৈতিক দল হিসেবে নির্বাচন কমিশনে জামায়াতের নিবন্ধন বাতিল করেছেন। এরপর দলটি ওই সিদ্ধান্ত পুনর্বিবেচনার আবেদন করেছে এবং তা এখন আদালতের বিবেচনামূলক।

মন্ত্রী বলেন, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালও স্পষ্ট বলেছেন, ১৯৭১ সালে জামায়াতে ইসলামী ও এর সদস্যরা যুদ্ধাপরাধে লিপ্ত ছিল। তিনি আরো বলেন, মুক্তচিন্তা বলতে যা বোঝায়, জামায়াতের অবস্থান তার ঠিক বিপরীত। 'বাংলাদেশ একদিকে ধর্মনিরপেক্ষ, আবার অন্যদিকে ধর্মীয় বিষয়কে উৎসাহিত করছে'—এমন জটিল সমীকরণ বিষয়ে মানবাধিকার বিশেষজ্ঞদের একজন আইনমন্ত্রীর কাছে এর ব্যাখ্যা জানতে চান। আনিসুল হক বলেন, ১৯৭২ সালের

১৬ ডিসেম্বর বাংলাদেশে যে সংবিধান কার্যকর হয়েছিল তার মূল চেতনা ছিল ধর্মনিরপেক্ষতা। ১৯৭৫ সালে বঙ্গবন্ধুকে সপরিবারে হত্যার পর ধর্মনিরপেক্ষতাকে সরিয়ে ধর্মীয় বিষয় যোগ করা হয়েছে, জামায়াতের মতো দলকে নতুন করে জন্ম দেওয়া হয়েছে।

নির্বাচন প্রসঙ্গে আইনমন্ত্রী বলেন, ২০১৪ সালে দশম জাতীয় সংসদ নির্বাচনের পর নির্বাচন কমিশন বেশ কিছু স্থানীয় নির্বাচন সফলভাবে সম্পন্ন করেছে। বাংলাদেশের সংবিধান অনুযায়ী, পাঁচ বছরের জন্য সরকার গঠিত হয়। ২০১৪ সালের জাতীয় নির্বাচন অনুষ্ঠান আবেশিক ছিল। তিনি বলেন, বিএনপি ওই নির্বাচন বর্জন করে জামায়াতকে সঙ্গে নিয়ে সহিংসতার পথ বেছে নেয়। নির্বাচনের আগে তারা পেট্রোলবোমা ছোড়ে, গণপরিবহনে হামলা চালায়। এর পরও জনগণ নির্বাচনে অংশ নিয়েছে।

এরপর নির্বাচন কমিশন সচিবালয়ের একজন প্রতিনিধি বলেন, ভোটাররা যাতে নির্বিঘ্নে ভোট দিতে পারে, সে জন্য ইসি পর্যাপ্তসংখ্যক আইন-শৃঙ্খলা রক্ষাকারী সদস্য নিয়োগ করে থাকে। দশম জাতীয় সংসদ নির্বাচনে অর্ধেকেরও বেশি আসনে প্রার্থীরা বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন। ১৯৭২ সালের আইন অনুযায়ী প্রতিদ্বন্দ্বী না থাকলে একমাত্র প্রার্থীকেই বিজয়ী ঘোষণার বিধান আছে।

মিয়ানমার থেকে আসা রোহিঙ্গাদের নোয়াখালীর ঠেঙ্গারচরে স্থানান্তর প্রসঙ্গে এক প্রশ্নের উত্তরে আইনমন্ত্রী বলেন, সীমাবদ্ধতা সত্ত্বেও বাংলাদেশ শরণার্থীদের

প্রত্যাহ্বান করেন। বর্তমানে এ দেশে ৩৩ হাজার মিয়ানমার শরণার্থী ও অনির্দিষ্ট তিন লাখ রোহিঙ্গা রয়েছে। এর পরও নতুন অনুপ্রবেশ থেমে নেই। তিনি বলেন, বাংলাদেশ তাদের পানিতে ছুড়ে ফেলবে না। ঠেঙ্গারচরকে বাসযোগ্য করে ও সেখানে প্রয়োজনীয় অবকাঠামো যেমন ঘরবাড়ি, মসজিদ, হাসপাতাল নির্মাণের পরই তাদের সেখানে পাঠানোর পরিকল্পনা করা হচ্ছে।

স্থানান্তরের জন্য রোহিঙ্গাদের সম্মতি নেওয়া হবে কি না জানতে চাইলে আইনমন্ত্রী ইতিবাচক মনোভাব প্রকাশ করেন। তিনি বলেন, বাংলাদেশ অনেক বোঝা বহন করেছে। এবার সময় এসেছে আন্তর্জাতিক সম্প্রদায়েরও সেই বোঝার অংশীদার হওয়ার। তিনি রোহিঙ্গা সমস্যা সমাধানে মিয়ানমারের ওপর আন্তর্জাতিক চাপ সৃষ্টির আহ্বান জানান।

বিডিআর বিদ্রোহের বিচারপ্রক্রিয়া প্রসঙ্গে আনিসুল হক বলেন, তিনি নিজেই এ বিচারে প্রধান কৌশলি ছিলেন। ২০০৯ সালে যখন এ বিদ্রোহ হয়েছিল তখন ক্ষমতাসীন সরকারের বয়স ছিল মাত্র দেড় মাসের কিছু বেশি। বিদ্রোহের সময় ৫৭ জন সেনা কর্মকর্তা ও ১৭ জন বেসামরিক নাগরিককে হত্যা করে মরদেহ লুকিয়ে রাখা হয়েছিল। তিনি বলেন, হত্যার সঙ্গে সম্পৃক্তদের ফৌজদারি আইনে আর বিদ্রোহের জন্য অন্যদের বিডিআর আইনে বিচার হয়েছে।

অভিযুক্তদের মধ্যে যারা ফেরারি তাদেরও আইনজীবী দেওয়া হয়েছে। তাই কোনোভাবেই বলার সুযোগ নেই, ভুল

বিচার হয়েছে।

আইনমন্ত্রী বলেন, মৃত্যুদণ্ডপ্রাপ্তরা উচ্চ আদালতে আপিল করেছেন। তার শুনানির জন্য প্রধান বিচারপতি তিনজন বিচারকের সমন্বয়ে একটি বেঞ্চ গঠন করে দিয়েছেন। এখন সেগুলোর শুনানি চলছে।

যুদ্ধাপরাধ ও মানবতাবিরোধী অপরাধের বিচারে গঠিত আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল প্রসঙ্গে আইনমন্ত্রী বলেন, এ আদালত রোম স্ট্যাটিউট ও আইসিসিপিআরের সঙ্গে পুরোপুরি সংগতিপূর্ণ। এ আদালতের বিচারপ্রক্রিয়া পুরোপুরি স্বচ্ছ। দেশি-বিদেশি সাংবাদিক, গবেষক, কূটনীতিক এ বিচারপ্রক্রিয়া পর্যবেক্ষণ করতে পারেন। এ আদালতে সাজাপ্রাপ্তরা আপিল করার সুযোগ পান। নুরেমবার্গ, টোকিও বিচারে এমন কোনো সুযোগ ছিল না।

সালিসের বিচারে দোররা মারা, জুতাপেটা, মাথার চুল কেটে দেওয়া, মৃত ব্যক্তিকে কবর দেওয়া বা সংকারে বাধা দেওয়ার মতো বিষয়ে আইনমন্ত্রী বলেন, তাঁর মন্ত্রণালয় থেকে সুস্পষ্ট নির্দেশনা পাঠানো হয়েছে। এ ধরনের শাস্তি দেওয়া বেআইনি। এটি যদি কেউ করে, তাহলে তাকে শাস্তি পেতে হবে।

মোবাইল কোর্ট বিষয়ে মন্ত্রী বলেন, 'অপরাধী দোষ স্বীকার করলে নির্বাহী ম্যাজিস্ট্রেটরা এ আদালতের মাধ্যমে সর্বোচ্চ দুই বছরের সাজা দিতে পারেন। দুই বছর আগে আমে ফরমালিন মেশানো বন্ধে আমরা মোবাইল কোর্টের মাধ্যমে ব্যবস্থা নিয়েছিলাম। এটি খুবই কাজে

# আসন ভাগাভাগির নির্বাচনে যাবে না বিএনপি : গয়েশ্বর



ঢাকা, ৮ মার্চ : নিবন্ধন বাতিলের ভয় দেখিয়ে লাভ নেই মন্তব্য করে বিএনপির স্থায়ী কমিটির সদস্য গয়েশ্বর চন্দ্র রায় বলেছেন, বিএনপি এবং খালেদা জিয়া ছাড়া দেশে কোনো নির্বাচন হতে দেয়া হবে না। এদেশের মানুষ প্রতারণা ও ভোটারবিহীন নির্বাচন আর চায় না।

বুধবার বিকেলে রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশনে ছাত্রদলের আলোচনা সভায় এসব বলেন। বিএনপির সিনিয়র ভাইস চেয়ারম্যান তারেক রহমানের ১১ কারাবন্দী দিবস উপলক্ষে এ সভা হয়। ছাত্রদল সভাপতি রাজিব আহসানের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক আকরামুল হাসানের পরিচালনায় আরো বক্তব্য রাখেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর, ড. খন্দকার মোশাররফ হোসেন, সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী, কেন্দ্রীয় নেতা ফজলুল হক মিলন, খায়রুল কবির খোকন, শহিদ উদ্দিন

চৌধুরি এ্যানি, এবিএম মোশাররফ হোসেন, কামরুজ্জামান রতন, শফিউল বারী বাবু, আব্দুল কাদের ভূইয়া জুয়েল প্রমুখ।

গয়েশ্বর বলেন, যারা বিএনপিকে নির্বাচনে আনতে নানা ধরনের কথা বলছেন তা অমূলক। কোনো আসন ভাগাভাগির নির্বাচনে বিএনপি অংশ নেবেনা। কারো দয়ায় বিএনপি রাজনীতি করেনা।

তিনি বলেন, নির্বাচনে বিএনপিকে কিছু আসন দিয়ে আগামী নির্বাচনে যাবে বিএনপি। কিন্তু জনগণ যখন বিএনপিকে নির্বাচনে চাইবে তখনই অংশ নেবে। কারণ জনগণই বিএনপির সাথে ও খালেদা জিয়ার সাথে আছে। দেশের সার্বভৌমত্ব নিয়ে ছিনিমিন খেলার অধিকার প্রধানমন্ত্রীর নেই বলে তিনি মন্তব্য করেন। এসময় দলের সর্বস্তরের নেতৃবৃন্দকে খালেদা জিয়ার মতো একই সুরে কথা বলার আহ্বান জানান গয়েশ্বর।

## একাউন্টেন্ট প্রয়োজন?

তাহলে আর দেরী নয়, একাউন্টিং জপতে আমরাই বিশ্বস্ত



**HM Revenue & Customs**  
Registered Agent With HM Revenue & Customs

**Direct Line: 07528 118 118**  
**07428 247 365**  
T 02034117843

**69 Vallance Road**  
**London E1 5BS**



Mr. Abul Hyat Nurujjaman

We are registered licence holder in public practice

E: info@tajaccountants.co.uk  
W: www.tajaccountants.co.uk

# ঐতিহাসিক ৭ মার্চ পালিত

ঢাকা, ৭ মার্চ : ঐতিহাসিক ৭ মার্চ। বাঙালি জাতির মুক্তি সংগ্রামের ইতিহাসে অবিস্মরণীয় একটি দিন। ১৯৭১ সালের এই দিনে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঢাকার রমনা রেসকোর্স ময়দানের (বর্তমান সোহরাওয়ার্দী উদ্যান) জনসভায় ঐতিহাসিক ভাষণে স্বাধীনতার ডাক দিয়েছিলেন। সেদিন 'এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম'- এই দৃষ্ট উচ্চারণে পাকিস্তানের নিষেধপতনে থেকে বাঙালির মুক্তির মূলমন্ত্র ঘোষণা করেছিলেন বঙ্গবন্ধু।

দিনটি উপলক্ষে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাণী দিয়েছেন। পৃথক বাণীতে দিনটিকে বাঙালির ইতিহাসের এক গৌরবময় অধ্যায় হিসেবে অভিহিত করেন তারা।

৭ মার্চের উত্তাল সেই দিনে তৎকালীন পূর্ব পাকিস্তানের রাজধানী ঢাকা ছিল মিছিলের শহর। ঢাকাসহ দেশের বিভিন্ন প্রান্ত থেকে দলে দলে মানুষ হেঁটে, বাস-লঞ্চে কিংবা ট্রেনে চেপে রেসকোর্স ময়দানে সমবেত হয়েছিলেন। বঙ্গবন্ধুর ভাষণ শুনতে আসা মানুষের ভিড়ে সেদিন রেসকোর্স ময়দান রূপ নিয়েছিল জনসমুদ্রে। সেদিন বিকেল

৩টা ২০ মিনিটে সাদা পাজামা-পাজাবি আর হাতাকাটা কালো কোট পরে বঙ্গবন্ধু দৃষ্টপায়ে মাঞ্চে উঠে দাঁড়ান মাইকের সামনে। আকাশ-কাঁপানো স্লোগান আর মুহূর্ত্ত কবতালির মধ্যে হাত নেড়ে অভিনন্দন জানান অপেক্ষমাণ জনসমুদ্রের উদ্দেশে। তার পর শুরু করেন তার ঐতিহাসিক ভাষণ। কবিতার পঙ্ক্তি উচ্চারণের মতো তিনি বলেন, 'তোমাদের যা কিছু আছে, তাই নিয়ে প্রস্তুত থাকো। মনে রাখবা, রক্ত যখন দিয়েছি, রক্ত আরও দেব- এ দেশের মানুষকে মুক্ত করে ছাড়ব ইনশাআল্লাহ। এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম-এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম। জয় বাংলা।'

মাত্র ১৮ মিনিটের এই ভাষণের মধ্য দিয়ে বঙ্গবন্ধু বাঙালি জাতিকে তুলে আনেন অবিশ্বাস্য এক উচ্চতায়। এতে সামরিক আইন প্রত্যাহার, সেনাবাহিনীর ব্যারাকে প্রত্যাবর্তন, শহীদদের জন্য ক্ষতিপূরণ ও জনপ্রতিনিধিদের কাছে ক্ষমতা হস্তান্তরের চার দফা দাবি উত্থাপন করেন তিনি। এ ভাষণই সংশ্লিষ্ট থাকা বাঙালির চোখে জ্বালিয়ে দিয়েছিল স্বপ্নের অমর জ্যোতি। এই ভাষণের পথ ধরে ২৬ মার্চের প্রথম প্রহরে বঙ্গবন্ধু স্বাধীনতা ঘোষণা করেন।

## FROM LEADING MAJOR INSURANCE COMPANY

### 'E3 CHEAP CAR INSURANCE BROKER'!!!

**Paying too much?**

Example, আমাদের অনেক কাস্টমার ৪/৫ বছরের No Claim Bonus + Clean Licence থাকা সত্ত্বেও আগে অন্যখানে মাসে ১২০-১৪০ পাউন্ড দিচ্ছেন সেখানে বর্তমানে একই কারের জন্য তারা আমাদের সাহায্যে মাসে ২৭-৩৫ পাউন্ড খরচ করছেন।

**Serving for last 8 years**

আপনার Payment+ paper work + certificate + যোগাযোগ সরাসরি Main insurance co - এর সাথে, broker- এর সাথে নয়। আমরা আপনার বর্তমান Insurance payment amount থেকে up-to ২/৩ অংশ কমিয়ে মাসে Direct Debit -এর মাধ্যমে কম খরচে insurance করিয়ে দিয়ে থাকি।

Your insurance will be updated in MID (Motor Insurance Database) [www.askmid.com](http://www.askmid.com)

**(We do not help CAB/TRADE Insurance)**

**TO GET A QUOTE Please Call (Mon-Sat 9am-8pm)**

Mr. Ali : 07950 417 360 (T-Mobile), Tel: 02081 230 430, Fax: 02078 060 776  
Email: cheapquote@hotmail.co.uk, Suite 10, 219 Bow Road, London E3 2SJ  
[www.facebook.com/e3cheapcarinsurancebroker](http://www.facebook.com/e3cheapcarinsurancebroker)  
[www.sites.google.com/site/e3cheapcarinsurancebroker](http://www.sites.google.com/site/e3cheapcarinsurancebroker)  
(Please find us in you tube and Google by typing (e3 cheap car insurance broker))

## Removal Service

**removal24.co.uk**

ম্যান ও ভ্যান রিমোভাল এর জন্য যোগাযোগ করুন



# Man & Van



**Call: 07508 393 243**

ST- is-04-cont



# হুমাম কাদের চৌধুরীর জামিন

ঢাকা, ৮ মার্চ : তথ্যপ্রযুক্তি আইনে দায়ের করা মামলায় জামিন পেয়েছেন বিএনপি নেতা হুমাম কাদের চৌধুরী। উচ্চ আদালতের নির্দেশে হুমাম কাদের চৌধুরী বুধবার ঢাকার সিএমএম আদালতে হাজির হয়ে স্বেচ্ছায় আত্মসমর্পণ করে জামিন চান। হাকিম মাহমুদুল হাসান শুনানি শেষে তার জামিন মঞ্জুর করেন। এ মামলায় গত বছরের ২২ নভেম্বর বিচারপতি এম ইনায়েতুল রহিম ও বিচারপতি জে বি এম হাসানের হাইকোর্ট বেঞ্চ স্বতঃপ্রণোদিত হয়ে সালাউদ্দিন কাদের চৌধুরীর ছেলে ও স্ত্রী ফারহাত কাদের চৌধুরীকে আদেশের অনুলিপি পাওয়ার ছয় সপ্তাহের মধ্যে আত্মসমর্পণ করার নির্দেশ দেন। আত্মসমর্পণ করলে তাদের জামিন বিবেচনা করতে বিচারিক আদালতকে বলা হয়।

দীর্ঘ সাত মাস পর বৃহস্পতিবার বাসায় ফেরেন বিএনপি নেতা হুমাম কাদের চৌধুরী। গত বছরের ৪ আগস্ট রাজধানীর আদালত পাড়া থেকে তুলে নেয়া হয় মানবতাবিরোধী অপরাধ ট্রাইব্যুনালের রায়ে ফাঁসির দণ্ডপ্রাপ্ত সালাউদ্দিন কাদের চৌধুরীর ছেলে হুমাম কাদের চৌধুরীকে। একটি মামলায় তিনি এবং তার মা আদালতে গিয়েছিলেন হাজিরা দিতে। সেখানে গাড়ি থেকে নামার পরেই সাদা পোশাকধারীরা তাকে তুলে নিয়ে যায়। ডিবি পুলিশ পরিচয়ে তাকে তুলে নেয়া হয়েছিল বলে ওই সময় অভিযোগ করেন হুমামের আইনজীবীরা। ওই সময় থানায় সাধারণ ডায়েরি করতে গেলেও পুলিশ সেটি গ্রহণ করেনি বলে অভিযোগ



রয়েছে। সে থেকেই নিখোঁজ ছিলেন হুমাম কাদের চৌধুরী।

উল্লেখ্য-তথ্যপ্রযুক্তি আইনে দায়ের করা মামলায় গত বছরের ১৫ সেপ্টেম্বর সালাউদ্দিন কাদের চৌধুরীর স্ত্রী ও ছেলেকে খালাস দিয়ে আইনজীবীসহ পাঁচজনকে কারাদ- দেন আদালত। ওই মামলায় সাজার আদেশ পাওয়া এক আসামির আপিলের গ্রহণযোগ্যতার শুনানিতে বিচারপতি ইনায়েতুল রহিম ও বিচারপতি জেবিএম হাসানের বেঞ্চ ২২ নভেম্বর স্বপ্রণোদিত হয়ে রুল জারি করেন। রুলে সালাউদ্দিন কাদের চৌধুরীর স্ত্রী ও ছেলেকে খালাসের রায় বাতিল করে কেন তাদের যথাযথ সাজা দেয়া হবে না তা জানতে চাওয়া হয়। একই সঙ্গে আদালত আগামী চার সপ্তাহের মধ্যে রাষ্ট্রপক্ষকে রুলের জবাব দিতে বলেন। আদেশের অনুলিপি হাতে পাওয়ার ছয় সপ্তাহের মধ্যে সালাউদ্দিন কাদের চৌধুরীর স্ত্রী ফারহাত কাদের চৌধুরী ও ছেলে হুমাম কাদের চৌধুরীকে আত্মসমর্পণ করতে নির্দেশ দেন

হাইকোর্ট। অতঃপর এ মামলায় ফারহাদ কাদের চৌধুরী নি আদালতে আত্মসমর্পণ করে জামিন লাভ করেন। আজ এ মামলায় হুমাম কাদের চৌধুরী আত্মসমর্পণ করে জামিন লাভ করেন।

উল্লেখ্য, গত বছরের ১৫ সেপ্টেম্বর সালাউদ্দিন কাদের চৌধুরীর যুদ্ধাপরাধের রায়ে ফাঁসির ঘটনায় তার স্ত্রী ও ছেলেকে খালাস দিয়ে আইনজীবীসহ পাঁচজনকে কারাদণ্ড দেন আদালত। এর মধ্যে ট্রাইব্যুনালে সালাউদ্দিন কাদের চৌধুরীর আইনজীবী ফখরুল ইসলামকে ১০ বছরের কারাদণ্ড, সেই সঙ্গে এক কোটি টাকা জরিমানা করা হয়। আর সালাউদ্দিন কাদের চৌধুরীর ম্যানেজার মাহবুবুল আহসান, ফখরুলের সহকারী মেহেদী হাসান, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের কর্মচারী নয়ন আলী ও ফারুক হোসেনকে দেয়া হয় সাত বছরের কারাদণ্ড। পাশাপাশি তাদের প্রত্যেককে ১০ হাজার টাকা করে জরিমানা করা হয়। জামিনে থাকা ফারহাত কাদের চৌধুরী রায়ের সময় আদালতে উপস্থিত হন। আর তার ছেলে হুমাম কাদের চৌধুরীকে পলাতক দেখিয়েই আদালত রায় ঘোষণা করেন, যদিও পরিবারের দাবি, তাকে আইন-শৃঙ্খলা বাহিনী গত আগস্টের শুরুতে তুলে নিয়ে যায়। তথ্যপ্রযুক্তি আইনের এ মামলায় দুপক্ষের যুক্তিতর্কের শুনানি শেষ হয় গত বছরের ৪ আগস্ট। সেদিন শুনানিতে হাজির না থাকায় সালাউদ্দিন কাদেরের ছেলে হুমাম কাদের চৌধুরীর বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি আদেশ হয়।



Please visit the ZEETEC stand at ecobuild. Stand No. C182



## ZEETEC

Double Protection Magnetic Filter For Boilers

COMING SOON!



See the Zeetec Model 2 launch at ecobuild



- High quality 22mm service valve.
- Built with an angle for maximum efficiency in flow.
- Drainage valve and key which is easy to use and makes it a product that can be maintained by a layman.
- Strong magnet which will attract any magnetic metals which manages to pass through the 80microns gaps of the mesh.

Zeetec Model 1 (black colour), only £55 including VAT and shipping.

Order online at [www.zeetec.org](http://www.zeetec.org)

or enclose a cheque or postal order for qty  and amount of £  crossed and made payable to Zeetec Ltd.

Post to: Zeetec Ltd, 85 Myrdle Street, London E1 1HL

Name	
Address	
Postcode	
Phone	
Email	

AGENTS REQUIRED NATIONWIDE

For more details email [info@zeetec.org](mailto:info@zeetec.org)

## WESTMINSTER LAW CHAMBERS



ব্যারিস্টার আহমেদ এ মালিক  
সুদীর্ঘ ২৬ বছরেরও বেশি সময় ধরে  
আইনী সেবা দিয়ে আসছেন।

FOR FAST, FRIENDLY & PROFESSIONAL SERVICES

### PROPERTY LAW

- ব্যবসা ও লীজ ক্রয় বিক্রয়
- বাড়িঘর ট্রান্সফার
- ল্যান্ডলর্ড ও টেন্যান্ট সমস্যা
- বাংলাদেশে সম্পত্তি নিয়ে বিরোধ

### FAMILY LAW

- ডিভোর্স, প্রপার্টি ও আর্থিক বিষয়
- বাচ্চাদের বিষয়
- ইসলামিক তালাক
- যেকোন ধরনের কেইস

### IMMIGRATION LAW

- ইমিগ্রেশন সমস্যা যত জটিল হোক না কেন
- সব ধরনের APPLICATIONS, APPEALS, JUDICIAL REVIEW
- EU SETTLEMENT & CITIZENSHIP
- কাজে গ্রেফতার হলে জামিনে মুক্তির ব্যবস্থা
- LITIGATION

### BUSINESS LAW

- Company, Commercial, পার্টনারশীপ ও অন্যান্য Civil Cases
- Motoring & Other Criminal Cases
- সব ধরনের এফিডেভিড, পাওয়ার অব এটার্ণি ও Statutory Declarations

243A WHITECAPEL ROAD, LONDON, E1 1DB  
TEL: 020 7247 8458

Email: [info@westminsterchambers.com](mailto:info@westminsterchambers.com)  
[www.westminsterchambers.com](http://www.westminsterchambers.com)

Mobile: 077 1347 1905







## সরকারকে কার্যকর উদ্যোগ নিতে হবে বাংলাদেশে ইন্টারনেট-বঞ্চিত ১৪ কোটি মানুষ

ইকোনমিস্ট ইন্টেলিজেন্স ইউনিট ও ইন্টারনেট ডট ওআরজির এক প্রতিবেদনে বাংলাদেশে ইন্টারনেট ব্যবহারকারীদের সংখ্যা নিয়ে যে তথ্য প্রকাশ করা হয়েছে, তা হতাশাজনক। ওই প্রতিবেদনে বলা হয়েছে, বাংলাদেশে ইন্টারনেট থেকে বঞ্চিত মানুষ আছে ১৪ কোটি ১৫ লাখ। সেই হিসাবে ইন্টারনেট থেকে বঞ্চিত একক দেশ হিসেবে বাংলাদেশের অবস্থান বিশ্বে পঞ্চম। আর ইন্টারনেট ব্যবহারের দিক থেকেও বাংলাদেশের অবস্থান খুব একটা ভালো নয়। ৭৫টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ৬৪তম।

অথচ বাংলাদেশ সরকারের হিসাব অনুযায়ী, এ দেশে ইন্টারনেট ব্যবহারকারীর সংখ্যা বর্তমানে ৬ কোটি ৭০ লাখ, যা দেশের মোট জনসংখ্যার ৪০ শতাংশ। আর গবেষণার হিসাব বিবেচনায় নিলে বাংলাদেশের ১৬ কোটি জনসংখ্যার মাত্র ১৩ শতাংশ

ইন্টারনেট ব্যবহার করে।

বর্তমান সরকার যেখানে ২০২১ সালের মধ্যে দেশকে পুরোপুরি ডিজিটালে রূপান্তরের চিন্তাভাবনা করছে, সেখানে ইন্টারনেট ব্যবহারের ক্ষেত্রে এই দৈন্য কিছুতেই মেনে নেওয়া যায় না। একটি দেশের ১৬ কোটি মানুষের মধ্যে যদি ১৪ কোটি ১৫ লাখ মানুষ ইন্টারনেট-বঞ্চিত থাকে, সে দেশ আর যা-ই হোক ডিজিটাল দেশে রূপান্তরিত হতে পারবে না। সরকারকে এ ব্যাপারে এখনই তৎপর হতে হবে। আর সরকারের হিসাব আর বাইরের গবেষণার হিসাবের এই গরমিল কেন? কোন হিসাবটি ঠিক কিংবা বেঠিক? তারচেয়ে গুরুত্বপূর্ণ হলো প্রায় ৭ কোটি মানুষ ইন্টারনেট ব্যবহার করে-এটা ভেবে আত্মতৃপ্তির সুযোগ নেই। কেউ বছরে একদিন ইন্টারনেট ব্যবহার করলে তিনি হিসাবের আওতায় এসে গেলেন। কিন্তু তাতে ডিজিটাল বা প্রযুক্তিনির্ভর

বাংলাদেশ প্রতিষ্ঠার স্বপ্ন পূরণ হবে না।

আমাদের দেশে মোবাইল ব্যবহারকারীর সংখ্যা ১৩ কোটির কিছু বেশি। কিন্তু মোবাইল ফোনে ইন্টারনেট ব্যবহারের খরচ বেশি। এ কারণে লোকজন মোবাইলে ইন্টারনেট ব্যবহারে উৎসাহিত হয় না। ইন্টারনেটের অনেক বিষয় বাংলা ভাষায় নয়। এ কারণে অনেকে ইন্টারনেট ব্যবহার করে না। এ ছাড়া দেশের বিরাটসংখ্যক মানুষ ইন্টারনেটে কেবল ফেসবুক, ইউটিউব ও গেমস চালায়, কোনো উৎপাদনশীল কাজ বা লেখাপড়ার কাজে ইন্টারনেটের ব্যবহার কম। ফেসবুক, ইউটিউব এগুলো মানুষকে বেশি দিন ইন্টারনেটে ধরে রাখতে পারে না। সরকারকে ইন্টারনেটভিত্তিক ই-কমার্স, ইন্টারনেটভিত্তিক পড়াশোনা ইত্যাদি চালু করতে হবে। তবেই ইন্টারনেট ব্যবহারকারীর সংখ্যা বাড়বে।

## নির্বাচন কমিশন কি চ্যালেঞ্জ নিতে পারবে?

### বদিউল আলম মজুমদার

গত ৮ ফেব্রুয়ারি মহামান্য রাষ্ট্রপতি সাবেক সচিব কে এম নুরুল হুদাকে প্রধান নির্বাচন কমিশনার করে পাঁচ সদস্যের নির্বাচন কমিশন গঠন করেছেন। নবগঠিত কমিশন বহুমুখী চ্যালেঞ্জের মুখোমুখি, যেগুলোর কার্যকরভাবে মোকাবিলা তাঁদের সফল করবে। প্রধান চ্যালেঞ্জগুলো হলো:

কমিশনারদের সংখ্যা: রকিবউদ্দীন কমিশনের আগে কোনো কমিশনেই তিনজনের বেশি সদস্য ছিলেন না এবং তিনজনও অনেক সময় একত্রে কাজ করতে পারেননি। তিনজনের মধ্যে সমন্বয় করা যত সহজ, পাঁচজনের ক্ষেত্রে তা অনেক বেশি দুর্লভ। বৃহত্তর স্বার্থের কথা চিন্তা করে আশা করি নবগঠিত কমিশন এ চ্যালেঞ্জ কাটিয়ে উঠতে পারবে।

কমিশনের স্বাধীনতা ও নিরপেক্ষতা: ২০০৮ সালে কমিশনের সচিবালয় প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে বিযুক্ত করা হয়। আমাদের সংবিধানেও কমিশনের স্বাধীনতার নিশ্চয়তা দেওয়া হয়েছে। তবে আইনি বিধানের মাধ্যমে স্বাধীনতা নিশ্চিত করা যায় না। কমিশন নিরপেক্ষ হলেই সব দলের জন্য নির্বাচনী মাঠ সমতল হবে, কমিশন জনগণের আস্থা অর্জন করবে এবং সবাই নির্বাচনে অংশ নেবে। আর প্রতিদ্বন্দ্বিতামূলক নির্বাচন না হলে এবং ভোটারদের সামনে বিকল্প না থাকলে তাকে নির্বাচন বলা যায় না। কারণ, 'নির্বাচন' মানেই বিকল্পের মধ্য থেকে বেছে নেওয়া। এ ছাড়া, কমিশনের সাংবিধানিক দায়িত্ব শুধু নির্বাচন করাই নয়, বরং যথাসময়ে সুষ্ঠু, নিরপেক্ষ, শান্তিপূর্ণ তথা গ্রহণযোগ্য নির্বাচন অনুষ্ঠান।

শ্রেণিকর্মকর্তা নিয়োগ: নির্বাচন কমিশন নিয়োগ বিধিমালায় কমিশনের সচিব থেকে শুরু করে জেলা নির্বাচনী কর্মকর্তা পদে সরকারি কর্মকর্তাদের শ্রেণিতে বদলি করার বিধান রয়েছে। আর শ্রেণির মাধ্যমে সরকার পক্ষপাতদুষ্ট ব্যক্তিদের কমিশনের কর্মকর্তা হিসেবে নিয়োগ দেওয়ার অপচেষ্টায় লিপ্ত হতে পারে, যা অতীতে ঘটেছে। তাই কমিশনের জন্য নতুন ক্যাডার সৃষ্টি করা আবশ্যিক।

সংস্কার কার্যক্রম অব্যাহত রাখা: শামসুল হুদা কমিশনের নেতৃত্বে আমাদের নির্বাচনী ব্যবস্থার ব্যাপক সংস্কার সাধিত হয়েছিল, যেগুলো প্রণয়নের ক্ষেত্রে সূজন কমিশনকে গুরুত্বপূর্ণ সহযোগিতা প্রদান করেছিল। নবম জাতীয় সংসদ নির্বাচনের প্রাক্কালে প্রণীত 'দিনবদলের সনদে' আওয়ামী লীগ নির্বাচনী সংস্কারপ্রক্রিয়াকে অব্যাহত রাখার অঙ্গীকার করেছিল। রকিবউদ্দীন কমিশন এ ব্যাপারে কোনো উদ্যোগই নেয়নি। নবগঠিত কমিশনের সামনে আরেকটি চ্যালেঞ্জ হলো সংস্কার কার্যক্রম অব্যাহত রাখা।

আইনি কাঠামোতে পরিবর্তন: সংস্কার কার্যক্রম অব্যাহত রাখতে হলে আইনি কাঠামোতে কিছু গুরুত্বপূর্ণ পরিবর্তন আনতে হবে। যেমন: (১) 'না-ভোট'-এর বিধানের পুনঃপ্রবর্তন; (২) মনোনয়নপত্র অনলাইনে দাখিলের বিধান; (৩) সংসদের সংরক্ষিত আসনের নির্বাচনে মনোনয়নপত্রের

সঙ্গে হলফনামা ও আয়কর বিবরণী দাখিলের বিধান; (৪) স্থানীয় সরকার নির্বাচন অনুষ্ঠানের দায়িত্ব নির্বাচন কমিশনকে প্রদান; (৫) রাজনৈতিক দলের প্রাথমিক সদস্যদের নাম ওয়েবসাইটে প্রকাশ ও নিয়মিত হালনাগাদ করার বাধ্যবাধকতা সৃষ্টি ইত্যাদি।

আইনের প্রয়োগ: সুষ্ঠু নির্বাচনের জন্য বিধিবিধানের সংস্কার করলেই হবে না, সেগুলো কঠোরভাবে প্রয়োগও করতে হবে। যেমন, সংসদ নির্বাচনে মনোনয়নের জন্য তৃণমূল থেকে প্যানেল তৈরির বিদ্যমান আইনি বাধ্যবাধকতা প্রায় সব দলই উপেক্ষা করে আসছে। নিবন্ধনের শর্ত হিসেবে রাজনৈতিক দলগুলোর অঙ্গ ও সহযোগী সংগঠন বিলুপ্ত করার বিধানের প্রতিও দলগুলো ভ্রক্ষেপ করছে না। এ ছাড়া নিবন্ধিত রাজনৈতিক দলের বিদেশি শাখার ওপর নিষেধাজ্ঞাও দলগুলো মানছে না। প্রার্থী ও তাঁদের পৃষ্ঠপোষকেরা মানছেন না নির্বাচনী আচরণবিধিও। কমিশন প্রায় সব ক্ষেত্রেই নির্বিচার।

দশম সংসদ নির্বাচনের প্রাক্কালে ৮৭টি নির্বাচনী এলাকায় সীমানা পুনর্নির্ধারণ করা হয়েছে এবং এর ফলে ভোটার সংখ্যায় অসমতা আরও বেড়েছে। উদাহরণস্বরূপ, নির্বাচনী এলাকার সীমানা পুনর্নির্ধারণের পর ২০০৮ সালে যেখানে গড় ভোটার সংখ্যার ২১ শতাংশের মধ্যকার আসনসংখ্যা ছিল ৮৩, সেখানে ২০১৪ সালে তা এসে দাঁড়িয়েছে ১০২টিতে। মনোনয়ন: ২০০৮ সালে অধ্যাদেশ আকারে জারি করা আরপিওতে তৃণমূল পর্যায়ের নেতা-কর্মীদের মতামতের ভিত্তিতে প্রতিটি সংসদীয় আসনের জন্য একটি প্যানেল তৈরি করার এবং সেটি থেকে কেন্দ্রীয় মনোনয়ন বোর্ড মনোনয়ন দেওয়ার বিধান ছিল। নবম সংসদ কর্তৃক অধ্যাদেশটি সংশোধনের ফলে মনোনয়ন বোর্ডকে আর তৃণমূলে তৈরি প্যানেল থেকে মনোনয়ন দিতে হবে না, প্যানেলটি বিবেচনায় নিতে হবে মাত্র। তাই সংসদ নির্বাচনে উড়ে এসে জুড়ে বসার সমস্যা রয়েছে।

প্রতিষ্ঠিত হয়।

রাজনৈতিক দলের অর্থের উৎস: রাজনৈতিক দুর্বৃত্তায়নের একটি বড় চালিকাশক্তি হলো রাজনৈতিক দলের অর্থায়ন। তাই রাজনৈতিক দলের অর্থের উৎসের স্বচ্ছতা নিশ্চিত করাও জরুরি। প্রসঙ্গত, প্রতিবেশী ভারতে এ ব্যাপারে ইতিমধ্যেই কিছু পদক্ষেপ নেওয়া হয়েছে।

নির্বাচনী বিরোধ মীমাংসা: সুষ্ঠু নির্বাচন নিশ্চিত করতে হলে নির্বাচনী বিরোধের দ্রুত মীমাংসা হওয়া আবশ্যিক। কিন্তু আমাদের দেশে প্রায় নির্বাচনী মামলাই সংসদের মেয়াদ শেষ হওয়ার আগে নিষপত্তি হয় না, যা নির্বাচনী অপরাধকেই উৎসাহিত করে। এ লক্ষ্যে বিশেষ ট্রাইব্যুনাল গঠন করা যেতে পারে।

সহিংসতা রোধ: শামসুল হুদা কমিশনের সময়ে নির্বাচনী সহিংসতা ছিল না বললেই চলে। কিন্তু রকিবউদ্দীন কমিশনের মেয়াদকালে নির্বাচনী সহিংসতা বেসামাল পর্যায়ে পৌঁছায়। যেমন, গত ইউনিয়ন পরিষদ নির্বাচনে ১৫০ জন নিহত হয়েছেন। তাই নতুন নির্বাচন কমিশনকে নির্বাচনী সহিংসতা রোধেও কার্যকর উদ্যোগ নিতে হবে।

আইন ও বিধিবিধানের প্রতি শ্রদ্ধাশীলতা: রকিবউদ্দীন কমিশন আইনকানূনের প্রতি চরম উদাসীনতা প্রদর্শন করেছে। উদাহরণস্বরূপ, ভোটার তালিকা হালনাগাদের ক্ষেত্রে যে কয়েকটি সুস্পষ্ট আইনি বাধ্যবাধকতা রয়েছে, তার সবগুলোই রকিবউদ্দীন কমিশন অমান্য করেছে (প্রথম আলো, ৭ সেপ্টেম্বর ২০১৫)। এমনকি দায়িত্ব পালনে ব্যর্থতার জন্য তাঁদের উচ্চ আদালতে ক্ষমা প্রার্থনাও করতে হয়েছে। এদিকেও কমিশনের নজর দিতে হবে।

আইন প্রণয়ন: সাংবিধানিক নির্দেশনা সত্ত্বেও, নির্বাচন কমিশনে নিয়োগসংক্রান্ত কোনো আইন আমাদের নেই। শামসুল হুদা কমিশন এ লক্ষ্যে একটি আইনের খসড়া তৈরি করে রেখে গিয়েছে, যেটি সম্পর্কে রকিবউদ্দীন কমিশন কোনো রকম আগ্রহই দেখায়নি। ভবিষ্যতে কমিশনে নিয়োগে বিতর্ক এড়ানোতে স্বার্থসংশ্লিষ্ট সবার সঙ্গে আলাপ-আলোচনার ভিত্তিতে নতুন কমিশনকে আইনের খসড়াটি চূড়ান্ত এবং এটিকে আইনে পরিণত করতে উদ্যোগী হতে হবে।

সরকারের ও রাজনৈতিক দলের সদাচরণ: সবচেয়ে নিরপেক্ষ, শক্তিশালী ও সাহসী নির্বাচন কমিশনের পক্ষেও সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচন অনুষ্ঠান সম্ভব নয়, যদি প্রশাসন ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী তথা সরকার ও রাজনৈতিক দলগুলো সদিচ্ছা প্রদর্শন ও দায়িত্বশীল আচরণ না করে। বস্তুত, একটি স্বাধীন ও শক্তিশালী নির্বাচন কমিশন সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচনের পূর্বশর্ত বা 'নেসেসারি কন্ডিশন', কিন্তু যথেষ্ট বা 'সিফিসিয়েন্ট কন্ডিশন' নয়। তাই দলগুলোর মধ্যে নির্বাচনকালীন সরকার সম্পর্কে একটি মতৈক্য আজ জরুরি।

মাননীয় প্রধানমন্ত্রী ইতিমধ্যেই ভবিষ্যতে বিতর্কিত নির্বাচন এড়ানোর ঘোষণা দিয়েছেন। আশা করি, নবগঠিত কমিশন তাদের সততা, নিষ্ঠা, নিরপেক্ষতা ও সাহসিকতা প্রদর্শন করে পরবর্তী সংসদ নির্বাচনকে বিতর্কমুক্ত ও গ্রহণযোগ্য করে তুলতে সক্ষম হবে। আর তারা সফল না হলে এর দায় সরকার ও অনুসন্ধান কমিটিকেও নিতে হবে।

ড. বদিউল আলম মজুমদার: সম্পাদক, সূজন-সূশাসনের জন্য নাগরিক।

সাংবিধানিক নির্দেশনা সত্ত্বেও, নির্বাচন কমিশনে নিয়োগসংক্রান্ত কোনো আইন আমাদের নেই। শামসুল হুদা কমিশন এ লক্ষ্যে একটি আইনের খসড়া তৈরি করে রেখে গিয়েছে, যেটি সম্পর্কে রকিবউদ্দীন কমিশন কোনো রকম আগ্রহই দেখায়নি। ভবিষ্যতে কমিশনে নিয়োগে বিতর্ক এড়ানোতে স্বার্থসংশ্লিষ্ট সবার সঙ্গে আলাপ-আলোচনার ভিত্তিতে নতুন কমিশনকে আইনের খসড়াটি চূড়ান্ত এবং এটিকে আইনে পরিণত করতে উদ্যোগী হতে হবে।

ভোটার তালিকা: নির্ভুল ভোটার তালিকা সুষ্ঠু নির্বাচনের পূর্বশর্ত। ২০০৮ সালে তৈরি ভোটার তালিকায় পুরুষের তুলনায় ১৪ লাখের বেশি নারী ভোটার অন্তর্ভুক্ত ছিল। কিন্তু পরে তালিকা হালনাগাদ প্রক্রিয়ায় 'জেভার-গ্যাপ' দেখা দিয়েছে। উদাহরণস্বরূপ, সর্বশেষ হালনাগাদের প্রাথমিক তথ্য অনুযায়ী, প্রায় ১৫ লাখ নতুন ভোটার তালিকায় যুক্ত হওয়ার কথা, যার মধ্যে পুরুষ ভোটারের সংখ্যা ৬০ শতাংশ, অর্থাৎ জেভার-গ্যাপ ২০ শতাংশ (বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকম, ৩ জানুয়ারি ২০১৭)। প্রসঙ্গত, প্রায় ৪৭ লাখ নতুন ভোটার ২০১৪ সালের হালনাগাদে ভোটার তালিকায় যুক্ত হয়েছিলেন এবং তখন জেভার-গ্যাপ ছিল ১২ শতাংশ। আমাদের জনসংখ্যায় নারী-পুরুষের হার প্রায় সমান সমান। আমাদের প্রায় এক কোটি নাগরিক বিদেশে কর্মরত, যাঁদের প্রায় সবাই পুরুষ এবং অধিকাংশই ভোটার নন। তাই এটি সুস্পষ্ট যে হালনাগাদ প্রক্রিয়ায় অনেক যোগ্য নারী ভোটার তালিকা থেকে বাদ পড়েছেন।

সীমানা পুনর্নির্ধারণ: নির্বাচনী এলাকার সীমানা পুনর্নির্ধারণের একটি বড় লক্ষ্য হলো সংসদীয় আসনগুলোতে ভোটার সংখ্যায় যতটা সম্ভব সমতা আনা।

হলফনামা: সূজন-এর প্রচেষ্টায় প্রায় সব নির্বাচনেই প্রার্থীদের হলফনামার মাধ্যমে তাঁদের শিক্ষাগত যোগ্যতা, পেশা, আয়ের উৎস, ফৌজদারি মামলার বিবরণ, সম্পদের হিসাব ইত্যাদি প্রদান বাধ্যতামূলক করা হয়েছে। তবে হলফনামার ছকে গুরুতর সীমাবদ্ধতার কারণে প্রার্থীদের তথ্য গোপন করার সুযোগ থেকে গেছে। আর হলফনামার তথ্য কঠোরভাবে যাচাই-বাছাই করে তথ্য গোপনকারী ও ভুল তথ্য প্রদানকারী প্রার্থী কিংবা তাঁদের নির্বাচন বাতিল করলে অনেক অব্যক্তি ব্যক্তিকে নির্বাচনী অঙ্গন থেকে দূরে রেখে আমাদের রাজনীতিকে বহুলাংশে কলুষমুক্ত করা সম্ভব হবে। নির্বাচনী ব্যয়: নির্বাচনী ব্যয়ের লাগামহীন উর্ধ্বগতি আমাদের নির্বাচনকে এখন টাকার খেলায় পরিণত করেছে এবং আমাদের গণতন্ত্র হয়ে পড়েছে 'বৈশিষ্ট্য ডেমোক্রেসি ম্যানি ক্যান বাই' বা টাকা দিয়ে কেনা যায় এমন উত্তম গণতন্ত্র। মনোনয়ন-বাণিজ্য আমাদের নির্বাচনী ব্যবস্থাকে আজ অনেকটা প্রহসনে পরিণত করে ফেলেছে। তাই নতুন কমিশনকে এসবের লাগাম টেনে ধরতে হবে এবং একই সঙ্গে নির্বাচনী ব্যয়ের বৈধ সীমা কমাতে হবে, যাতে ভোটাধিকারের পাশাপাশি সাধারণ মানুষের প্রতিনিধি হওয়ার অধিকারও



## বাহা উদ্দীন আশ্বীয়ার বাসায় পুলিশি তল্লাশীর প্রতিবাদে সিটি যুবদলের প্রতিবাদ সভা



সিলেট জেলা ছাত্রদলের সাবেক তুখোড় ছাত্রনেতা ও লন্ডন সিটি যুবদলের সহ সাধারণ সম্পাদক বাহা উদ্দীন আশ্বীয়ার উপর মিথ্যা মামলা ও তার বাসায় পুলিশের অব্যাহত তল্লাশীর প্রতিবাদে লন্ডন সিটি যুবদলের উদ্যোগে এক প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়। গত ৬ মার্চ স্থানীয় ব্রিক লেইনস্থ একটি রেস্টুরেন্টে অনুষ্ঠিত প্রতিবাদ সভায় সভাপতিত্ব করেন লন্ডন সিটি যুবদলের সভাপতি ডাঃ শেখ মনসুর রহমান। সভা পরিচালনা করেন সংগঠনের সাধারণ সম্পাদক মুজাহিদ আলী সুমন। উক্ত প্রতিবাদ সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুক্তরাজ্য যুবদলের সাবেক সভাপতি রহিম উদ্দিন এবং প্রধান বক্তার বক্তব্য রাখেন যুক্তরাজ্য যুবদলের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক আফজাল হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন

যুক্তরাজ্য সেক্সেসবক দলের সাধারণ সম্পাদক মোঃ আবুল হোসেন, যুক্তরাজ্য বিএনপির যুব বিষয়ক সম্পাদক আব্দুল হামিদ খান হেভেন, ইপসুইচ বিএনপির সভাপতি জুলফিকার আলী, নিউহ্যাম বিএনপির সদস্য সচিব সেবুল মিয়া। সভায় বক্তারা বলেন, ফ্যাসিবাদী আওয়ামী সরকার সারা দেশে বিএনপি নেতা কর্মীদের হত্যা, গুম, হয়রানির মাধ্যমে পুরো দেশকে একটি বৃহৎ কারাগারে পরিণত করেছে। বক্তারা বাহা উদ্দীন আশ্বীয়ার বাড়িতে পুলিশের তল্লাশী ও হয়রানির নিন্দা জানিয়ে বলেন, তার বাসায় তল্লাশীর নামে বাড়ির মানুষজনকে হয়রানি ও মহিলাদের প্রতি অসদাচরণ যে কোন ফ্যাসিস্ট সরকারকেও হার মানাবে। বক্তারা বাহা উদ্দীন আশ্বীয়ার উপর মিথ্যা মামলা প্রত্যাহার ও পুলিশের

তল্লাশী ও হয়রানি বন্ধের আহ্বান জানান। অন্যায়ের মধ্যে বক্তব্য রাখেন, লন্ডন সিটি যুবদলের সাংগঠনিক সম্পাদক মনোয়ার হোসেন, যুগ্ম সম্পাদক ইসতিয়াক খান রশুছল, সুহেদুল হাছান, যুক্তরাজ্য সেক্সেসবক দলের যুগ্ম সম্পাদক আজিম উদ্দিন, যুবদলের নুরুল আমিন, সাকিল আহমদ, লিটন আহমদ, সুমেদ খান, আবুল হোসেন, মোসারফ হোসেন, ছাদিকুর রহমান ছাদিক, আব্দুল ওয়াহিদ আলমগীর, আবু তাহের, আফজাল হোসেন, জাকির খান, সেহনাজ আহমদ, কাওছার আহমদ, বাবর চৌধুরী, আকবর আলী, নূরুল আলী, লাহিন আহমদ, রাসেল খান, ইসতিয়াক খান রশুছল, ইমন আহমদ ও মনসুর আহমদ প্রমুখ। সংবাদ বিজ্ঞপ্তি

## বাংলাদেশ ক্যাটারার্স এসোসিয়েশন নির্বাচন ২০১৭ কয়েকটি রিজিয়নের প্রতিনিধি সভায় পূর্ণাঙ্গ প্যানেল দেওয়ার সিদ্ধান্ত



বাংলাদেশী রেস্টুরেন্ট ব্যবসায়ীদের বৃহত্তম স্মারক প্রতিষ্ঠান বাংলাদেশ ক্যাটারার্স এসোসিয়েশনের আগামী নির্বাচনে একটি পূর্ণাঙ্গ প্যানেল দেওয়ার লক্ষ্যে এবং কারি শিল্পের স্টাফ, শেফ ও ইমিগ্রেশন সমস্যা সমাধানের উপায় বের করতে এক সভা অনুষ্ঠিত হয়েছে। বিসিএ'র কয়েকটি রিজিয়নের উদ্যোগে ও এসেক্স রিজিয়নের সার্বিক ব্যবস্থাপনায় গত ৩ ফেব্রুয়ারি শুক্রবার হারলোর একটি রেস্টুরেন্টে বিসিএ'র কেন্দ্রীয় সিনিয়র সহ-সভাপতি ও এসেক্স বিসিএ'র সভাপতি বিশিষ্ট ব্যবসায়ী জামাল উদ্দিন মকদ্দুসের সভাপতিত্বে এবং কেন্দ্রীয় ডেপুটি মেম্বারশীপ সেক্রেটারি ও এসেক্স রিজিয়নের

সেক্রেটারি ফরহাদ হোসেন টিপু পরিচালনায় অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন বিসিএ'র কেন্দ্রীয় সহ-সভাপতি এনাম চৌধুরী, কেন্দ্রীয় যুগ্ম চিফ ট্রেজারার মিঠু চৌধুরী, প্রেস সেক্রেটারি আনিস চৌধুরী, এসেক্স বিসিএ'র সহ-সভাপতি শাহ আশরাফুল হোসেন মুকুল, সহ-সভাপতি আব্দুল হক, ট্রেজারার তৌরিছ মিয়া, কেন্দ্রীয় সদস্য নাসির উদ্দিন। বিসিএ'র বিভিন্ন রিজিয়নের নেতৃবৃন্দের মধ্যে বক্তব্য রাখেন গোলাম রব্বানী সোহেল, সালেহ আহমদ, রওশন আহমদ, আবজল হোসেন, দিলওয়ার হোসেন, শেখ নুরুল ইসলাম, রওশন আলী বুলু, নুরুজ্জামান, নাজমুল হক, কয়সর

আহমদ, ইকবাল চৌধুরী, শামসুল হোসেন, পাবেল মিয়া, আব্দুল সোফান, ফয়সল চৌধুরী, বুরহান উদ্দিন, বদরুল উদ্দিন রাজু, মোসাহিদুর রহমান, ফজলুর রহমান, মুহিব আহমদ প্রমুখ। সভায় আগামী এপ্রিল অনুষ্ঠিতব্য বিসিএ'র কেন্দ্রীয় নির্বাচনে একটি পূর্ণাঙ্গ প্যানেল হিসেবে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার সিদ্ধান্ত নেওয়া হয়। সভায় কারি শিল্পের বর্তমান সংকট সমাধানে সকল ব্যবসায়ীকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানানো হয়। এ ছাড়া সকল রেস্টুরেন্টে ব্যবসায়ী বিসিএ'র সদস্য পদ গ্রহণ করে সংগঠনের কার্যক্রমকে গতিশীল করার আহ্বান জানানো হয়। সংবাদ বিজ্ঞপ্তি

# IMRAN TRAVELS

Established Agent serving the community since 1996

**Appointed Agent**

**bangladesh**  
বাংলাদেশ পর্যটন কর্তৃপক্ষ

Direct Sylhet from £390+Tax  
From January 2017

**QATAR**  
AIRWAYS القطرية

Dhaka return from £475  
Terms & Conditions apply

We are approved  
Umrah agent by the  
Ministry of Hajj

- Umrah fare from £330
- Complete package from £595  
(Minimum 4 person, 5 nights)

**T: 0207 375 0800**  
**M: 07984 959 885**  
**07828 235 600**

We are open 7 days a week

Low cost travel agent

Hajj & Umrah Specialist

**273A Whitechapel Road, Londoprn E1 1BY**  
**www.imrantravels.co.uk, E: imrantravels@hotmail.com**

## Alam & Company

Cost & Executive Accountants, Forensic, Auditors & Tax Consultants

**Our Services**

- ✓ Business Start up
- ✓ Year end Financial Statements
- ✓ Company Secretarial Services
- ✓ Company Formation
- ✓ Management Accounts
- ✓ Bookkeeping Services
- ✓ VAT Audit Assurance Services
- ✓ Forecast Accounts
- ✓ Capital Gain Tax (CGT)
- ✓ Corporation Tax Return
- ✓ Self Assessment Tax Return
- ✓ Payroll and Paye
- ✓ Our Speciality in Tax and Vat Investigation

**Dr. Mohammed N Alam**  
B.A Nons (Econ), M.A (Econ),  
PHD (Accountancy),  
FCA, FIAA, FCMA, FIFC,  
FACRUK, CMA, CPA, CFFA,  
RUSAL, ACEA (Canada), MEAA

For any information and appointment, please contact at Head office number below

**Head Office:** Akhtar House, 2 Shepherds Bush Road, London W6 7PJ  
Tel: 0208 746 1642, Fax: 0208 749 7126, Mob: 0786 0926 001  
Email: alamandco.accountants@gmail.com, info@alamandcompany.com

We are in process of opening two new branches in East London and Birmingham

www.alamandcompany.com

## স্পেকট্রাম বাংলা রেডিও শুনুন

আমাদের সঙ্গে থাকুন

প্রতি রোববার স্পেকট্রাম বাংলা রেডিও শুনুন

সকাল ১১ থেকে ১২টা 558 AM

or visit [www.spectrumradio.net](http://www.spectrumradio.net)

---

সংগীত, শুভেচ্ছা, সংবাদ শিরোনাম ও সাক্ষাৎকার

### অনুষ্ঠান উপস্থাপনায় মিসবাহ জামাল

প্রতি শুক্রবার সন্ধ্যা ৭টা থেকে ৮টা পর্যন্ত

আবৃত্তি চর্চা অনুষ্ঠান এবং উপস্থাপনা ও সংবাদ পাঠচর্চার উপর প্রশিক্ষণ

প্রশিক্ষণে বিশিষ্ট মিডিয়া ব্যক্তিত্বগণ

Contact: Misbah Jamal, 0795 7124487  
Email: misbahjamal39@yahoo.co.uk



# তারেক রহমানের ১১তম কারাবন্দি দিবসে যুক্তরাজ্য বিএনপির আলোচনা সভা

বিএনপির সিনিয়র ভাইস চেয়ারম্যান তারেক রহমানের ১১তম কারাবন্দি দিবস উপলক্ষে যুক্তরাজ্য বিএনপির উদ্যোগে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গত ৭ মার্চ মঙ্গলবার পূর্ব লন্ডনে যুক্তরাজ্য বিএনপির কার্যালয়ে যুক্তরাজ্য বিএনপির সভাপতি এমএ মালিকের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক কয়ছর এম আহমদের পরিচালনায় অনুষ্ঠিত সভায় অতিথি হিসাবে উপস্থিত ছিলেন যুক্তরাজ্য বিএনপির সিনিয়র সহ-সভাপতি আব্দুল হামিদ চৌধুরী, সহ-সভাপতি মোঃ গোলাম রাব্বানি, প্রফেসর এম ফরিদ উদ্দিন, গোলাম রাব্বানি সোহেল, যুগ্ম-সম্পাদক শহিদুল ইসলাম মামুন, ব্যারিস্টার মুওদুদ আহমেদ খান, কামাল উদ্দিন, সহ-সাধারণ সম্পাদক ফেরদৌস আহমেদ, আজমল হোসেন চৌধুরী জাভেদ, সাংগঠনিক সম্পাদক শামিম আহমেদ, খসরুজ্জামান খসরু, সিনিয়র সদস্য মিসবাহুজ্জামান সোহেল, লন্ডন মহানগর বিএনপির সদস্য সচিব আবেদ রাজা, যুক্তরাজ্য বিএনপির যুব বিষয়ক সম্পাদক আব্দুল হামিদ খান হেভেন, সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক তাজবির চৌধুরী শিমুল, সহ-দপ্তর সম্পাদক সেলিম আহমেদ, যুক্তরাজ্য বিএনপির সহ-ক্রীড়া বিষয়ক সম্পাদক মোঃ সরফরাজ আহমেদ সরফু, সহ-তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক জাহিদ হাসান গাজী, বাবুল আহমেদ চৌধুরী, শিও মিয়া, সদস্য লুবায়েক আহমেদ চৌধুরী, মিসবাহ চৌধুরী রাসেল, ওয়েস্ট মিডল্যান্ড বিএনপির সভাপতি সৈয়দ জমশেদ আলী, লন্ডন নর্থ ওয়েস্ট বিএনপির সভাপতি হাজী এমএ সেলিম, নিউহাম বিএনপির আহ্বায়ক মোস্তাক আহমেদ, ইস্ট লন্ডন বিএনপির সদস্য সচিব এসএম লিটন, নিউহাম বিএনপির সদস্য

সচিব সেবুল মিয়া, যুক্তরাজ্য জাসাস সভাপতি এমএ সালাম, স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আবুল হোসেন, জাসাস সাধারণ সম্পাদক ইকবাল হোসেন। সভায় বক্তারা বলেন, তারেক রহমান বাংলাদেশের রাজনীতিতে উদীয়মান সূর্য। এই সূর্য যাতে আলো

করে তিনি দেশ পরিচালনার দায়িত্ব নিবেন এটি এখন সময়ের ব্যাপার মাত্র।

সভাপতির বক্তব্যে এমএ মালিক বলেন, দেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব, গণতন্ত্র ও জাতীয়তাবাদী শক্তিকে ধ্বংসের উদ্দেশে ২০০৭ সালের ৭ মার্চ ওয়ান



ছড়াতে না পারে সেজন্যই ১/১১ সৃষ্টি করে তাকে রাজনীতি থেকে দূরে সরিয়ে দেওয়ার অপচেষ্টা চালানো হয়েছে। কিন্তু সেদিন বেশি দূরে নয়, রাজনীতির আকাশে সব কালোমেঘ দূর করে তারেক রহমান ফিরে যাবেন জনতার মাঝে। দায়িত্ব নিবেন দল ও দেশের। নেতৃত্ব দিবেন ভবিষ্যৎ বাংলাদেশের। দেশের মানুষ তাঁর প্রতীক্ষায়। কারণ তাঁর হাতেই নিরাপদ আগামী দিনের বাংলাদেশ। সব ষড়যন্ত্র ছিন্ন

ইলিভেনের ষড়যন্ত্রকারীরা বিএনপির সিনিয়র ভাইস চেয়ারম্যান দেশনায়ক তারেক রহমানকে কারাবন্দি করে তার ওপর অমানুষিক নির্যাতন চালানো হয়। ১/১১ এর ষড়যন্ত্রকারী ফখরুদ্দিন-মঈনুদ্দিন সরকারের উদ্দেশ্য ছিলো তারেক রহমানকে মেরে ফেলা। তিনি বলেন, ওয়ান ইলিভেনের সময় থেকে শহীদ জিয়া ও বিএনপি পরিবারকে ধ্বংসের যে ষড়যন্ত্র শুরু হয়েছিল তা আজও অব্যাহত আছে। আজ তাঁর

স্কুলের ৫০ বছরপূর্তি অনুষ্ঠানকে সফল করায় বিদ্যালয়ের ম্যানিজিং কমিটি, শিক্ষক, স্কুলের স্টুডেন্ট এবং এই অনুষ্ঠান আয়োজন করতে যারা সহযোগিতা করেছেন তাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করা হয়। বিশেষ করে যারা ব্রিটেন থেকে বাংলাদেশে গিয়েছেন তাদের মধ্যে অন্যতম সংগঠনের প্রতিষ্ঠাতা সভাপতি আলহাজ্ব আব্দুল বারী, ম্যানেজিং কমিটির সভাপতি মশরফ আলী, ট্রাস্টের সাধারণ সম্পাদক আব্দুল কুদ্দুছ, ট্রাস্টি সুবান মিয়া বারী, আজিম উদ্দিন আজির, আমির উদ্দিন, আব্দুশ শহিদ, আলাল উদ্দিন, ফখর উদ্দিন আলাল ও সাবেক কাউন্সিলার আজিজুর রহমান, আব্দুন নূর, আজাদ উদ্দিনকে ট্রাস্টের পক্ষ থেকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। সভায় নতুন যারা ট্রাস্টি হয়েছেন তাদেরকে সার্টিফিকেট প্রদান কার হয়। সংবাদ বিজ্ঞপ্তি

## হাউস অব কমন্সে সিটিজেন মুভমেন্ট ইউকে'র সেমিনারে সাইমন ডানজাক এমপি

# ক্রুটিপূর্ণ নির্বাচন কমিশনের কারণে বাংলাদেশে গণতন্ত্রের অপমৃত্যু ঘটেছে

সিটিজেন মুভমেন্ট ইউকে'র উদ্যোগে 'বাংলাদেশে সুশাসন, মানবাধিকার এবং একটি অবাধ গ্রহণযোগ্য অংশগ্রহণমূলক নির্বাচনের ভবিষ্যৎ' শীর্ষক এক সেমিনার গত ১ মার্চ বুধবার বিকালে হাউস অব কমন্সের সেমিনার রুমে অনুষ্ঠিত হয়েছে।

সেমিনারে সভাপতির বক্তব্যে সাইমন ডানজাক এমপি বলেন, দুর্বল নির্বাচন কমিশনের জন্য ২০১৪ সালের ৫ জানুয়ারি বাংলাদেশে গণতন্ত্রের অপমৃত্যু ঘটেছে। সেদিন প্রধান বিরোধীদলসহ অন্যান্য দলকে বাইরে রেখে একটি প্রশ্নবদ্ধ নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। গণতন্ত্রের বিকাশ ও মানুষের ভোটাধিকার প্রতিষ্ঠার স্বার্থে একটি অবাধ গ্রহণযোগ্য অংশগ্রহণমূলক ও নিরপেক্ষ নির্বাচন জরুরি। তাই নতুন নির্বাচন কমিশন নিয়ে বিরোধী দলের উদ্বেগের কথা এবং বাংলাদেশে মানুষের মৌলিক অধিকার রক্ষা করা অত্যন্ত জরুরি সেটা আমি বাংলাদেশের হাইকমিশনারকে অবহিত করেছি।

লর্ড হোসাইন বলেন, বিশ্বের যেখানে মানবাধিকার লঙ্ঘিত হচ্ছে, গণতন্ত্র হুমকির মুখে পড়ছে সেখানেই আমার উদ্বেগের কথা জানাচ্ছি। যুক্তরাজ্যে প্রচুর বাংলাদেশী বসবাসের কারণে তাদের উদ্বেগের কথা আমরা গুরুত্ব সহকারে সরকারের নজরে তুলেধরি। আমরা চাই বাংলাদেশে গণতন্ত্র, মানবাধিকার ও আইনের শাসন প্রতিষ্ঠিত হোক। আমরা সর্বদা আপনারদের পাশে আছি। সিটিজেন মুভমেন্টে ইউকে'র আহ্বায়ক এম এ মালিক সেমিনার আয়োজনের জন্য সাইমন ডানজাক এমপিসহ সংশ্লিষ্টদের ধন্যবাদ জানিয়ে এমএ মালিক বলেন, বাংলাদেশের এই সংকটে যুক্তরাজ্যকে পাশে দাঁড়াতে হবে। গণতন্ত্র ও মানুষের মুক্তির সংগ্রামে যুক্তরাজ্যকে আমরা আরো কার্যকর ভূমিকায় দেখতে চাই।

সেমিনারে আলোচনায় অংশনেন আন্তর্জাতিক মানবাধিকার আইনজীবী ব্যারিস্টার টবি কেডম্যান, বাংলাদেশ সেন্টার ফর সোসিয়াল ডেভেলপমেন্ট ইউকে'র চেয়ারম্যান



মাহিদুর রহমান, কার্ডিফ বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ড. কেএম মালেক, ইউএনসির সদস্য ও জাষ্ট নিউজ সম্পাদক মুশফিকুল ফজল আনসারী, মানবাধিকার ব্যক্তিত্ব মুফতি শাহ সদর উদ্দিন, ব্যারিস্টার আবু বকর মোল্লা, ব্যারিস্টার হামিদুল হক লিটন আফিন্দী, ইঞ্জিনিয়ার রেজাউল করিম, কবির আহমেদ, বাদল ভূঁইয়া, ফয়সল আহমেদ।

বক্তারা বলেন, গণতন্ত্র মানবাধিকার ও আইনের শাসন চরম হুমকির মুখে। সাধারণ মানুষের কোন নিরাপত্তা নেই। গুম, হত্যা, খুন ও মতপ্রকাশের স্বাধীনতাকে হরণ করে একদলীয় শাসন কয়েম করেছে বর্তমান ক্ষমতাসীন সরকার। বাংলাদেশের এই সংকটে যুক্তরাজ্যকে পাশে দাঁড়াতে হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে প্রবাসে আমন্ত্রণ না জানাতে অনুরোধ করেন। গণতন্ত্র ও মানুষের মুক্তির সংগ্রামে যুক্তরাজ্যকে আরো কার্যকর ভূমিকায় দেখতে চায় সিটিজেন মুভমেন্টে জানান সিটিজেন মুভমেন্টে নেত্রীবন্দ। সেমিনারে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন যুক্তরাজ্য বিএনপির সাধারণ সম্পাদক কয়ছর এম আহমেদ,

সিটিজেন মুভমেন্টের কামাল উদ্দিন, আবেদ রাজা, খসরুজ্জামান খসরু, রহিম উদ্দিন, মোশাহিদ হোসাইন, আব্দুল আহাদ, হাজী হাবিব, আমিনুর রহমান আকরাম, কেআর জসীম, মোঃ জাহাঙ্গীর হোসেন, হাবিবুর রাহমান,



মতিন মোল্লা, জুনেদ আহমেদ, সলিসিটর ইকরামুল হক মজুমদার, সেলিম আহমেদ, মোশাহিদ আলী তালুকদার, খালেদ চৌধুরী, শাহেদ উদ্দিন চৌধুরী, আব্দুস সালাম আজাদ, জাহাঙ্গীর মাসুক, ফয়সল আহমেদ, শরিফ উদ্দিন ভূঁইয়া বাবু, এডভোকেট নূরউদ্দিন আহমেদ, আরিফ মাহফুজ, শামসুল ইসলাম, জিয়াউর রহমান, তোফায়েল আহমেদ মুধা, অমর গনি, মাহবুবুর রহমান খানসুর, জুনেদ আহমেদ, মিসবাহ বিএস চৌধুরী, আবুল হোসেন, এম এ সালাম, তাজবির চৌধুরী শিমুল, বশির আহমেদ, ডালিয়া লাকুরিয়া, আফজাল হোসেন, নুরুল আলী রিপন, এডভোকেট মাহবুবুল আলম তোহা, জিয়াউর রহমান দিপু, আকমল হোসাইন, হুমায়ুন কবির, এসকে তরিকুল ইসলাম, শফিক রহমান, কামরুন্নাহার সাহানা, লুবা চৌধুরী, দেলোয়ার হোসেন আহাদ, শাহ রানা, মোস্তাক আহমেদ, শাহিন আহমেদ, আব্দুস সামাদ, সৈয়দ শামিম হোসাইন, আফজাল হোসেন, মোঃ শাহজাহান, নুরুল আলী রিপন, ফজলে রহমান পিনাক, জামাল উদ্দিন রুবেল, মাহমুদুর রহমান, লাকি আহমেদ প্রমুখ। -সংবাদ বিজ্ঞপ্তি



# উৎসবমুখর পরিবেশে জগন্নাথপুর ব্রিটিশ-বাংলা এডুকেশন ট্রাস্টের নির্বাচন অনুষ্ঠিত


## আশিক চৌধুরী সভাপতি, মহিব চৌধুরী সেক্রেটারি, আলফাজ জাকির ট্রেজারার

উৎসবমুখর পরিবেশে অনুষ্ঠিত হলো জগন্নাথপুর ব্রিটিশ বাংলা এডুকেশন ট্রাস্টের দ্বি-বার্ষিক সাধারণ সভা ও নির্বাচন। গত ২০ ফেব্রুয়ারি সোমবার বিকেলে পূর্ব লভনের ফরেস্ট গেইটস্থ গ্রামটি রেস্টুরেন্টে হলে এ নির্বাচন অনুষ্ঠিত হয়।  
নব নির্বাচিত কমিটির সদস্যরা হচ্ছেন- সভাপতি আব্দুল আশিক চৌধুরী,

সিনিয়র সহ-সভাপতি ইকবাল এম হোসেন, সহ-সভাপতি সর্বজনাব আবদাল মিয়া, হাফিজুর রহমান, এখলাছুর রহমান, আজম খান, জয়নাল আবেদিন, ড. সানাওর ইসলাম চৌধুরী, ফারুক মিয়া, শেখ মফজুল আলী, সমির আলী ও আনোয়ার আলী। সাধারণ সম্পাদক মহিব চৌধুরী, সহ সাধারণ সম্পাদক সর্বজনাব সফিউল আলম বাবু ও মুহাইমিন আহমদ আমিন, ট্রেজারার

আলফাজুর রহমান জাকির, সহ ট্রেজারার আব্দুল হক জমির, সাংগঠনিক সম্পাদক বাদশা মিয়া, প্রচার ও প্রকাশনা সম্পাদক মোঃ সেলিম রহমান, শিক্ষা বিষয়ক সম্পাদক শাহ কুরেশী সিপন।  
নির্বাচনী সদস্য সর্বজনাব নুরুল হক লাল মিয়া, আব্দুল আলী রউফ, মোঃ ইলিয়াস মিয়া, সাজ্জাদ মিয়া, মল্লিক শাকুর ওদুদ, হাসনাত আহমদ চুন্নু,

মুজিবুর রহমান মুজিব, তফজ্জুল হোসেন, জুনেদ আহমদ, আব্দুর আলী, তাহের কামালী, আব্দুল বাছির কয়েছ ও আব্দুস শহিদ।  
নির্বাচন কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেন শিক্ষাবিদ ও কমিউনিটি নেতা ডঃ মোঃ আব্দুল হান্নান, স্পিকার কাউন্সিলার খালিস উদ্দিন আহমদ ও কমিউনিটি নেতা ফজলুল হক ফজলু।





## ফিলিপাইনের আদালতে স্বীকারোক্তি ৩০০ মানুষ হত্যা করেছে পুলিশ!

দেশ ডেস্ক, ৭ মার্চ : ফিলিপাইনের এক অবসরপ্রাপ্ত পুলিশ কর্মকর্তা গত সোমবার সিনেট শুনানিতে বলেছেন, তিনি একটি ডেথ স্কোয়াডের অংশ হিসেবে নিজে প্রায়

দুই শ লোককে হত্যা করেছেন। সব মিলিয়ে তিনি মেরেছেন প্রায় তিন শ মানুষ। বর্তমান প্রেসিডেন্ট রদ্রিগো দুতার্তে দাভাওয়ের শহরের মেয়র থাকার সময় ওই ডেথ স্কোয়াডে যুক্ত ছিলেন তিনি।

আর্ভুরো লাসকানাস নামে ওই পুলিশ কর্মকর্তা সিনেটের শুনানিতে স্বীকার করেন, তিনি গত বছরের অক্টোবরে বিচারবহির্ভূত তদন্তের বিষয়ে সিনেটের তদন্তের সময় মিথ্যা কথা বলেছিলেন। পরিবারের নিরাপত্তার কথা ভেবে এবং অস্বীকার করার জন্য 'পুলিশ কর্তৃপক্ষের চাপের কারণেই' তিনি তা করেছিলেন। এখন 'ঈশ্বরের প্রতি ভয়ের' কারণে সব স্বীকার করে ভারমুক্ত হতে চান। তিনি সব মিলিয়ে লোক মেরেছেন তিন শ।

দুতার্তে গত বছর প্রেসিডেন্ট হওয়ার পর তাঁর কঠোর মাদকবিরোধী অভিযানে এ পর্যন্ত কয়েক হাজার লোক নিহত হয়েছে। তাদেরকে বিচারবহির্ভূতভাবে হত্যা করা হয়েছে বলে অভিযোগ আছে।

## বাবরি মসজিদ মামলায় বিচারের মুখোমুখি হবেন আদভানি?

দেশ ডেস্ক, ৭ মার্চ : ভারতের ক্ষমতাসীন বিজেপির জ্যেষ্ঠ নেতা লালকৃষ্ণ আদভানি ও অন্য কয়েকজন নেতা বাবরি মসজিদ ধ্বংস মামলায় বিচারের সম্মুখীন হতে পারেন। সুপ্রিম কোর্ট গতকাল সোমবার এই ইঙ্গিত দিয়েছেন। ওই নেতাদের বিরুদ্ধে অভিযোগ নিম্ন আদালত খারিজ করে দিয়েছিলেন।

৮৯ বছর বয়সী আদভানি ও মুরলি মনোহর যোশীর মতো নেতা এবং কেন্দ্রীয় সরকারের মন্ত্রী উমা ভারতীকে ষড়যন্ত্রের অভিযোগে বিচারের মুখোমুখি করা হবে কি না, সে বিষয়ে সর্বোচ্চ আদালত ২২ মার্চ রায় দেবেন।



উত্তর প্রদেশের অযোধ্যায় ষোড়শ শতকে নির্মিত বাবরি মসজিদ ১৯৯২ সালে উগ্র হিন্দুত্ববাদী কর্মীরা ভেঙে দেন। তাঁরা ওই স্থানটিকে দেবতা রামের জন্মভূমি দাবি করে সেখানে তাঁর নামে মন্দির প্রতিষ্ঠা করতে চান। রাজ্যের রায়বেরিলির একটি আদালত এই ষড়যন্ত্রে জড়িত থাকার অভিযোগ থেকে আদভানি ও বিনয় কাতিয়ারের মতো নেতাদের অব্যাহতি দিয়েছিলেন। হিন্দুত্ববাদী রাজনৈতিক কর্মী করসেবকদের বিরুদ্ধে প্রধান মামলাটি লক্ষ্মণীর আদালতে খুলে রয়েছে। ষড়যন্ত্রের অভিযোগ থেকে বিজেপির রাজনীতিকদের অব্যাহতি দিয়ে নিম্ন আদালত যে রায় দিয়েছিলেন,

এলাহাবাদ হাইকোর্ট তা ২০১০ সালের মে মাসে বহাল রাখেন। ভারতের গোয়েন্দা সংস্থা সিবিআই তা চ্যালেঞ্জ করে। সুপ্রিম কোর্ট সিবিআইকে ওই ষড়যন্ত্রের অভিযোগের পাশাপাশি ১৩ জনের বিরুদ্ধে একটি পরিপূরক অভিযোগপত্র দিতে বলেছেন। এর বিরোধিতা করে আদভানির আইনজীবী বলেন, ষড়যন্ত্রের অভিযোগ যদি তুলতেই হয়, নিম্ন আদালতে অব্যাহতি পাওয়া ১৮৩ জন সাক্ষীকে আবার হাজির করতে হবে। বাবরি মসজিদ ধ্বংসের ঘটনায় দুই ধরনের মামলা হয়েছে—একটি আদভানি ও বিজেপির অন্য নেতাদের বিরুদ্ধে, আরেকটি অজ্ঞাতনামা লাঞ্ছিত করসেবকের বিরুদ্ধে। ঘটনার সময় আদভানি ও সহযোগীরা রাম কথা কুঞ্জের মধ্যে ছিলেন। আর করসেবকেরা মসজিদের ভেতরে ও আশপাশে ছিলেন। মোগল আমলের স্থাপনাটি গুঁড়িয়ে দেওয়ার ঘটনায় তাঁরা জড়িত বলে অভিযোগ রয়েছে। হিন্দুত্ববাদী সংগঠন শিবসেনার প্রতিষ্ঠাতা বাল ঠাকরের মৃত্যুর পর তাঁর নাম আসামির তালিকা থেকে বাদ দেওয়া হয়েছে।

## খরায় দুদিনে শতাধিক লোকের মৃত্যু সোমালিয়ায়

দেশ ডেস্ক, ৬ মার্চ : সোমালিয়ায় প্রধানমন্ত্রী হাসান আলি খাইরে বলেছেন, দেশটিতে চলমান মারাত্মক খরায় শনিবার পর্যন্ত ৪৮ ঘণ্টায় ১১০ জনের মৃত্যু হয়েছে। দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে এই মৃত্যুর ঘটনা ঘটেছে। এই প্রথমবারের মতো খরার কারণে মৃত্যুর সংখ্যা আনুষ্ঠানিকভাবে প্রকাশ করল পূর্ব আফ্রিকার দেশটি।

মানবিক সাহায্য সংগঠনগুলো আগামী দিনগুলোয় সোমালিয়ায় ভয়াবহ দুর্ভিক্ষের আশঙ্কা করছে। বর্তমানে দেশটির প্রায় ৩০ লাখ মানুষ খাদ্য নিরাপত্তাহীনতার মধ্যে রয়েছে। বিশুদ্ধ পানির অভাবে আউদিনলে শহরে কলেরায় আক্রান্ত হয়ে বেশ কয়েকজনের মৃত্যু হয়েছে বলে জানা গেছে। প্রেসিডেন্ট মোহাম্মদ আব্দুলহি ফারমাজো এই খরাকে জাতীয় বিপর্যয় হিসেবে ঘোষণা করেন। আফ্রিকা মহাদেশের পূর্ব এবং দক্ষিণাঞ্চলে বিশেষ জলবায়ু পরিস্থিতি 'এল নিনোর' প্রভাবে সোমালিয়ায় এ খরা চলছে। এর আগে সোমালিয়ায় ২০১০ থেকে ২০১২ সাল পর্যন্ত চলা ভয়াবহ দুর্ভিক্ষে প্রায় ২ লাখ ৬০ হাজার লোক প্রাণ হারায়।

## জার্মানি নাৎসিদের মতো আচরণ করছে : এরদোগান



দেশ ডেস্ক, ৭ মার্চ : জার্মানি নাৎসিদের মতো আচরণ করছে বলে অভিযোগ করেছেন তুরস্কের প্রেসিডেন্ট রজব তাইয়েব এরদোগান। দেশটিতে গণভোটের সমর্থনে সমাবেশের অনুমোদন বাতিলের কয়েকদিন পর এ প্রতিক্রিয়া জানালেন তিনি। একজন তুর্কি মন্ত্রীর ওই সমাবেশে বক্তৃতা করার কথা ছিল। তুরস্কের সংবিধান সংশোধনকে কেন্দ্র করে অনুষ্ঠিত হতে যাওয়া গণভোট উপলক্ষে জার্মানিতে বসবাসরত তুর্কি নাগরিকদের নিয়ে দু'টি সমাবেশ করার কথা ছিল এরদোগান সরকারের এক মন্ত্রীর। কিন্তু গত সপ্তাহে সমাবেশের অনুমোদন বাতিল করে দেয় জার্মানির এক স্থানীয় কর্তৃপক্ষ। তুরস্কের গ্রেফতার তুর্কি বংশোদ্ভূত এক জার্মান সাংবাদিককে নিয়ে দেশ দু'টির মধ্যে চলমান উত্তেজনার মধ্যেই সমাবেশের অনুমোদন বাতিল করা হয়। তুরস্ক বলছে, ওই সাংবাদিক মূলত 'জার্মান চর'। কুর্দি সন্ত্রাসীদের হয়ে কাজ করছিলেন তিনি। গত সপ্তাহে তার মুক্তি দাবি জানায় জার্মানি।

জার্মানিতে বসবাসরত তুর্কি নাগরিকের সংখ্যা প্রায় ১৫ লাখ। দেশটিতে তাদের প্রভাব ও ব্যাপক। আগামী এপ্রিলের গণভোটকে সামনে রেখে তাদের সমর্থন আদায় করতে চান এরদোগান। ওই গণভোটের মাধ্যমে পূর্ণ প্রেসিডেন্ট পদ্ধতির শাসনে ফিরে যেতে চায় তুরস্ক। এতে এরদোগানের ক্ষমতা আরো সংহত হবে বলে ধারণা করা হচ্ছে। ইস্তাম্বুলের এক র্যালিতে অংশ নিয়ে সমাবেশ বাতিলের প্রতিবাদে তুর্কি প্রেসিডেন্ট বলেন, 'জার্মানিতে আমাদের বন্ধুদের কথা বলতে দেয়া হয় না। তাদের এটা করতে দিন। আপনারা কি মনে করেন, তাদের কথা বলতে না দিলে গণভোটের ফলাফল 'হ্যাঁ' এর পরিবর্তে 'না' হয়ে যাবে? এরদোগান আরো বলেন, 'জার্মানি, গণতন্ত্রের জন্য তোমার কিছু করার নেই। তোমাদের বর্তমান আচরণ অতীতের নাৎসি আচরণের চেয়ে ভিন্ন কিছু না।' গত বছরের জুলাইয়ে তুরস্ক সেনাঅভ্যুত্থান চেপ্টা ব্যর্থ হওয়ার পর

থেকে জার্মানির সাথে সম্পর্ক ভালো যাচ্ছে না দেশটির। তুর্কি প্রশাসনের অভিযোগ, ওই অভ্যুত্থান চেপ্টার যথার্থ নিন্দা জানাতে ব্যর্থ হয়েছে বার্লিন। ইস্তাম্বুলের ওই সমাবেশে জার্মানির বিরুদ্ধে তুরস্কের শত্রুদের আশ্রয় দেয়ার অভিযোগও আনেন এরদোগান। তিনি বলেন, কুর্দি সন্ত্রাসী থেকে শুরু করে অভ্যুত্থান চেপ্টার সংগঠকদের আশ্রয় দিচ্ছে বার্লিন। এ ব্যাপারে আন্তর্জাতিক অঙ্গনে জার্মানির বিরুদ্ধে ব্যবস্থা নেয়ারও হুমকি দেন তুর্কি প্রেসিডেন্ট। তিনি বলেন, 'আমরা আর কোনো নাৎসি দেশ দেখতে চাই না। আর কোনো ফ্যাসিবাদী কর্মকাণ্ড দেখতে চাই না। আমরা ভেবেছিলাম, ওই যুগের শেষ হয়েছে। কিন্তু এখন মনে হচ্ছে তা হয়নি।' এদিকে এরদোগানের এ বক্তব্যের প্রতিবাদ জানিয়েছেন জার্মান চ্যাম্পের অ্যাঞ্জেলি মারকেলের দল খ্রিস্টিয়ান ডেমোক্রেটিক ইউনিয়নের উপপ্রধান জুলিয়া ক্লোয়েকনার। একে 'সংযমহীনতার চূড়ান্ত পর্যায়' বলে অভিহিত করেছেন তিনি।

## ভ্রমণ নিষেধাজ্ঞা নিয়ে ট্রাম্পের নতুন আদেশ ছয় দেশ নিষিদ্ধই থাকল, বাদ পড়ল ইরাক

দেশ ডেস্ক, ৭ মার্চ : সাত নয়, এবার মুসলিমপ্রধান ছয় দেশের নাগরিকদের ওপর ভ্রমণ নিষেধাজ্ঞা আরোপ করলেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। আগের নিষেধাজ্ঞায় অন্তর্ভুক্ত করা দেশগুলো থেকে বাদ পড়েছে ইরাক। গতকাল সোমবার এ-সংক্রান্ত নতুন এক নির্বাহী আদেশে স্বাক্ষর করেছেন ট্রাম্প। ১৬ মার্চ থেকে এদেশটি কার্যকর হবে। নতুন আদেশে নিষেধাজ্ঞা আরোপ করা ছয় দেশ হলো ইরান, লিবিয়া, সিরিয়া, সোমালিয়া, সুদান ও ইয়েমেন। দেশগুলোর নাগরিকদের ওপর ৯০ দিনের জন্য ভ্রমণ নিষেধাজ্ঞা দেওয়া হয়েছে। তবে দেশগুলোর যেসব নাগরিক এরই মধ্যে ভিসা পেয়েছেন, যেসব অভিভাবসীর গিন কার্ড রয়েছে, যাঁরা কূটনৈতিক হিসেবে দায়িত্ব পালন করছেন, যাঁদের আগে রাজনৈতিক আশ্রয় বা শরণার্থী হিসেবে গ্রহণ

করা হয়েছে, তাঁদের প্রতি এ নিষেধাজ্ঞা শিথিল রাখা হয়েছে। নতুন আদেশ অনুযায়ী, ১২০ দিন যুক্তরাষ্ট্রে শরণার্থী কর্মসূচি বন্ধ থাকবে। তবে মার্কিন পররাষ্ট্র দপ্তর কর্তৃক অনুমোদনপ্রাপ্ত শরণার্থীরা যুক্তরাষ্ট্রে প্রবেশ করতে পারবেন। এ বছর ৫০ হাজারের বেশি শরণার্থী নেওয়া হবে না। ইরাককে বাদ দেওয়ার ব্যাখ্যায় হোয়াইট হাউস বলেছে, দেশটির সরকার ভিসা যাচাই-বাছাই প্রক্রিয়া এবং এ-সংক্রান্ত তথ্য বিনিময় জোরদার করতে সম্মত হয়েছে। ২০ জানুয়ারি প্রেসিডেন্টের দায়িত্ব নেওয়ার এক সপ্তাহ পর ২৭ জানুয়ারি মুসলিমপ্রধান সাত দেশের নাগরিকদের ওপর ভ্রমণ নিষেধাজ্ঞা দিয়ে নির্বাহী আদেশ জারি করেন ট্রাম্প। এরপর যুক্তরাষ্ট্রের শহরে শহরে প্রতিবাদ জানায় মানুষ। নিষিদ্ধ দেশগুলো থেকে আসা বহু লোককে আটকে দেওয়া হয় বিমানবন্দরগুলোতে।

## আফগান সীমান্তে সন্ত্রাসী হামলায় ৫ পাক সেনাসহ নিহত ১৫

দেশ ডেস্ক, ৭ মার্চ : পাকিস্তান-আফগানিস্তান সীমান্ত এলাকায় তিনটি পাকিস্তানি সীমান্ত চৌকিতে হামলা করেছে সন্দেহভাজন সন্ত্রাসীরা। এ সময় সেনা-সন্ত্রাসী গোলাগুলিতে নিহত হয়েছেন পাকিস্তানের পাঁচ সেনাসহ অন্তত ১৫ জন। গতকাল সোমবার দেশটির সামরিক বাহিনীর পক্ষ থেকে এক বিবৃতিতে এ তথ্য জানানো হয়েছে। বিবৃতিতে বলা হয়, রোববার গভীর রাতে মোহাম্মদ এজেসি এলাকাসংলগ্ন সীমান্তের তিনটি নিরাপত্তা চৌকিতে হামলা চালায় সন্দেহভাজন সন্ত্রাসীরা। তারা সীমান্তের ওপার (আফগানিস্তান) থেকে এসে এ হামলা পরিচালনা করে। পাকিস্তানি সেনাদের কার্যকর উপস্থিতি, সতর্ক প্রহরা ও তাৎক্ষণিক প্রতিক্রিয়ার মাধ্যমে সন্ত্রাসীদের উদ্যোগটি ব্যর্থ করে দেয়া হয়। এ সময় সেনা-সন্ত্রাসী গোলাগুলিতে মারা যান পাঁচ সেনাসদস্য। হত্যা করা হয় অন্তত ১০ সন্ত্রাসীকে। তবে নিহত সন্ত্রাসীদের পরিচয় এখনো প্রকাশ করা হয়নি। এমনকি তারা কোন সংগঠনভুক্ত তা-ও জানানো হয়নি। সীমান্তে নিরাপত্তা চৌকিতে সন্ত্রাসী হামলার নিন্দা জানিয়েছেন পাকিস্তানের প্রধানমন্ত্রী নওয়াজ শরীফ ও সেনাপ্রধান কামার জাভেদ বাজওয়া।



**দেশ**  
WEEKLY DESH

জেএমজি কার্গোর হিপ্রো, লুটন, বার্মিংহাম, ম্যানচেস্টার, ওল্ডহাম সহ সকল শাখায় পাচ্ছেন সাপ্তাহিক দেশ

**ফ্রি**

- Cargo and excess baggage specialist
- Fast and reliable cargo service
- Worldwide cargo
- Delivery safely and on time
- Door to door service

**020 7247 7770**  
**020 7247 8878**

**www.jmgcargoandtravel.com**

JMG Birmingham Office:  
Moynul Islam - 07877 487 492

JMG Manchester Office:  
Zahangir Ahmed - 07891 620 145



# আড়িপাতার অভিযোগ ট্রাম্পের পতনের কারণ হতে পারে

দেশ ডেস্ক, ৭ মার্চ : সিআইএর একজন সাবেক বিশেষক বলছেন, ফোনে আড়িপাতার ডোনাল্ড ট্রাম্পের দাবি 'বড় ধরনের ঘটনা ঘটতে পারে, যাতে প্রেসিডেন্ট ক্ষমতাচ্যুত হতে পারেন। ট্রাম্প দাবি করছেন যে, বারাক ওবামা তার টেলিফোনে আড়ি পেতেছিলেন। তবে এফবিআই ট্রাম্পের এ দাবি নাকচ করে দিয়েছে।

হোয়াইট হাউসের প্রেস সচিব স্যান স্পাইসার উল্লেখ করেন। অভিযোগ গুরুতর হলেও ট্রাম্প এ মর্মে কোনো প্রমাণ দেননি যে, তার ওপর নজরদারির জন্য ওবামা দায়ী ছিলেন। পেরিঞ্জ বলেন, ডিরেক্টর কমি যখন প্রেসিডেন্টের অভিযোগ নাকচ করলেন, তখন আমরা এমন একটি আত্মহোঁদীপক অনির্ধারিত স্থান পেলাম

দেশটির জাস্টিস ডিপার্টমেন্টকে এ অভিযোগ প্রত্যাখ্যান করতে অনুরোধ জানান। তবে কমির এ অনুরোধের পরিপ্রেক্ষিতে জাস্টিস ডিপার্টমেন্টের পক্ষ থেকে তাৎক্ষণিক কোনো প্রতিক্রিয়া পাওয়া যায়নি।

শনিবার এক টুইটে ওই অভিযোগ তুলে প্রেসিডেন্ট ট্রাম্প লেখেন, ভয়ানক! এইমাত্র জানতে পারলাম নির্বাচনে জয়লাভের মাত্র কিছু দিন আগে ওবামা ট্রাম্প টাওয়ারে আমার টেলিফোনে আড়ি পেতেছিলেন। কিছুই পাননি।

কতটা নিচে নেমে প্রেসিডেন্ট ওবামা খুবই শুদ্ধ একটি নির্বাচনপ্রক্রিয়ার মধ্যে আমার ফোনে আড়িপাতার মতো কাজ করলেন। এটা নিশ্চয়/ওয়াটারগেটে মতো। খারাপ (অথবা অসুস্থ) মানুষ!



বিষয়টি আরো অনেক দূর গড়াতে পারে এবং এতে ট্রাম্প ক্ষমতা হারাতে পারেন বলে ওই সিআইএ কর্মকর্তা মনে করছেন। বিবিসির রেডিও ফোরকে এ কথা বলেন সিআইএর সন্ত্রাসবাদবিরোধী সাবেক বিশেষক আকি পেরিঞ্জ।

তিনি বলেন, 'প্রেসিডেন্ট বিশ্বাস করেন যে, বারাক ওবামা এমন কিছু করেছেন যা সম্পূর্ণভাবে তার বৈশিষ্ট্যের পরিপন্থী যা ১৯৭০-এর দশকের পর আর কখনো করা হয়নি। সে সময় এ ঘটনা নিশ্চয় শাসন আমলের সব ধরনের কেলেংকারির কারণ হয়ে দাঁড়িয়েছিল।' পেরিঞ্জ বলেন, একজন সংবিধান সম্পর্কিত আইনজ্ঞ হিসেবে ওবামা 'কখনোই এমনটি করতে পারেন না।' গত রোববার এফবিআইএর পরিচালক জেমস কোমি বলেছেন, বিচার বিভাগকে অবশ্যই ট্রাম্পের এই দাবির একটা সুরাহা করতে হবে কারণ এফবিআই আইন লঙ্ঘন করেছে এতে কটাক্ষ করা হয়েছে।

ট্রাম্প টাওয়ারে কোনো ধরনের আড়িপাতার কথা অস্বীকার করেছেন জাতীয় গোয়েন্দা সংস্থার সাবেক পরিচালক। হোয়াইট হাউস ঘটনাটির তদন্ত করতে কংগ্রেসের প্রতি আহ্বান জানিয়েছে। ২০১৬ সালের নির্বাচনের ঠিক আগে রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত তদন্ত সম্পর্কিত ঘটনার ব্যাপারে 'অত্যন্ত বিবর্তকর রিপোর্টের' ভিত্তিতে ট্রাম্প এ অভিযোগ করেছেন বলে

যেখানে একজন শীর্ষ আইন প্রয়োগকারী কর্মকর্তা প্রেসিডেন্টের বিরুদ্ধে যাচ্ছেন। বিষয়টি সত্যিই গুরুতর কি না প্রশ্ন করা হলে তিনি বলেন, এটি এমন এক বিষয় যা প্রেসিডেন্টকে নামিয়ে দিতে পারে। আবার এটা তেমন কিছু নাও হতে পারে। নির্বাচনী প্রচারাভিযানের সময়ে ও পরে রাশিয়া সরকার, রাশিয়ার গোয়েন্দা সংস্থা ও রাশিয়ার লোকজনের সাথে কোনো সম্পর্ক থাকলে মার্কিন সরকারের উচিত বিষয়টি একেবারে আগাগোড়া তদন্ত করা। তিনি আরো বলেন, এফবিআই যদি সত্যিই কিছু ব্যক্তির ওপর নজরদারি করে থাকে, তাহলে নিশ্চয়ই লক্ষ্যবস্তু ছিলেন বৈধ আইনগত ব্যক্তির। যেমন রাশিয়ার রাষ্ট্রদূত বা মস্কোয় গোয়েন্দা সংস্থার সাথে সংশ্লিষ্ট ব্যক্তির।

অভিযোগ প্রত্যাখ্যান এফবিআইর যুক্তরাষ্ট্রের গত নির্বাচনের মাসখানেক আগে সাবেক প্রেসিডেন্ট বারাক ওবামা তার ফোনে আড়ি পেতেছিলেন বলে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প যে অভিযোগ তুলেছেন, তা প্রত্যাখ্যান করেছেন এফবিআই প্রধান জেমস কোমি। এদিকে ট্রাম্পের ফোনে সাবেক প্রেসিডেন্ট বারাক ওবামার পক্ষ থেকে আড়ি পাতার ইস্যুতে কংগ্রেসনাল তদন্ত দাবি করা হয়েছে হোয়াইট হাউসের পক্ষ থেকে।

রোববার এক বিবৃতিতে কোমি বলেন, এ ধরনের অভিযোগ এফবিআইয়ের আইন ভাঙার বিষয়ে মানুষের মনে ভ্রান্ত ধারণা দেবে। তাই তিনি

জয় বাংলা

মহান স্বাধীনতা দিবস উপলক্ষে ১২ই মার্চ রবিবার

অনুষ্ঠিত হতে যাচ্ছে আবৃত্তি অনুষ্ঠান

## কবিতায় বাংলাদেশ

সময়ঃ সন্ধ্যা ৬টা থেকে রাত ৯টা

স্থানঃ ব্রাডি আর্টস সেন্টার

192-196 Hanbury St

London E1 5HU

জয় বঙ্গবন্ধু

FREE ENTRY FOR ALL THE FAMILY

অয়োজনেঃ বঙ্গবন্ধু সাংস্কৃতিক জোট, লন্ডন

Uday Sankar Das

Nadeem Qadir

Urmī Mazher

Smtity Azad

Munira Parvin

Sarnar Saha

Sala Uddin Shahin

Moinul Hossain Mula

Shahidul Islam Sagar

Shatarupa Chowdhury Anya

Tanjina Nur-I Siddique

Nazrul Islam Okib

## সৌদিতে এক মাসের মধ্যেই শ্রমিকদের পাসপোর্ট ফিরিয়ে দেয়ার নির্দেশ


দেশ ডেস্ক, ৬ মার্চ : সৌদিতে এক মাসের মধ্যেই শ্রমিকদের পাসপোর্ট ফিরিয়ে দেয়ার নির্দেশ দেয়া হয়েছে। শ্রম ও সামাজিক উন্নয়ন মন্ত্রণালয় বিভিন্ন প্রতিষ্ঠান এবং তাদের মালিকদের কাছে থাকা শ্রমিকদের পাসপোর্ট এক মাসের মধ্যে ফিরিয়ে দেয়ার নির্দেশ দিয়েছে। গত বছরের জুলাই মাসে মন্ত্রণালয়ের তরফ থেকে জানানো হয়েছিল, মালিকেরা তাদের প্রতিষ্ঠানে কর্মরত বিদেশী শ্রমিকদের পাসপোর্ট নিজেদের কাছে রাখতে পারবেন না। কোনো মালিক তার প্রতিষ্ঠানের বিদেশী শ্রমিকদের পাসপোর্ট জব্দ করে রাখলে তাকে শ্রমিকপ্রতি দুই হাজার সৌদি রিয়াল জরিমানা দিতে হবে।

ওই ঘোষণার পরেও কিছু প্রতিষ্ঠান তাদের শ্রমিকদের পাসপোর্ট নিজেদের কাছে জব্দ করে রেখেছে বলে অভিযোগ উঠেছে।

মন্ত্রণালয়ের মুখপাত্র খালিদ আল খাইল জানিয়েছেন, মন্ত্রণালয় শ্রমিকদের অধিকার রক্ষা এবং মালিক শ্রমিকদের মধ্যে চুক্তিমূলক সম্পর্ক নিয়ন্ত্রণের জন্যই এই সিদ্ধান্ত নিয়েছে। ২০১০ সালে এক গবেষণার পর জামিনদার প্রথা বিলুপ্তির আহ্বান জানায় দ্য ন্যাশনাল সোসাইটি ফর হিউমেন রাইটস (এনএসএইচআর)। সে সময় সংস্থাটি পরামর্শ দিয়েছিল যে, নিজের পরিবারের সদস্যদের ফোন করা এবং হজে অংশ নেয়ার জন্য কোনো শ্রমিকের তার মালিকের কাছ থেকে কোনো অনুমতি নেয়ার প্রয়োজন নেই। এনএসএইচআরের মহাসচিব খালিদ আল ফাখরি বলেছেন, শ্রমিকের পাসপোর্ট বাজেয়াপ্ত করে রেখে দেয়া মানবপাচারের মতোই। পাসপোর্ট একটি ব্যক্তিগত দলিল। পাসপোর্ট নিয়ে নেয়ার অধিকার কারো নেই।



## হাড়ের ক্ষয় রোধে করণীয়



ডা. আবদুল গনি মোল্লা

ব্যায়াম করুন  
গবেষণায় দেখা গেছে, ব্যায়াম হাড়ের বৃদ্ধিতে উদ্দীপনা জোগায়। সুতরাং আজ থেকেই ভারোত্তোলন ব্যায়াম শুরু করুন। বিশেষজ্ঞদের মতে, সপ্তাহে তিনবার ২০-৩০ মিনিট ব্যায়াম করলেই যথেষ্ট। আর যদি আপনি আরও বেশি করতে পারেন, তাহলে আরও ভালো। হাড় গঠনকারী উপাদান গ্রহণ করুন এ ক্ষেত্রে অবশ্যই আপনাকে ক্যালসিয়াম গ্রহণ করতে হবে। চেষ্টা করবেন দৈনিক এক হাজার থেকে এক হাজার ৫০০ মিলিগ্রাম ক্যালসিয়াম গ্রহণ করতে। আপনার বন্ধুদেরও বলবেন। দুগ্ধজাত পণ্য ক্যালসিয়ামের চমৎকার উৎস। চর্বি নিয়ে শঙ্কিত হবেন না দুগ্ধজাত খাবারে চর্বি থাকে বলে সেগুলো থেকে নিজেকে দূরে রাখবেন না। দুধ, দই, পনির প্রভৃতি খাবার স্বল্প চর্বি এবং চর্বিবিহীন দু'ভাবেই তৈরি করতে পারেন। দুধের চর্বি বাদ দিয়ে আপনি আসল পুষ্টি গ্রহণ করুন। কন্যাকে নিয়ে চিকিৎসকের কাছে যান মাঝেমধ্যে কন্যাকে নিয়ে আপনি নিজেও চিকিৎসকের কাছে যাবেন। চিকিৎসক আপনার পারিবারিক ইতিহাস জেনে অস্টিওপোরোসিস প্রতিরোধে কিছু ব্যবস্থাপত্র দেবেন। ভিটামিন-কে গ্রহণ করুন এই ভিটামিন হাড় গঠনকারী

অস্টিওক্যালসিন নামক প্রোটিনকে ত্বরান্বিত করে। বিশেষজ্ঞরা বলেন, হাড়ের জন্য ভালো ব্যবস্থা হলো দৈনিক ১০০ মাইক্রোগ্রাম ভিটামিন-কে গ্রহণ করা। ভিটামিন-কে'র চমৎকার উৎস হলো স্পিনিজ, ব্রকলি, বাঁধাকপি, অ্যাসপ্যারাগাস এবং বিভিন্ন সবুজ শাকসবজি। ধূমপান বন্ধ করুন আপনার যদি ধূমপানের অভ্যাস থাকে, এখনই ছেড়ে দিন। গবেষকদের ধারণা, ধূমপান ইস্ট্রোজেনের বিপাক ক্রিয়াকে বৃদ্ধি করে, যার ফলে হাড়ের বৃদ্ধির উদ্দীপনা কমে যায়। ম্যাগনেসিয়াম গ্রহণ করুন এই খনিজ সত্যিকার অর্থে আপনার হাড়ের ওপরের অংশ তৈরি করে। আপনাকে প্রতিদিন ৪০০ মিলিগ্রাম ম্যাগনেসিয়াম গ্রহণ করতে হবে। ম্যাগনেসিয়ামের ভালো উৎস হলো বাদাম, শুকনো শিম, স্পিনিজ, গমের ভূণ, গমের ভূসি প্রভৃতি। প্রয়োজনে সাপ্লিমেন্ট খান ক্যালসিয়াম সাপ্লিমেন্ট গ্রহণের মাধ্যমে আপনি আপনার ক্যালসিয়ামের মাত্রা বাড়াতে পারেন। তবে একবারে ৫০০ মিলিগ্রামের বেশি গ্রহণ করবেন না। ক্যালসিয়াম দিনের একটা নির্দিষ্ট সময়ে খাবেন। তবে ক্যালসিয়াম সাপ্লিমেন্ট অবশ্যই চিকিৎসকের পরামর্শ নিয়ে গ্রহণ করবেন।

- অধ্যাপক ও বিভাগীয় প্রধান, নটোর, আগারগাঁও, ঢাকা

## ফোবিয়া : মনের যতো ভয়

ডা. হেলাল উদ্দিন আহমেদ

শায়লার কল্পিত নাম বয়স একুশ বছর। ছোটবেলা থেকেই তার প্রচণ্ড মাকড়সাতীতি। যে ঘরে একটি ছোট মাকড়সা দেখা যাবে সেই ঘরে তাকে কোনোভাবেই ঢোকানো যাবে না। এমনও হয়েছে, সে কারও বাসায় বেড়াতে গিয়ে মাকড়সার জাল দেখে ছিটকে বেরিয়ে চলে এসেছে। এমনকি মাকড়সার ছবি দেখে সে প্রায়ই চিৎকার করে ওঠে। সাক্ষরের সমস্যা আরেকটু অন্য ধরনের। তার বয়স প্রায় ত্রিশ। তিনি উঁচু জায়গা থেকে নিচে তাকাতে ভয় পান। বড় বি'িংয়ের ছাদ তো দূরের কথা জানালার কাছেও তিনি যান না। চার-পাঁচতলার ওপর কারও বাসায় তিনি দাওয়াত খেতে যান না, চাকরির ইন্টারভিউ দিতে গিয়ে অফিস বারো তলায় দেখে তিনি ইন্টারভিউ না দিয়ে নিচ থেকেই ফেরত এসেছেন।



ভীতি মানুষের একেবারে স্বাভাবিক প্রতিক্রিয়া। তবে এই ভীতি যদি অযৌক্তিক হয়, তখন সেটাকে বলা হয় ফোবিয়া বা অযৌক্তিক ভীতি। ফোবিয়ার উপযুক্ত কারণ নেই, তবুও বিশেষ কিছু পরিস্থিতি বা বস্তু বা প্রাণী থেকে অযৌক্তিক ভয় পাওয়া- যেমন টিভিতে সাপ দেখে ভয় পেয়ে

চিৎকার করা, উঁচু জানালা থেকে বাইরে তাকালে আতঙ্কিত হয়ে পড়া ইত্যাদি। আরেকটি লক্ষণ হচ্ছে- যেসব বিষয়ে ব্যক্তির অযৌক্তিক ভয় আছে, সেই বিষয় বা পরিস্থিতি এড়িয়ে চলা- যেমন যিনি মানুষের ভিড় বা খোলা জায়গায় ভয় পান, তিনি দাওয়াতে যান না, বাজারে যান না, বন্ধ জায়গায় ভয় পান, তিনি সবসময় ঘরের দরজা খোলা রাখেন, লিফটে ওঠেন না। আর কখনও যদি এ ধরনের পরিস্থিতির মুখোমুখি পড়েই যান, তখন তার মধ্যে উৎকণ্ঠা বা অ্যাংজাইটির লক্ষণগুলো তৈরি হয় যেমন- রক্তচাপ পরিবর্তন হওয়া, হাত-পা ঠাণ্ডা হয়ে আসা, বুক ধড়ফড় করা, ঘাম হওয়া, মুখ ফ্যাকাশে হয়ে যাওয়া, মাথা ঘোরা, চিৎকার করা, অস্বাভাবিক আচরণ করা, মুখের ভেতর শুকিয়ে যাওয়া ইত্যাদি। শৈশবের ঘটনা দুর্ঘটনা, একজন মানুষের বেড়ে ওঠা, তার মনের গড়ন, ব্যক্তিত্ব ইত্যাদি কারণে ফোবিয়া হতে পারে। সাধারণভাবে ফোবিয়াকে তিন ভাগে ভাগ করা হয়- সূনির্দিষ্ট ফোবিয়া বিশেষ বস্তু বা বিশেষ পরিস্থিতির প্রতি অহেতুক অযৌক্তিক ভয়, যেমন কোনো বিশেষ প্রাণী বা পোকাকার প্রতি ফোবিয়া, সাপের ছবি দেখে উদ্ভিগ্ন হওয়া, উঁচু জায়গায় উঠে ভয় পাওয়া ইত্যাদি। সামাজিক ফোবিয়া সামাজিক অনুষ্ঠান, সভা, দাওয়াতে মানুষের সঙ্গে কথা বলতে, নিজেকে প্রকাশ করতে ভীষণভাবে অস্বস্তিবোধ করে, সে কারণে সে সামাজিকতা এড়িয়ে চলে। এগোরাফোবিয়া উন্মুক্ত খোলা জায়গা, জনবহুল এলাকা, বাজার, বাস, ট্রেন ইত্যাদিতে আতঙ্কিত হয়ে পড়ে, ফলে

সে এগুলো এড়িয়ে চলে। ভয় পাওয়ার মতো কোনো কারণ না থাকা সত্ত্বেও যদি কেউ ভয় পায়, সেটাই ফোবিয়া। যেমন সাপকে সবাই ভয় পায়, কিন্তু সাপের ছবি বা ভিডিও দেখে অযৌক্তিক ভয় পাওয়াটাই ফোবিয়া। ফোবিয়ার চিকিৎসায় প্রধানত সাইকোথেরাপি-কগনিটিভ থেরাপি, বিহেভিয়ার থেরাপি ইত্যাদির সঙ্গে উৎকণ্ঠাবিরোধী ওষুধ প্রয়োগ করা হয়। একটু ধৈর্য ধরে চিকিৎসা করলে ভালো ফল পাওয়া যায়। যে বিষয় বা পরিস্থিতির প্রতি ফোবিয়া আছে সেটিকে এড়িয়ে না চলে ধাপে ধাপে সেটির সঙ্গে নিজেকে পরিচিত করতে হবে, প্রয়োজনে মানসিক স্বাস্থ্য বিশেষজ্ঞের পরামর্শ নিতে হবে। বিশেষ কিছু ফোবিয়া : উচ্চতাভীতি - অ্যাক্রোফোবিয়া বন্ধজায়গার ভীতি- ক্লস্ট্রোফোবিয়া পানিভীতি : হাইড্রোফোবিয়া/একুয়াফোবিয়া মাকড়সাতীতি : অ্যারাকনোফোবিয়া সাপ ভীতি : অফিডিয়ো ফোবিয়া কুকুর ভীতি : সাইনোফোবিয়া সামাজিক ভীতি : সোস্যাল ফোবিয়া বড় খোলা জায়গা বা ভিড়ের প্রতি ভীতি : এগোরাফোবিয়া বজ্রপাত ভীতি : অ্যাক্সিডোফোবিয়া জীবাণুভীতি : মাইসোসোফোবিয়া মানুষের সামনে কথা বলার ভীতি : গ্লুসোসোফোবিয়া যেকোনো পাখি ভীতি : অর্নিথোফোবিয়া রক্তভীতি : হেমাফোবিয়া অঙ্ককারভীতি : নিস্ত্রোফোবিয়া চুলভীতি : চ্যাটোফোবিয়া- সহকারী অধ্যাপক জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট

## ডায়াবেটিস নিয়ন্ত্রণে করণীয়

ঢাকা, ৮ ফেব্রুয়ারি : ডায়াবেটিস এমন একটি রোগ, যা নিয়ন্ত্রণে রাখা জরুরি। রক্তের শর্করার পরিমাণ ঠিক রাখতে ও সুস্থভাবে জীবনযাপনের জন্য ডায়াবেটিস অবশ্যই নিয়ন্ত্রণে রাখতে হবে। ডায়াবেটিস নিয়ন্ত্রণে রাখতে হলে- ডায়েট করা : রক্তে শর্করার মাত্রা নিয়ন্ত্রণের সবচেয়ে সহজ উপায় হলো খাদ্যাভ্যাস পরিবর্তন করা। এ ছাড়াও এই অভ্যাস ডায়াবেটিস-সংক্রান্ত বিভিন্ন জটিলতার ঝুঁকি কমাতে সাহায্য করে। যেসব মানুষের টাইপ-২ ধরনের ডায়াবেটিস রয়েছে, তাদের কার্বো-হাইড্রেড ও চর্বির প্রতি খুব সতর্কতার সাথে লক্ষ্য রাখা উচিত। মোট প্রোটিনের পরিমাণ নিরীক্ষণ করা ও ক্যালরি হ্রাসের প্রতি যত্নবান হওয়া উচিত। ব্যায়াম : একজন ডায়াবেটিক রোগীর দৈনিক অন্তত ৩০ মিনিট ব্যায়াম করার লক্ষ্য নির্ধারণ করা উচিত। একজন ডায়াবেটিক রোগীর হাঁটার মতো মধ্যপন্থী ব্যায়াম করা প্রয়োজন। ব্যায়ামের ফলে শরীরের ইনসুলিনের মাত্রা উন্নত হয়, রক্তে শর্করার পরিমাণ কমে যায় এবং শরীরের শর্করার পরিমাণ কমাতে সাহায্য করে। তাই ডায়াবেটিক রোগীদের অবশ্যই প্রতিদিন ব্যায়াম করার অভ্যাস করা উচিত। ওষুধ : ব্যায়াম ও খাদ্যাভ্যাসে পরিবর্তনের পরও যদি ডায়াবেটিস নিয়ন্ত্রণে না আসে, তাহলে একজন ভালো ডাক্তারের পরামর্শ অনুযায়ী মৌখিক ওষুধ সেবন করা উচিত। কিছু ওষুধ রয়েছে, যা শরীরে ইনসুলিনের পরিমাণ বৃদ্ধি করে অগুণাশয় উদ্দীপিত করতে সাহায্য করে। কিন্তু এসব ওষুধের কিছু পার্শ্বপ্রতিক্রিয়া রয়েছে। এসব ওষুধ সেবনের ফলে ওজন বৃদ্ধি পায়। এর ফলে ওষুধ তখনই সেবন করুন, যখন ডাক্তার এতে সম্মতি দেন। ৪. ইনসুলিন : অনেক ডাক্তার ইনসুলিন নেয়ার জন্য পরামর্শ দিয়ে থাকেন। টাইপ-২ ডায়াবেটিক রোগীদের অবশ্যই ইনসুলিন নেয়ার কথা বলা হয়।

## ডায়াবেটিসের স্টার্ট চিকিৎসা ইনসুলিন প্যাচ

ডা. শাহজাদা সেলিম

ডায়াবেটিস চিকিৎসার প্রধানতম ওষুধ হলো ইনসুলিন। প্রতিদিন ইনজেকশন দিয়ে ইনসুলিন নেওয়ার ব্যাপারটি অধিকাংশ ক্ষেত্রে রোগীরা সহজভাবে মেনে নিতে পারে না। আবার এমন অনেক ক্ষেত্রে আছে যখন ইনসুলিনের কোনো বিকল্প থাকে না। ইনসুলিন দিয়ে ডায়াবেটিসের চিকিৎসার ব্যয়ও অত্যধিক। এ অবস্থা পরিবর্তনের জন্য ব্যাপক গবেষণা চলছে। বেশ কিছুদিন আগে ইনহেলার ইনসুলিন বাজারজাত করার পরে সবাই অনেক আশান্বিত হয়েছিল। কিন্তু সেটিও বেশি দিন টেকেনি। ২০১৪ সালে আবার ইনহেলার ইনসুলিন বাজারজাত করা হয়েছে। এটির ফল আশাশ্রম। কিন্তু তার চেয়েও আকর্ষণীয় ও ইনজেকশন নয় এমন ইনসুলিন হাতের নাগালে এসে গেছে। এটি হলো স্টার্ট প্যাচ- যা ত্বকের ওপরে স্থাপন করা অবস্থায় রক্তে গ্লুকোজের মাত্রা আপনি মেপে প্রয়োজন মতো ইনসুলিন নিঃসরণ করবে। বিজ্ঞানীরা আশা করছেন, এর ফলে কোটি কোটি ডায়াবেটিস রোগী কষ্টদায়ক ইনজেকশন নেওয়ার ঝুঁকি-ঝামেলা থেকে মুক্ত হয়ে চিকিৎসা নিতে পারবেন। অত্যন্ত উচ্চ প্রযুক্তির এই স্টার্ট প্যাচ অনেকটা প্রাস্টিকের মতো চামড়ার সঙ্গে লেগে থাকে এবং এটি আকারে ডাকটিকিটের মতো ছোট। এর সঙ্গে যুক্ত আছে শত শত সূক্ষ্ম সূঁচ বা মাইক্রোনিডল। মাইক্রোনিডলের সঙ্গে ইনসুলিন এবং গ্লুকোজের মাত্রা নির্ণয়ের জন্য এনজাইম সংযুক্ত থাকবে। এই প্রযুক্তির মূল বিষয় হচ্ছে ছোট ছোট বৃদ্ধদের মতো 'ইনটেলিজেন্ট ন্যানো-পার্টিকল'। এই বৃদ্ধদের মধ্যে ইনসুলিন এবং গ্লুকোজের মাত্রা নির্ণয়ের জন্য এনজাইম সংরক্ষিত থাকবে। রক্তে গ্লুকোজের মাত্রা বেড়ে গেলে স্বয়ংক্রিয়ভাবে 'ইনটেলিজেন্ট ন্যানো-পার্টিকল' তা শনাক্ত করবে এবং প্রয়োজন মতো ইনসুলিন নিঃসরণ করবে। একটি স্টার্ট প্যাচ এক নাগাড়ে কয়েকদিন ব্যবহার করা যাবে। প্রয়োজন অনুসারে সময়মতো তা বদলে নেওয়া যাবে।

- সহকারী অধ্যাপক, এডভান্সড ইনোভেশনাল বিজ্ঞান বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়

# Kingdom Solicitors

## Commissioner for OATHS

our services

- Immigration
- Family & Children
- Employment
- Litigation
- Benefit
- Landlord & Tenant
- Lease Transfer
- Force Marriage Problem

ইমিগ্রেশনের আবেদন ও আপিলসহ যে কোন বিষয়ে আমরা আইনী সহায়তা দিয়ে থাকি।

Tareq Chowdhury

Principal

This firm is Authorised and regulated by Solicitors Regulation Authority

m. 07961 960 650

t. 020 7650 7970

53A MILE END ROAD

FIRST FLOOR, LONDON E1 4TT

DX address: DX155249 TOWER HAMLETS 2



## বৃটিশ প্রধানমন্ত্রীদের পদাঙ্ক অনুসরণ করতে যাচ্ছেন কাশিফ

বর্তমানে পূর্ব লন্ডনের ফরেস্ট একাডেমির শিক্ষার্থী ১৫ বছর বয়সী কাশিফ কামালী। ইটনে পড়ার খরচ যোগানোর এত বিত্ত নেই পরিবারে। কিন্তু তুখোড় মেধা তাকে ইটনে পড়ার সুযোগ এনে দিয়েছে। ৭৬ হাজার পাউন্ড সমমানের স্কলারশিপ নিয়ে কাশিফ মর্যাদাপূর্ণ ইটন স্কুলে ভর্তির সুযোগ পেয়েছে। চলতি বছরের সেপ্টেম্বর থেকে নতুন স্কুলে কাশিফের ক্লাস শুরু হবে। তিনি এখানে এ-লেভেলে গণিত, রসায়ন, ইংরেজি সাহিত্য, বায়োলজি ও ইতিহাস বিষয়ে পড়াশুনা করবেন। কাশিফই প্রথম কোনো বাংলাদেশি যে অভিজাত ইটন স্কুলে ভর্তির সুযোগ পেলেন। কাশিফের এ সাফল্যে যুক্তরাজ্যে বাংলাদেশিদের এগিয়ে চলার ইতিহাসে নতুন পালক যুক্ত হলো। বাংলাদেশে কাশিফের আদিবাড়ি জগন্নাথপুরের শাহারপাড়া গ্রামে। তিন ভাইবোনের মধ্যে কাশিফ দ্বিতীয়। তার বড় ভাইয়ের নাম ইহতিশাম (২১)। ছোটবোনের নাম তাসনিম।

ইটনে পড়ার সুযোগ পেয়ে উচ্ছ্বসিত কাশিফ কামালী। তবে নিজের শেকড় ভুলে না যাওয়ার প্রত্যয়ের কথাও জানিয়েছেন তিনি। কাশিফ বলেন, সারাজীবন ধরে আমার পরিবার আমাদের ভাই-বোনদের উজ্জ্বল ভবিষ্যতের জন্য সংগ্রাম করেছেন। এই পরিবেশই আমি বড় হয়েছি। কাশিফ কামালি বলেন, ইটনে যারা পড়াশোনা করেন; তাদের মতো বিশেষ সুযোগ-সুবিধার সঙ্গে আমি পরিচিত নই। ফলে এটা আমার জন্য বিরাট সুযোগ। আমি তা দু'হাত ভরে গ্রহণ করব। কিন্তু নিজেকে আমি বদলাবো না। আমি ভুলে যাবো না; আমার শেকড় কোথায়। নিজের এই অর্জনের জন্য সব কৃতিত্ব কাশিফ তার বাবা শাহকে দিয়েছেন। শারীরিক প্রতিবন্ধকতা নিয়েও কাশিফের বাবা হিপ্রো বিমানবন্দরে কাজ করেন। তার বাবার জন্ম যুক্তরাজ্যে হলেও মায়ের জন্ম বাংলাদেশে। ডেইলি মেইলকে দেয়া সাক্ষাতকারে বাবাকে নিজের জীবনের 'নায়ক' হিসেবে আখ্যায়িত করেছেন কাশিফ। তার মতে, বাবাই তার মধ্যে নৈতিক শক্তির যোগান দিয়েছেন। এটাই তাকে সহযোগিতা করেছে এ পর্যায়

আসতে। কাশিফের পরিবারে এর আগে কেউ বিশ্ববিদ্যালয় পর্যায়ে পড়াশোনা করেননি। কাশিফ বলেন, আমার বাবার শরীরে অনেক আঘাত রয়েছে। তার হাঁটু ভাঙা ও পায়ে সমস্যা রয়েছে। এরপরও তিনি কাজ করতে প্রেরণা জুগিয়ে চলেছেন। তিনিই আমাকে শিখিয়েছেন, পৃথিবীতে বেঁচে থাকতে হলে কাজ করতে হবে। তিনি প্রতিদিন হিপ্রো বিমানবন্দরে অভিযান কর্মকর্তা হিসেবে কাজ করতে লন্ডন ঘুরে যেতেন। নিজের পরিবারের ভালো জীবনের জন্য তিনি সব সময় চেষ্টা করছেন। তিনিই আমার জীবনের নায়ক। কাশিফ এখন ফরেস্ট গেট কমিউনিটি স্কুলে পড়াশোনা করছেন। এই স্কুলের দুই-তৃতীয়াংশ শিক্ষার্থীই সুবিধাবঞ্চিত। স্কুলটি দেশটির জিসিএসই র্যাংকিং-এ সাক্ষ্যকালীন স্কুল বিভাগে ১৪তম স্থান অর্জন করেছে। সবগুলো পরীক্ষায় এ স্টার পাওয়া কাশিফ বলেন, ইটন একটি অসাধারণ স্কুল, সম্ভবত দেশের অন্যতম সেরা। তবে ফরেস্ট গেট স্কুলে শিক্ষকরা আমাকে যা শিখিয়েছেন তা অনেক বেশি।

এটনের শিক্ষার্থীরা সাধারণত রাজা-রানি, লর্ডস ও বিচারপতিদের সন্তান। এখানে (ফরেস্ট গেট) অনেক সামাজিক সমস্যা রয়েছে। অপরাধী চক্র, মাদক, দারিদ্র্য নিউহ্যাম এলাকার সাধারণ সমস্যা। ইটনের শিক্ষকদের এটা মোকাবেলা করতে হয় না। ১৪৪০ সালে ব্রিটিশ রাজা ষষ্ঠ হেনরি ইটন স্কুল প্রতিষ্ঠা করেন। এখানে দেশটির অনেক গুরুত্বপূর্ণ ব্যক্তি পড়াশোনা করেছেন। এর মধ্যে সাবেক ব্রিটিশ প্রধানমন্ত্রী ডেভিড ক্যামেরন এবং দেশটির বর্তমান পররাষ্ট্রমন্ত্রী বরিস জনসনও রয়েছেন। বরেন্য সাংস্কৃতিক ব্যক্তিত্ব পিবি শেলি, জর্জ ওরওয়েল, হিউ লরি ও ড্যামিয়েন লুইসও এ স্কুলে পড়াশুনা করেছেন। স্কলারশিপ পেয়ে ফরেস্ট গেট স্কুল থেকে কাশিফের আগে আরেক শিক্ষার্থী ইটনে গিয়েছিলেন। ইশাক আইরিফ নামের ওই শিক্ষার্থী ২০১৪ সালে স্কুলটিতে ভর্তি হন। তিনি এখন স্কুল অব আফ্রিকান অ্যান্ড ওরিয়েন্টাল স্টাডিজ বিষয়ে পড়াশোনা করছেন।

## সেফ এমপ্লয়েডদের জন্য দুঃসংবাদ

সেফ এমপ্লয়েড লোকজনের উপর ন্যাশনাল ইন্সুরেন্স বিল বৃদ্ধির প্রস্তাবের কারণে ব্যাখ্যা করতে গিয়ে ফিলিপ হ্যামন্ড বলেন, সেফ এমপ্লয়েড লোকের সংখ্যা 'নাটকীয়ভাবে বেড়ে গেছে'। তিনি বলেন, যাঁরা নির্দিষ্ট চাকরি করে নিয়মিতভাবে ন্যাশনাল ইন্সুরেন্স বিল দেন তাঁদের সাথে সেফ এমপ্লয়েডদের পরিচয় করা বিলের অনেক তফাৎ পরিলক্ষিত হচ্ছে। এটি অন্যায্য। এ কারণে চতুর্থ ক্যাটাগরির ন্যাশনাল ইন্সুরেন্স (এনআই) বিলের হার এই বছর ৯ শতাংশ থেকে ১০ শতাংশ করা হবে এবং ২০১৯ সালে গিয়ে এই হার ১১ শতাংশে নির্ধারণ করা হবে। বাজেট ঘোষণার সাথে সাথেই কনজারভেটিভ সরকারের বিরুদ্ধে নির্বাচনী প্রতিশ্রুতি ভঙ্গের অভিযোগ উঠেছে নানা মহল থেকে। দলটি ভ্যালু এডেড ট্যাক্স (ভিএটি), ন্যাশনাল ইন্সুরেন্স কন্ট্রিবিউশন (এনআইসি) ও ইনকাম ট্যাক্স বৃদ্ধি না করার প্রতিশ্রুতি দিয়েছিল নির্বাচনের আগে। তবে সরকারের মন্ত্রীরা বলছেন, এনআই বৃদ্ধি না করার যে প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল সেটি এমপ্লয়েডদের ক্ষেত্রে প্রযোজ্য, সেফ এমপ্লয়েডদের ক্ষেত্রে নয়।

এদিকে, বয়োবৃদ্ধ মানুষের সংখ্যা ক্রমাগত বৃদ্ধির প্রেক্ষাপটে ইংল্যান্ডের সোশ্যাল কেয়ার বাজেটে তীব্র ঘাটতির কথা স্বীকার করে ফিলিপ হ্যামন্ড আগামী তিন বছরে অতিরিক্ত দুই বিলিয়ন পাউন্ড বরাদ্দ দিয়ে বলেন, এই অর্থ ব্যবহার করে 'বিভিন্ন কাউন্সিল কর্তৃপক্ষ নতুন কেয়ার প্যাকেজ গ্রহণ করতে পারবে'। চলতি বছরের শেষ নাগাদ সোশ্যাল কেয়ারের জন্য দীর্ঘমেয়াদী অর্থ বরাদ্দের পরিকল্পনা ঘোষণা করবে বলেও জানান চ্যান্সেলার। এদিকে, লন্ডনকে বাড়তি গুরুত্ব দিয়ে এর উন্নয়নে মেয়রের হাতে নতুন ক্ষমতা দেওয়ারও প্রস্তাব করেছেন ফিলিপ হ্যামন্ড। রাজধানী শহরের রাস্তা-ঘাট, রেলপথ ও আভ্যারগ্রাউন্ড নেটওয়ার্কের উন্নয়ন সাধন করে অর্থনৈতিক অগ্রগতি অর্জনের লক্ষ্যে নতুন এই পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এর মাধ্যমে ব্রেস্টিট-পরবর্তী পরিস্থিতি মোকাবেলায় লন্ডন মেয়র সাদিক খান প্রয়োজনীয় ব্যবস্থা নিতে পারবেন বলে আশা করছে সরকার। বাজেট ঘোষণায় উল্লেখযোগ্য বিভিন্ন খাত সম্পর্কে আরও বেশ কিছু প্রস্তাব দেওয়া হয়েছে।

বিজনেস রেইট: আধুনিক ডিজিটাল যুগে বিজনেস

রেইটকে নতুনভাবে সাজানোর প্রয়োজনের কথা স্বীকার করেন চ্যান্সেলার। বাজেট প্রস্তাবে ফিলিপ হ্যামন্ড বলেন, যেসব পাব-এর রেইটেবল ভ্যালু ১শ হাজারের কম তাদেরকে ২০১৭ সালে বিজনেস রেইটের বিলে ১ হাজার পাউন্ড ডিসকাউন্ট দেওয়া হবে। বিভিন্ন কাউন্সিলকে ৩শ মিলিয়ন পাউন্ড সরকারী তহবিল বরাদ্দের ঘোষণা দিয়ে চ্যান্সেলার বলেন, যেসব ব্যবসায়িক প্রতিষ্ঠান কঠিন সময় পার করছে সেগুলোকে বেছে বেছে স্থানীয় কাউন্সিল নিজ ক্ষমতা প্রয়োগ করে রেইট রিবিফ দেবে ওই অর্থ ব্যবহারের মাধ্যমে।

শিক্ষা খাতও ভবিষ্যতে কারিগরি শিক্ষাকে আরও বিস্তৃত করার লক্ষ্যে ট্যাকনিকেল কোয়ালিফিকেশনের জন্য 'টি-লেভেলস' চালু করা হবে। এজন্য প্রাথমিকভাবে বছরে ৫০০ মিলিয়ন পাউন্ড বিনিয়োগ করা হবে। এর পর এই বিনিয়োগ ক্রমাগতভাবে আরও বাড়ানো হবে। এতে ১৬-১৯ বছর বয়স্ক ছাত্র-ছাত্রীরা অধ্যয়ন করবে এবং তাদের কোয়ালিফিকেশন অর্জনের অংশ হিসাবে তিন মাসের ওয়ার্ক প্লেইসমেন্ট গ্রহণ করবে। অন্যদিকে, আরও ১১০টি নতুন ফ্রি স্কুল প্রতিষ্ঠার জন্য অর্থ বরাদ্দ করবে সরকার। বর্তমানে ৫০০টি ফ্রি স্কুলে অর্থ বরাদ্দের প্রতিশ্রুতি আছে সরকারের। এছাড়া যেসকল ছাত্রছাত্রী ফ্রি স্কুল মিল পায় তাদের জন্য ফ্রি স্কুল ট্রান্সপোর্টের ঘোষণাও আছে বাজেটে। তামাক ও মদ : তামাক ও মদের উপর নতুন কোনো ট্যাক্স আরোপের ঘোষণা নেই বাজেটে, যদিও ধারণা করা হয়েছিল ট্যাক্স বাড়ানো হতে পারে। যেসব সিগারেটের প্যাকেটের মূল্য সর্বনিম্ন ৭.৩৫ পাউন্ড সেগুলোতে নতুন ট্যাক্স আরোপের প্রস্তাব রয়েছে বাজেটে।

আঞ্চলিক বরাদ্দ: স্কটিশ সরকারের জন্য অতিরিক্ত ৩৫০ মিলিয়ন পাউন্ড, ওয়েলশ সরকারের জন্য অতিরিক্ত ২০০ মিলিয়ন পাউন্ড আর নর্দার্ন আয়ারল্যান্ডের নতুন নির্বাহী পরিষদকে অতিরিক্ত প্রায় ১২০ মিলিয়ন পাউন্ড বরাদ্দের ঘোষণা দিয়ে চ্যান্সেলার ফিলিপ হ্যামন্ড বলেন, এর মাধ্যমে আমরা আবারও দেখাতে চাই যে 'ত্রৈকবন্ধ যুক্তরাজ্যই শক্তিশালী যুক্তরাজ্য'। অন্যদিকে, ইংল্যান্ডের উত্তরাঞ্চলের যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের জন্য ৯০ মিলিয়ন পাউন্ড এবং মিডল্যান্ডসের যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে ২৩ মিলিয়ন পাউন্ড বরাদ্দের ঘোষণা দেওয়া হয়েছে বাজেটে।

## জয়-পরাজয়ের নেপথ্যে

নির্বাচনে বিএনপির একক প্রার্থী থাকলেও সিলেটের ওসমানীনগর ও সুনামগঞ্জের জগন্নাথপুর দুই উপজেলাতেই আওয়ামী লীগ প্রার্থীর বিরুদ্ধে বিদ্রোহ করেন নিজ দলের নেতারা। আওয়ামী লীগের এ কোনদলের ফায়দা নিয়ে জয়ের মালা গলায় পরেছেন বিএনপি প্রার্থীরা। ওসমানীনগরে নৌকা ও ঘোড়াকে ডিঙিয়ে ধানের শীষ নিয়ে চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন বিএনপি প্রার্থী ময়নুল হক চৌধুরী। আর জগন্নাথপুরে নৌকা ও আনারসকে পেছনে ফেলে ধানের শীষ নিয়ে বিজয় ঘরে তুলেছেন বিএনপি প্রার্থী আতাউর রহমান। দলে একক প্রার্থী হওয়ার সুবিধা পেয়েছেন তারা।

দুই উপজেলার মধ্যে ওসমানীনগরে মূল লড়াইয়েই আসতে পারেননি আওয়ামী লীগ প্রার্থী আতাউর রহমান। বিজয়ী প্রার্থী বিএনপির ময়নুল হক চৌধুরীর ভোটার অর্ধেকও তিনি নিজের বাঞ্ছা করতে পারেননি। তবে আওয়ামী লীগের বিদ্রোহী প্রার্থী আখতারুজ্জামান চৌধুরী জগলু ছেড়ে কথা কহনি বিজয়ী প্রার্থীকে। ঘোড়া প্রতীক নিয়ে ময়নুল হকের একদম ঘাড়ের ওপরই নিঃশ্বাস ফেলেছেন জগলু চৌধুরী। ২ হাজার ১শ' ভোটার ব্যবধানে হার মানেন তিনি। নির্বাচনে বিএনপি প্রার্থী ময়নুল হক চৌধুরী দলীয় প্রতীক ধানের শীষে ভোট পেয়েছেন ২০ হাজার ৭৭৮টি, আওয়ামী লীগের বিদ্রোহী প্রার্থী জগলু চৌধুরী ঘোড়া প্রতীক নিয়ে পেয়েছেন ১৯ হাজার ৬৭৮ ভোট, আওয়ামী লীগের মূল প্রার্থী আতাউর রহমান তার নৌকার বাঞ্ছা করতে পারেননি ৯ হাজার ৮০৯ ভোট, জাতীয় পার্টির প্রার্থী শিকির আহমদ লাঙ্গল নিয়ে পেয়েছেন ২ হাজার ৪২৪ ভোট। নির্বাচনে নিজেদের একক প্রার্থী থাকলে ফল যে উলটে যেতে পারত সেটা দিনশেষে ভালোই বুঝেছেন আওয়ামী লীগের নেতা কর্মীরা। আবার কেউ বলছেন, আওয়ামী লীগের প্রার্থী বাছাইই ঠিক হয়নি। একসময়ের জনতা পার্টির নেতা আতাউর রহমানকে এখনো অনেকেই মনেপ্রাণে আওয়ামী লীগ নেতা হিসেবে মেনে নিতে পারেননি। তাই তারা ভোট চেলেছেন বিদ্রোহীর বাঞ্ছা। আর সেটাই সুযোগ হয়ে ধরা দিয়েছে বিএনপি প্রার্থীর সামনে। দলীয় বিদ্রোহের কারণে ওসমানীনগর উপজেলা থেকে একেবারে শূন্য হতেই ফিরতে হয়েছে আওয়ামী লীগকে। ভাইস চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন বিএনপি প্রার্থী গয়াস মিয়া। অবশ্য টেলিভিশনের কারণে এ পদে আওয়ামী লীগের কোনো প্রার্থী ছিল না। গয়াস মিয়া ধানের শীষ প্রতীকে পেয়েছেন ২৯ হাজার ৭০৮ ভোট। তার প্রতিদ্বন্দ্বী স্বতন্ত্র প্রার্থী ফেরদৌস খান তালা প্রতীক নিয়ে পেয়েছেন ২১ হাজার ১৪৭ ভোট। নারী ভাইস চেয়ারম্যান পদে আওয়ামী লীগের প্রার্থী থাকলেও তাকেও বিপুল ভোটে হার মানতে হয়েছে বিএনপি প্রার্থীরা কাছে। বিএনপি প্রার্থী মুসলিমা

আজার চৌধুরী ধানের শীষ প্রতীকে ভোট পেয়েছেন ২৫ হাজার ৫৩৪টি। তার প্রতিদ্বন্দ্বী আওয়ামী লীগ প্রার্থী মুক্তা পারভীন নৌকা প্রতীকে ১৬ হাজার ৬০ ভোট পেয়েছেন। জগন্নাথপুরেও বিদ্রোহের কারণে হারতে হয়েছে আওয়ামী লীগ প্রার্থীকে। অবশ্য এ উপজেলায় মূল লড়াইয়েই ছিলেন আওয়ামী লীগ প্রার্থী সৈয়দ আকমল হোসেন। আওয়ামী লীগের বিদ্রোহী প্রার্থী মুক্তাদীর আহমদ মুক্তাকে তৃতীয় অবস্থান নিয়ে সন্তুষ্ট থাকতে হয়েছে। দুজনের এ বিরোধকে কাজে লাগিয়ে চেয়ারম্যানের পদটি দখল করেছেন বিএনপি প্রার্থী আতাউর রহমান। যিনি গেলবার হার মেনেছিলেন আওয়ামী লীগ প্রার্থী আকমল হোসেনের কাছে। এবার জয়ী হয়ে প্রতিশোধ নিলেন আতাউর রহমান। নির্বাচনে বিএনপি প্রার্থী আতাউর রহমান ধানের শীষে ভোট পেয়েছেন ২৯ হাজার ৯১৪টি, আওয়ামী লীগের মূল প্রার্থী আকমল হোসেন নৌকা প্রতীক নিয়ে পেয়েছেন ২৫ হাজার ১৯৮ ভোট, আওয়ামী লীগের বিদ্রোহী প্রার্থী মুক্তাদীর আহমদ মুক্তা আনারস প্রতীক নিয়ে পেয়েছেন ১৩ হাজার ৬১৫ ভোট। ভাইস চেয়ারম্যান পদে নির্বাচিত হয়ে এ উপজেলায় আওয়ামী লীগের মুখ রেখেছেন বিজন কুমার দেব। নৌকা প্রতীক নিয়ে তিনি ভোট পেয়েছেন ২০ হাজার ২৪২ ভোট। তার প্রতিদ্বন্দ্বী বিএনপি প্রার্থী সোহেল আহমদ খান টুনু ধানের শীষ প্রতীকে ভোট পেয়েছেন ১৫ হাজার ৩৩৮টি। নারী চেয়ারম্যান পদে অবশ্য বিএনপি প্রার্থীর কাছে হার মানতে হয়েছে আওয়ামী লীগ প্রার্থীকে। বিএনপি প্রার্থী ফারজানা বেগম ধানের শীষ প্রতীক নিয়ে ভোট পেয়েছেন ২৮ হাজার ১৪৬ আর আওয়ামী লীগ প্রার্থী হাজেরা বারী নৌকা প্রতীক নিয়ে ২৩ হাজার ৮৩০টি ভোট পেয়েছেন।

দলে বিদ্রোহ নির্বাচনের আগে সংঘর্ষ সবমিলিয়ে ভোটার পরিবেশ উত্তেজনা হলেও শেষমেশ দুই উপজেলাতেই ভোট হয়েছে নির্বিঘ্ন ও শান্তিপূর্ণ। নির্বাচনের আগে দুই উপজেলায় উত্তেজনা থাকলেও নির্বাচনের দিন সব উত্তাপ হাওয়ায় মিলিয়ে গিয়েছিল। দুই উপজেলাতেই ভোটার উপস্থিতি ছিল কম। ওসমানীনগরে ভোট দিয়েছেন ৪০ ভাগ ভোটার। বাকি ৬০ ভাগ ভোটারই তাদের সিদ্ধান্ত জানাতে ভোটকেন্দ্রে আসেননি। আর জগন্নাথপুরে ৫৯ ভাগ ভোটারই কেন্দ্রে হাজির ছিলেন না। নতুন উপজেলা ঘোষিত হওয়ার পর প্রথম উপজেলা পরিষদ নির্বাচন হওয়ায় ওসমানীনগরের ভোট নিয়ে প্রথম দিকে ভোটারদের বেশ উৎসাহ-উদ্দীপনা দেখা গিয়েছিল। কিন্তু নির্বাচনের আগে সংঘর্ষে দুজনের প্রাণহানির ঘটনায় উৎকণ্ঠা ভর করে ভোটারদের মনে। যার প্রভাব পড়ে নির্বাচনের দিনে। অন্যদিকে প্রবাসীদের অংশগ্রহণ না থাকায় জগন্নাথপুরের নির্বাচন শুরু থেকেই অনেকটাই প্রাণ হারিয়ে ফেলেছিল। ভোটের দিন এরই প্রভাব পড়ে।



# বাংলা টাউন ক্যাশ এন্ড ক্যারি



**আমাদের এখানে রয়েছে ফ্রেশ মাছ, হালাল মাংস, তাজা শাক-সজিসহ গৃহস্থালী সকল পণ্য।**

CELEBRATING

## 20

TH ANNIVERSARY

**বাংলা টাউন ক্যাশ এন্ড ক্যারি আপনার নিত্যপ্রয়োজনীয় পণ্যের যোগান দিয়ে থাকে।**

ফ্রি পার্কিংয়ের সুবিধা

**All major Credit & Debit Card welcome**



**67-77 Hanbury Street  
London E1 5JP  
T : 020 7377 1770**

FREE RAFFLE DRAW

REGISTER YOUR DETAILS AT THE STORE

1st PRIZE

BIMAN AIRLINE TICKET

2nd PRIZE

MINI IPAD

3rd PRIZE - DIGITAL CAMERA





## ড. আবুল কালাম আজাদ

সম্পাদক  
মাসিক যাইতুন

প্রশ্নঃ মানুষ ছাড়া অন্যান্য পশু-পাখি বা জিনিসপত্রের নাম রাখা বা সেই নামে ডাকা জায়েজ আছে কি? দলীলসহ বিস্তারিত লেখার জন্যে অনুরোধ করছি।

উত্তরঃ হ্যাঁ, মানুষ ছাড়া নিজের যে কোন প্রাণী, পালিত পশু পাখি এমনকি নিজের যেকোন ব্যবহার্য জিনিস-পত্রের নাম রাখা ও সেই নামে ডাকা জায়েজ আছে।

তবে মনে রাখতে হবে, এমন নাম বা শব্দ দিয়ে ডাকা যাবে না, যার অর্থ খারাপ। নিজের জিনিসের দেওয়া নাম যদি খারাপ হয়, তার একটা প্রভাব নিজের ওপর পড়তে পারে আর এতে তো নিজের ইমান-আক্বীদা ও রুচির পরিচয় বহন করে।

আল্লাহ তায়ালার নিজেরও ৯৯টার বেশি নাম



# মাসআলা-মাসাইল

আছে। কিন্তু সবগুলোই সুন্দর। রাসূলুল্লাহ (সাঃ)রও একাধিক নাম ছিলো।

এ সম্পর্কে একটা ঘটনা বলি আপনাকে- একবার রাসূলুল্লাহ (স) এর কাছে একটা দুধেলা ছাগী আনা হলে তিনি জিজ্ঞাসা করলেন কে এই ছাগীটা দুধ দুইয়ে দিতে পারবে? তখন এক লোক উঠে দাঁড়ালেন। রাসূলুল্লাহ (স) জিজ্ঞাসা করলেন তোমার নাম কি? লোকটি বললেন- মুররা (মানে- তিতো বা টক)। রাসূলুল্লাহ (সাঃ) বললেন বসো। এবার তিনি আহ্বান করলেন অন্য কাউকে। এবার আরেকজন উঠে দাঁড়ালেন। তিনি জিজ্ঞাসা করলেন- তোমার নাম কি? তিনি বললেন- হারব (মানে- যুদ্ধ)। রাসূলুল্লাহ (স) বললেন- তুমি বসো। এবার তিনি আবার আহ্বান করলেন- কে এই ছাগীর দুধ দুইতে পারবে? এবারও আরেকজন উঠে দাঁড়ালেন। রাসূলুল্লাহ (স) জিজ্ঞাসা করলেন- তোমার নাম কি? তিনি বললেন- ইয়াইশ (মানে- বেঁচে থাকে)। রাসূলুল্লাহ (স) বললেন- ঠিক আছে- তুমি দুইয়ে দাও ছাগীটা। (মুয়াত্তা)।

এর মানে হলো- তিনি যার নামের অর্থ ভালো, বা যার নাম ভালো তাকে দিয়েই এই কাজটা

যেখানে আল্লাহ তায়ালা নিজেই মানুষকে সম্মানিত করেছেন সেখানে আমরা তাকে হেয় করা বা ছোট করা ঠিক হবে না। আল্লাহ যেন কোনো মৃত ব্যক্তিকে অসম্মান করাকেও নিষেধ করেছেন। ফলে জীবিত কাউকে গরু-ছাগল বা গাধা বলাটা অনুচিত।

করালেন। এছাড়া সহীহ ইবনে হিব্বানে আব্দুল্লাহ ইবনে আব্বাস থেকে বর্ণিত আছে যে রাসূলুল্লাহ (স) এর পালিত পশু ও ব্যবহৃত তৈজস পত্রেরও নাম ছিলো। যেমন তাঁর রূপাখঁচিত তরবারির নাম ছিলো যুল-ফিক্বার, তাঁর বর্মের নাম ছিলো বায়দা তাঁর একটা ঘোড়ার নাম ছিলো মুরতাজায়, আরেকটার নাম ছিলো সাকাব। তাঁর দুলদুল নামের একটা খচ্চর ছিলো, তাঁর উটের নাম ছিলো আল-ক্বাসওয়া, তাঁর গাধার নাম ছিলো ইয়াফুর, এমনকি তাঁর আয়নার নাম ছিলো আল-মিদাল্লাহ। এভাবে অন্যান্য সাহাবাদের জিনিসপত্রের নামও

ছিলো এবং তাঁরা এই নামে ডাকতেন। সুতরাং বুঝতেই পারছেন যে, আমরা আমাদের যে গৃহপালিত জন্তু, গবাদি পশু-পাখিদের নাম দিতে পারি, জিনিসপত্রের নামও দিতে পারি। তবে নাম যেন ভালো হয়। বিশেষ করে, বাচ্চারা এই ধরণের নাম দেওয়াকে খুবই পছন্দ করে। আমার মেয়েরা তাদের ব্যবহৃত জিনিসের নাম দিয়েছে ও সেই নামে ডাকে ও খোঁজে। যেমন তাদের বালিশের নাম আছে, লেপের নাম আছে। তাদের ব্যাগের নিজস্ব নাম আছে। আমার কাছে এটা খুব মজার লাগে। দেখুন তো, আজ থেকে ঘরে এর কিছু প্রচলন করতে পারেন কি-না?

প্রশ্নঃ কোন মানুষকে গরু বা গাধা বলা ঠিক কি-না? যেমন আমরা বলি- তুই একটা গরু বা গাধা বা ছাগল ইত্যাদি?

উত্তরঃ আমার আগের প্রশ্নোত্তরে এর কিছুটা উত্তর এসে গেছে। আল্লাহ আমাদেরকে মানুষ করে সৃষ্টি করেছেন এবং আল্লাহ বলেছেন যে, আমি বনী আদমকে বা আদমের সন্তানদেরকে অনেক সম্মান দান করেছি (সূরা আল-ইসরাঃ ৭০), তিনি আরো বলেছেন যে- আমি মানুষদের সর্বোত্তম অবয়বে তৈরি করেছি (সূরা আত-তীনঃ ৪)।

যেখানে আল্লাহ তায়ালা নিজেই মানুষকে সম্মানিত করেছেন সেখানে আমরা তাকে হেয় করা বা ছোট করা ঠিক হবে না। আল্লাহ যেন কোনো মৃত ব্যক্তিকে অসম্মান করাকেও নিষেধ করেছেন। ফলে জীবিত কাউকে গরু-ছাগল বা গাধা বলাটা অনুচিত। হ্যাঁ, আমরা অনেক সময় হাস্যোচ্ছলে বা রূপক অর্থেও বলি। কিন্তু এটা না বলা উচিত। আমাদের রাসূল (সাঃ) বা সাহাবায়ে কেয়াম ও উলামায়ে কেয়ামের কাছে থেকে আমরা এই ধরণের কোন আমল দেখিনি না শিখিনি। আমরা যদি কেউ এই ধরণের অভ্যাসে অভ্যস্ত হয়ে থাকি, আজ থেকে সেটা পরিহার করি। কারণ এখানে ভালো কিছু নেই। আমরা সবাই কিন্তু কম বেশি ভুল করি, কম বেশি বোকা। তাই বলে আপনাকে আমাকে যদি কেউ গরু-গাধা বা ছাগল বলে সেটা কেমন শোনাবে? আমাদের মনে কেমন লাগবে? যেটা আমরা নিজের জন্যে পছন্দ করি না সেটা অন্যের জন্য কেন করব। রাসূলুল্লাহ (সাঃ) বলেছেন যে, তোমার ভাইয়ের জন্য সেই জিনিস পছন্দ করো যা তোমার নিজের জন্য পছন্দ করো।

## ঈমানের পরিচয়

### মো: মাসুম বিল্লাহ বিন রেজা

ঈমান হচ্ছে অন্তর দিয়ে বিশ্বাস করা, জিহ্বা দিয়ে বলা আর অঙ্গপ্রত্যঙ্গ দ্বারা তা কাজে পরিণত করা। রাসূল সা: বলেছেন, 'ঈমান হচ্ছে- অন্তর দিয়ে বিশ্বাস করা, জিহ্বা দিয়ে বলা আর অঙ্গপ্রত্যঙ্গ দিয়ে তা কাজে পরিণত করা' (আশ-শরিয়াহ, ১৩১ পৃষ্ঠা)।

আল্লামা ইবনে রজব রহিমাহুল্লাহ বলেন, ঈমান হচ্ছে মনন, বলা ও করা। আর সব কাজই ঈমান নামের শামিল।

ইমাম শাফিঈ রহিমাহুল্লাহ বলেন, এ বিষয়ে সাহাবায়ে কেয়াম এবং তাদের পরবর্তী তাবেঈনদের ইজমা আছে (আকিদাতুল মুসলিমিন ২য় খণ্ড, ৫০ পৃষ্ঠা)। এ জন্যই মনে হয় আল্লাহ তায়ালা আল কুরআনের ৭০টি আয়াতে ঈমান ও আমলের কথা মিলিতভাবে বর্ণনা করেছেন (কিতাবুশ শারিয়াত, ৩৪ পৃষ্ঠা)।

ইবনে তাইমিয়া রহিমাহুল্লাহ বলেন, ঈমান যখন বিনা কাজে শুধু কথাতো হবে তখন তা কুফরি হবে। আর যখন তা শুধু কথা ও কাজে হবে বিনা মননে তখন তা মুনাফিকি হবে। আর যখন তা সূনাত মোতাবেক না হয়ে কেবল কথা ও কাজ এবং

নিয়ত অনুযায়ী হবে, তখন তা বিদআত ও মনগড়া হবে (কিতাবুল ঈমান, ১৫২ পৃষ্ঠা)।

এখন কোনো মুসলিমের মাঝে যদি ইসলামের কোনো একটি ইবাদত দেখা না যায় তাহলে এটি বলা খুবই কঠিন সেই ব্যক্তি সত্যিই মুসলমান কিনা। তবে কোনো ব্যক্তিকে যদি নিয়মিত পাঁচ ওয়াক্ত নামাজ পড়তে দেখা যায়, জাকাত দিতে দেখা যায়, যদি দেখা যায় সে ইসলাম যে কাজগুলো করতে নিষেধ করেছে সেগুলো থেকে বিরত থাকে, তা হলে নিশ্চিতরূপে বলা যায় সে একজন মুসলিম।

ঈমানের মূল ঈমানের মূল ছয়টি। সেগুলো হচ্ছে- আল্লাহ তায়ালার প্রতি ঈমান, তাঁর ফেরেশতামঞ্জীর প্রতি ঈমান, তাঁর কিতাবসমূহের প্রতি ঈমান, তাঁর রাসূলগণের প্রতি ঈমান, আখেরাতের প্রতি ঈমান এবং তাকদিরের ভালো-মন্দের প্রতি ঈমান। কুরআনুল কারিম এবং সহিহ হাদিসের বক্তব্য অনুযায়ী উক্ত ঈকনসমূহের প্রত্যেকটির প্রতি ঈমান না আনা পর্যন্ত কারো ঈমান পূর্ণ হবে না। যে ব্যক্তি এগুলোর কোনো একটিকে অস্বীকার করবে, সে ঈমানের গণ্ডি থেকে বের হয়ে যাবে।

মহান আল্লাহ বলেন, 'রাসূলের নিকট তাঁর প্রতিপালকের পক্ষ থেকে যে অহি অবতীর্ণ হয়েছে, তাকে তিনি এবং মুমিনগণ মনে-

প্রাণে বিশ্বাস করেছেন। তাঁরা সবাই ঈমান এনেছেন আল্লাহর প্রতি, তাঁর ফেরেশতামঞ্জীর প্রতি, তাঁর কিতাবসমূহের প্রতি এবং তাঁর রাসূলগণের প্রতি। (তাঁরা বলে,) আমরা তাঁর রাসূলগণের মধ্যে কোনো তারতম্য করি না। তাঁরা বলে, আমরা শুনেছি এবং মেনে নিয়েছি। হে আমাদের পালনকর্তা! আমরা আপনার কাছে মা চাই এবং আপনারই নিকট প্রত্যাবর্তন করতে হবে' (আল কুরআন, সূরা বাকারা-২৮৫)।

তাছাড়া রাসূল সা:-কে ঈমান সম্পর্কে জিজ্ঞেস করা হলে তিনি বলেন, 'ঈমান হচ্ছে- আল্লাহর প্রতি, তাঁর ফেরেশতামঞ্জীর প্রতি, তাঁর কিতাবসমূহের প্রতি, তাঁর রাসূলগণের প্রতি এবং তাকদিরের ভালো-মন্দের প্রতি বিশ্বাস স্থাপন করা' (সহিহ মুসলিম)।

ঈমানের ধ্বংস

ঈমান ধ্বংসের কারণ ১০টি : ১. আল্লাহর সঙ্গে শিরক করা।

২. নিজের ও আল্লাহর মধ্যে মধ্যস্থতা সাব্যস্ত করে তাদের

ওপরেই ভরসা রাখা। ৩. মুশরিককে মুশরিক বা কাফেরকে কাফের না বলা বা তাদের কুফরিতে সন্দেহ পোষণ করা কিংবা তাদের ধর্মকে সঠিক ভাবা। ৪. এ বিশ্বাস করা যে, অন্যের আদর্শ নবী সা:-এর আদর্শের চেয়ে অধিক পূর্ণাঙ্গ। কিংবা এ বিশ্বাস করা যে, অন্যের বিধান নবী সা:-এর বিধান অপো অধিক উত্তম। ৫. রাসূল সা: আনীত কোনো বস্তুকে ঘৃণার চোখে দেখা। এ অবস্থায় সে কাফের বলে গণ্য হবে যদিও সে ওই বস্তুর ওপর বাহ্যিকভাবে আমল করে। ৬. দ্বীনের কোনো বিষয় নিয়ে বা তার পুরস্কার কিংবা শাস্তিকে নিয়ে ঠাট্টা-বিদ্রূপ করা। ৭. জাদু-টোনা করা। ৮. মুসলমানদের বিরুদ্ধে মুশরিকদের সাহায্য সহযোগিতা করা। ৯. ইসলাম ছাড়া অন্য ধর্ম মানলে জান্নাত পাওয়া যাবে এটি ভাবা। ১০. সম্পূর্ণরূপে আল্লাহর দ্বীন থেকে বিমুখ থাকা।

লেখক : প্রভাষক, টিভি আলোচক, প্রাবন্ধিক

## মাসআলা-মাসাইল বিভাগে প্রশ্ন পাঠানোর ঠিকানা

সুপ্রিয় পাঠক, সাপ্তাহিক দেশ-এর নিয়মিত বিভাগ মাসআলা-মাসাইল-এ আপনার যে কোনো ধর্মীয় প্রশ্ন পাঠাতে পারেন। বিশিষ্ট ইসলামী চিন্তাবিদ ও টিভি ব্যক্তিত্ব ড. আবুল কালাম আজাদ আপনার প্রশ্নের সুচিন্তিত জবাব দিচ্ছেন। নিচের ঠিকানায় ডাক যোগে অথবা ইমেইলে আজই আপনার প্রশ্ন পাঠিয়ে দিন।

Weekly Desh

65 New Road, London E1 1HH.

Email: kalamahsan@hotmail.com



তারিখ	দিন	ফজর শুরু	সূর্যোদয়	যুহর শুরু	আছর শুরু	মাগরিব শুরু	ইশা শুরু
১০ মার্চ	শুক্রবার	৪:৪৬	৬:২৩	১২:১৬	৪:০২	৬:০০	৭:২২
১১ মার্চ	শনিবার	৪:৪৩	৬:২০	১২:১৫	৪:০৪	৬:০১	৭:২৩
১২ মার্চ	রবিবার	৪:৪১	৬:১৮	১২:১৫	৪:০৫	৬:০৩	৭:২৫
১৩ মার্চ	সোমবার	৪:৩৯	৬:১৬	১২:১৫	৪:০৭	৬:০৫	৭:২৬
১৪ মার্চ	মঙ্গলবার	৪:৩৭	৬:১৪	১২:১৫	৪:০৮	৬:০৭	৭:২৮
১৫ মার্চ	বুধবার	৪:৩৪	৬:১১	১২:১৪	৪:০৯	৬:০৮	৭:২৯
১৬ মার্চ	বৃহস্পতিবার	৪:৩২	৬:০৯	১২:১৪	৪:১১	৬:১০	৭:৩১



# সেই শ্রীলঙ্কাতেই মুশফিকের বৃত্তপূরণ

# একসঙ্গে দুই বন্ধু

ঢাকা, ৭ মার্চ : সংবাদ সম্মেলনে দু-তিনটি প্রশ্নের পর অমোঘ সেই প্রশ্নটি উঠল। মুশফিক, এই টেস্টে আপনি তো আর উইকেটকিপার নন, তো কেমন উপলব্ধি হচ্ছে আপনার? ডায়ালগে একা বসে বাংলাদেশের অধিনায়ক। দৃষ্টির উজ্জ্বল্য নিভে গেল দপ করে। মুখে জোর করে আটকে রাখা হাসি। নিচে দাঁড়িয়ে ম্যানেজার খালেদ মাহমুদ যেন উৎসুক শ্রোতা ও দর্শকের যুগল ভূমিকায়।

মুশফিকের বুকের মধ্যে কিছু ঢেউ ভাঙচুর হয়ে যেন শান্ত হয়ে আছড়ে পড়ল, 'একটু অন্য রকম তো লাগবেই।' এত দিন ধরে কিপিং করেছি... 'সম্পূর্ণরূপে বাক্যেই প্রকাশিত হলেন বাংলাদেশের অধিনায়ক, 'আমি এত দিন ধরে বলে এসেছি, কিপিং সব সময় আমাকে সাহায্য করত। উইকেটের পেছনে থেকে বুঝতে পারতাম উইকেটের আচরণ কেমন। এটা আমার ব্যাটিংয়েও কাজে লাগত। কিন্তু দল থেকে আমাকে যা করতে বলা হবে, তা তো করতেই হবে। আমি খুশি। চেষ্টা করব, ওপরে খেলে দলের জন্য যতটা পারি অবদান রাখতে।' তার মানে মুশফিকই পরিষ্কার করে দিলেন, স্বেচ্ছায় তিনি উইকেটকিপিং ছাড়ার সিদ্ধান্ত নেননি। টিম ম্যানেজমেন্ট চেয়েছে বলেই সরে দাঁড়িয়েছেন। হয়তো আরও ওপর থেকে নির্দেশ এসেছে বলেই তিনি এটা মেনে নিয়েছেন।

তার মানে তাঁর ব্যাটিং প্রতিভা ও সামর্থ্য কাজে লাগানোর জন্যই এই সিদ্ধান্তটি হয়নি। গত দুটি সফরে এবং নিকট অতীতে উইকেটকিপিংয়ে যে ভুলগুলো তাঁকে সমালোচনার ছল ফোটাচ্ছিল, সেসবও বিবেচনায় এসেছে। তাহলে মুশফিকের রহিম এখন অধিনায়ক ও ব্যাটসম্যান। ব্যাটিং ও অধিনায়কত্ব মিলিয়ে বাংলাদেশের

পারফরম্যান্সের লেখচিত্রকে তিনি ওপরের দিকে তুলে নেন। ঠিক যেমনভাবে শ্রীলঙ্কার কুমার সাঙ্গাকারা এবং নিউজিল্যান্ডের ব্রেভন ম্যাককালাম ওপরের দিকে নিয়ে গিয়েছিলেন তাঁদের দলকে। মুশফিককে সাঙ্গাকারা ও ম্যাককালামের মতোই হতে হবে।



অ্যাডাম গিলক্রিস্ট বা মহেন্দ্র সিং ধোনির মতো হতে চাইলে হবে না। সে যতই তিনি দীর্ঘশ্বাস ছেড়ে বলুন, উইকেটের পেছনে থাকলে ব্যাটিংয়েও একটা ইতিবাচক প্রভাব পড়ত। যা-ই হোক, হাতের গ্লাভস খুলে ফেলার মধ্য দিয়ে শ্রীলঙ্কাতেই একটা বৃত্তপূরণ হয়ে যাচ্ছে মুশফিকের। এই শ্রীলঙ্কাতেই টেস্ট উইকেটকিপার হিসেবে অভিষেক। দীর্ঘদিনের কাভারি খালেদ মাসুদকে সরিয়ে মুশফিক উইকেটের পেছনে দাঁড়িয়েছিলেন পি সারা ওভালের টেস্টে। তারিখ ৩ জুলাই, ২০০৭। সেই টেস্টের দ্বিতীয় ইনিংসেই খেলেছিলেন ৮০ রানের এক বলমলে ইনিংস। যে দেশের মাটিতে ক্যারিয়ার শুরু হয়েছিল যৌথ ভূমিকায়, সে দেশের মাটিতেই প্রায় নয় বছর পর ভূমিকা বদল। কী অভূত! নিয়তি কখনো কখনো এমন ঘটনাচক্র সাজিয়ে রাখে।

মুশফিক তাঁর ৫২ টেস্টের ক্যারিয়ারে মাত্র পাঁচবার উইকেটের পেছনে দাঁড়াননি। তবে সেসব ক্ষেত্রে ব্যাটিংয়ের শক্তি বাড়ানো কিংবা গ্লাভস হাতে তাঁর ভুলচুকগুলো বড় হয়ে দাঁড়ায়নি। ২০০৫ সালে লর্ডসে ইতিহাসের অন্যতম কনিষ্ঠ খেলোয়াড়

দেশের মাটিতে ভারত ও দক্ষিণ আফ্রিকার বিপক্ষে টানা তিন টেস্টে উইকেটের পেছনে দাঁড়াতে পারেননি আঙুলে চোটের কারণে। আর এই তিন টেস্টে যিনি হাতে পরেছিলেন গ্লাভস, সেই লিটন দাসের হাতেই দায়িত্ব সঁপে দিয়ে সরে যাচ্ছেন মুশফিক। কাল গল স্টেডিয়াম মাঠের মাঝখানে যখন অনুশীলন শেষ করে গ্লাভস-প্যাড আর ব্যাট বুক জড়িয়ে ড্রেসিংরুমে ফিরছেন লিটন, মুশফিকের দৃষ্টি তাঁকে যেন খুঁজে ফিরল অপাঙ্গে। তোমার হলো শুরু, আমার হলো সারা-ব্যাপারটি ঠিক তেমন নয়। অধিনায়ক তাঁর নতুন উইকেটকিপার-ব্যাটসম্যানের পদক্ষেপের মধ্যে হয়তো আত্মবিশ্বাসই খুঁজে পেতে চাইলেন। টেস্ট ক্রিকেটে ক্রমোন্নতির ধারায় বাংলাদেশ একজনই আত্মবিশ্বাসী উইকেটকিপার-ব্যাটসম্যানই তো চায়। এই প্রতিবেদকের সঙ্গে একঝলক বাক্য বিনিময়কালে লিটনকে আত্মবিশ্বাসীই মনে হলো, 'অবশ্যই এই সিরিজে ভালো করতে চাইব। এটা আমার নতুন শুরু।' লিটনের মতো নতুন শুরু যে চায় গোটা বাংলাদেশও।

## তুষার-আলো জ্বলছেই



ঢাকা, ৭ মার্চ : শাহরিয়ার নাফীসের সোজাপটা কথা। তুষার ইমরানকে দেখে তাঁরা শিখছেন। তাঁর কাছ থেকেই নিচ্ছেন অনুপ্রেরণা। সেটারই ফল বিকেএসপিতে ওয়ালটন মধ্যাঞ্চলের বিপক্ষে বিসিএলের শেষ রাউন্ডের ম্যাচের দ্বিতীয় দিন শেষে প্রাইম ব্যাংক দক্ষিণাঞ্চলের ৮ উইকেটে করা ৭০১ রান। শাহরিয়ারের ১৭০ রানে অপরাধিত থাকাও কি নয়!

প্রথম শ্রেণির ক্রিকেটে ১৬ বছরের অভিজ্ঞতার আলোয় আলোকিত এবার তুষার ইমরান। জাতীয় লিগের শেষ তিন ম্যাচে সেঞ্চুরি করার পর বিসিএলেও আছেন উভুঙ্গ ফর্মে। এক ম্যাচ আগে বিসিবি উত্তরাঞ্চলের বিপক্ষে ডাবল সেঞ্চুরি করেছেন। কাল প্রথম শ্রেণির ক্রিকেটে নিজের তৃতীয় ডাবল সেঞ্চুরি করলেন দক্ষিণাঞ্চলের এই ব্যাটসম্যান। মজার ব্যাপার হলো, উত্তরাঞ্চলের বিপক্ষে করা ডাবল

সেঞ্চুরিতে শাহরিয়ারের সঙ্গে ২১৫ রানের জুটি হয়েছিল তুষারের। কাল ওয়ালটনের বিপক্ষেও চতুর্থ উইকেটে ঠিক ২১৫ রানেরই জুটি হলো দুজনের। মহিরুহ হয়ে ওঠা এই দুই ব্যাটসম্যানের সামনে অসহায় হয়ে পড়া মধ্যাঞ্চলের চার বোলায় দিয়েছেন এক শর ওপরে রান। সবচেয়ে বেশি ২০২ রান দিয়েছেন শুভাগত হোম। অবশ্য সবচেয়ে বেশি ৩ উইকেটও গেছে তাঁরই দখলে।

শাহরিয়ার মুঞ্চ অগ্রজ সতীর্থের এমন ব্যাটিংয়ে, 'তুষার ভাই অসাধারণ খেলছেন। আজ (গতকাল) তো পায়ের মাংসপেশিতে টান পড়ায় বাজে শট খেলে আউট হয়ে গেলেন। নইলে কোথায় গিয়ে থামতেন কে জানে!' বাংলাদেশের ব্যাটসম্যানদের মধ্যে প্রথম শ্রেণির ক্রিকেটে এর আগে তিনটি ডাবল সেঞ্চুরি ছিল শুধু অলক কাপালি ও মোসাদ্দেক হোসেনের। শাহরিয়ারের ডাবল সেঞ্চুরি একটি। দ্বিতীয়টির দেখা আজই পেয়ে গেলে অবাক হওয়ার কিছু থাকবে না। পাঁচ নম্বরে নেমে কাল দিন শেষে ১৭০ রানে অপরাধিত বাঁহাতি এই ব্যাটসম্যান। আজ তাঁর ইনিংস আর ৩০ রান যোগ হলেই হয়তো ইনিংস ঘোষণা করে দেবে দক্ষিণাঞ্চল। তাতে ইনিংস ব্যবধানে জিতে শিরোপা জয়ের একটা সম্ভাবনা থাকে। পাঁচ ম্যাচে ১৩ পয়েন্ট নিয়ে এই রাউন্ড শুরু করেছে দক্ষিণাঞ্চল।

সমান ম্যাচে ১৯ পয়েন্ট নিয়ে পয়েন্ট তালিকায় তাদের আগে আছে শুধু বিসিবি উত্তরাঞ্চল। শেষ রাউন্ডের ম্যাচেও দ্বিতীয় দিন পর্যন্ত তারা ই এগিয়ে। তবে কাল দিনের শুরুটা ভালো ছিল না তাদের জন্য। ফতুল্লায় ইসলামী ব্যাংক পূর্বাঞ্চলের বিপক্ষে প্রথম দিনে ৫ উইকেটে ৩০৫ রান করলেও কাল মাত্র ৬৯ রানে পড়ে যায় শেষ ৫ উইকেট। পূর্বাঞ্চলের পেসার আবুল হাসান এক ওভারেই তুলে নেন ধীমান ঘোষ ও ফরহাদ রেজার উইকেট।



ঢাকা, ৭ মার্চ : অধিনায়ক যা ইঙ্গিত দিলেন, তাতে আপনারা দুই বন্ধু তো একসঙ্গে খেলছেন?

মেহেদী হাসান মিরাজ প্যাড, গ্লাভস ও ব্যাট একসঙ্গে কীভাবে সামলাবেন ভেবেই পাচ্ছিলেন না। সদা হাস্যমুখর, হাসলে মিরাজকে দারুণ দেখায়। খানিক অবাক হওয়ার ভান করলেন বাংলাদেশের তরুণ অফ স্পিনার (অলরাউন্ডার না বললে মিরাজ অবশ্য আপত্তি করতে পারেন), 'তাই নাকি? মুশফিক ভাই নিশ্চিত করে বলেছেন এ কথা?' যখন বলা হলো অধিনায়ক যেমন ইঙ্গিত দিয়েছেন, তাতে নিশ্চিতই বলা যায়। 'আলহামদুলিল্লাহ! জানেন, কত দিন ধরে এটা আমি ভাবছি, কবে মোস্তাফিজের সঙ্গে টেস্ট দলে খেলতে পারব। সেই স্বপ্নটা তাহলে পূরণ হতে চলেছে।'

এই দুই বন্ধু বাঁহাতি পেসার মোস্তাফিজুর রহমান ও অফ স্পিনার মেহেদী হাসান মিরাজ। দুজন সেই অনূর্ধ্ব-১৬ দল থেকে সঙ্গী। ২০১৫ সাল পর্যন্ত মিরাজই ছিলেন এগিয়ে। মোস্তাফিজের অধিনায়কও ছিলেন মিরাজ। কিন্তু ২০১৫ সালটাই এগিয়ে দেয় মোস্তাফিজকে। সেই যে পাকিস্তানের সঙ্গে টি-টোয়েন্টি ম্যাচ দিয়ে অভিষেক, তারপর ওয়ানডে ক্রিকেট ও টেস্ট ক্রিকেট দিয়ে ক্রিকেট পৃথিবীকে সাড়য়েরে তাঁর আগমনবার্তা জানিয়ে দেওয়া। মিরাজ বন্ধু মোস্তাফিজকে অনুসরণ করেই এগোতে চেয়েছেন। অবশেষে তাঁর অভিষেক হয়েছে টেস্ট ক্রিকেটে এবং সেটিও আলোয় ভুবন ভরিয়ে দিয়ে। আজ গল টেস্টে দুই বন্ধু যখন একসঙ্গে খেলতে নামবেন, তখন মিরাজ আবার এগিয়ে থাকবেন। তাঁর এটি হবে পঞ্চম টেস্ট, মোস্তাফিজ খেলতে নামবেন তৃতীয় টেস্ট। মিরাজ অবশ্য কে এগিয়ে কে পিছিয়ে, ওসব নিয়ে ভাবেন না। তাঁর আনন্দ হচ্ছে বন্ধুর সঙ্গে টেস্ট খেলতে পারবেন ভেবে, 'কী যে আনন্দ হচ্ছে আমার! ওর সঙ্গে খেলা মানে দারুণ ব্যাপার। একই সঙ্গে দুই প্রান্তে যদি বল হাতে নিতে পারি আমরা, তাহলে আরও ভালো হবে।'

শুধু মনের মধ্যে আনন্দ পুষে রেখেই বসে থাকছেন না মিরাজ, তাঁর আশাটা আরও বড়, 'দুই প্রান্ত থেকে দুর্দান্ত বোলিং করে দলকে আমরা এগিয়ে দেব।' অধিনায়ক মুশফিকের রহিম সংবাদ সম্মেলনে তাঁর তরুণ দুই বোলিং অস্ত্র সম্পর্কে কিন্তু এমন আশাবাদী করে গেছেন।

## বেঙ্গালুরু টেস্ট

# অবশেষে ভারতের দিন



ঢাকা, ৭ মার্চ : এভাবে রং বদলায় বলেই না এর নাম টেস্ট ক্রিকেট! দ্বিতীয় দিন শেষেই ভারতকে আর গোণায় ধরা হচ্ছিল না, তৃতীয় দিনের দুই সেশন পরেও সেটায় কোনো নড়চড় নেই। অস্ট্রেলিয়াকেই সম্ভাব্য জয়ী ভেবে নেওয়া হচ্ছিল তখন। মাত্র দুই ঘণ্টা; ব্যস, অতটুকু সময়েই মোড় ঘুরে গেল ম্যাচের। হঠাৎ করেই বেঙ্গালুরু টেস্টে চালকের আসনে স্বাগতিক দল। মাত্র ১২৬ রানে এগিয়ে থাকার পরও এমন বলা যাচ্ছে, কারণ ভারতের হাতে এখনো ৬ উইকেট।

চা-বিরতির সময়ও ভারতের ড্রেসিংরুমে ছিল অমাবস্যার অন্ধকার। রবীন্দ্র জাদেজাকে পাঁচে নামানোর ফাটকা বুমেরাং হয়ে ফিরেছে। জাদেজার আগেই এলবিডব্লু হয়ে ফিরেছেন বিরাট কোহলি। রিভিউ নেওয়ার পরও বাঁচতে পারেননি অধিনায়ক, টিভি আস্পায়ারও ব্যাটে না প্যাডে-বল প্রথমে কোথায় লেগেছে, সে প্রশ্নের উত্তর দিতে পারেননি। বোলার জশ হ্যাঞ্জলউড নিজেও যে দ্বিধাম্বিত ছিলেন, 'আমি প্রথমে কাঠের আওয়াজই শুনেছি। পরে উইকেটের পেছন থেকে আবেদন হলো, আস্পায়ারও আউট দিয়ে দিলেন।'

ওই জোড়া আঘাতে মাত্র ৩৫ রানে এগিয়ে বিরতিতে গিয়েছিল ভারত। সে দলটাই দিনের শেষে হাসতে পারছে প্রাণ খুলে। ৩৩ ওভার বল করেও চেতেশ্বর পূজারা ও অজিঙ্কা রাহানের রক্ষণে কোনো চিড় ধরাতে পারেনি অস্ট্রেলিয়া। 'উই' সিরিজ সর্বোচ্চ অপরাধিত ৯৩ রানের জুটিতে ম্যাচটাই প্রায় বের করে নিয়ে যাচ্ছেন দুজন। কৃতিত্বের বড় ভাগীদার অবশ্যই পূজারা। মাত্র ৪ রানে স্টিভ স্মিথের হাতে স্লিপে জীবন পাওয়া ইনিংসে অস্ট্রেলিয়াকে কোণঠাসা করে দিয়েছেন তিনিই।

## ৫০ বছর ৭ দিন বয়সে পেশাদার ফুটবল! ম্যাথুজকে ছাড়িয়ে মিউরা



ঢাকা, ৭ মার্চ : জাপানের এক ফুটবলার হয়ে ক্যারিয়ার শুরু করেছেন ব্রাজিলের সান্তোসে। কাজুইয়োশি মিউরা তো জাপানের ফুটবলের রূপ বদলেরই অন্য নাম। তবে কাজুইয়োশি মিউরা-এত লম্বা নামটা বলে তাঁকে চেনানো কঠিন। ভক্তদের কাছে তো তিনি 'কিং কাজু'! যিনি মাঠে দুর্দান্ত কোনো গোল করলে বা দারুণ প্লে-মেকিংয়ে অংশ নিলেই নাচের এক বিশেষ মুদ্রা দেখিয়ে দেন,

'কাজু ড্যান্স'। পরশু অবশ্য কাজু নাচ দেখানোর সুযোগ পাননি 'কিং কাজু', তবে মাঠে নেমেই ইতিহাসে নাম লিখিয়েছেন। ভি-ভ্যারেন নাফাসাকির বিপক্ষে ইয়োকোহামার জার্সিতে নামা কাজুর বয়স ছিল ৫০ বছর ৭ দিন। এতেই ভেঙে গেল অর্ধশতাব্দী পুরোনো এক রেকর্ড। ১৯৬৫ সালে বুটজোড়া তুলে রাখার দিনে সাবেক ইংলিশ উইঙ্গার স্যার স্ট্যানলি ম্যাথুজের বয়স ছিল ৫০ বছর ৫ দিন। সবচেয়ে বেশি রেকর্ড এখন কাজুর। এমন এক রেকর্ড গড়ার পরও বিনয় ঝরে পড়ছে ১৯৯৮ বিশ্বকাপ খেলা স্ট্রাইকারের, 'ম্যাথুজ একজন কিংবদন্তি খেলোয়াড়। তাঁকে টপকে গেছি, এমন কিছু মনে হচ্ছে না। হয়তো অনেক দিন খেলার হিসেবে তাঁকে ছাড়িয়ে গেছি, কিন্তু তাঁর পরিসংখ্যান কখনো ছুঁতে পারব না আমি।' চুলে পাক ধরেছে, নাচের ভঙ্গিতেও আগের সেই মসৃণ ভাবটা থাকে না। তবু থামতে রাজি নন কাজু। তা আর কত দিন খেলবেন? ৬০ বছর পর্যন্ত খুবই সম্ভব মনে করছেন কাজুইয়োশি মিউরা। এএফপি।



## বাজপাখির জন্য বিমানে আসন

দেশ ডেস্ক : দীর্ঘ বিমানযাত্রা যেন কষ্টকর না হয় সে জন্য নিজের পোষা বাজপাখিদের জন্য বিমানের ৮০টি আসন সংরক্ষণ করলেন সৌদি আরবের এক রাজকুমার। সম্প্রতি রেডিওট ওয়েবসাইটের একটি ছবি সোস্যাল মিডিয়ায় ভাইরাল হয়েছে। ছবিতে দেখা গেছে, যাত্রীঠাসা বিমানের ৮০টি আসন দখল করে বসে রয়েছে চোখ বাঁধা বাজপাখির ঝাঁক। এগুলোর পা আসনের সাথে বেঁধে রাখা হয়েছে।

রেডিওটের এক ইউজার অনলাইনে ছবিটি পোস্ট করে লিখেছেন, ‘আমার বন্ধু বিমানের ক্যাপ্টেন ছবিটি পাঠিয়েছেন। সৌদি রাজকুমার তার পোষা ৮০টি বাজপাখির জন্য বিমানের আসন বুক করেছেন।’ সৌদি আরবের জাতীয় পাখিকে নিয়ে মধ্যপ্রাচ্য সফরের অভ্যাস নতুন নয়। এর জন্য বাজপাখিদের নামে খ্রিন পাসপোর্ট মঞ্জুর করা হয়। এ পাসপোর্টের মাধ্যমে পাখিরা বাহরাইন, কুয়েত, ওমান, কাতার, সৌদি আরব,

পাকিস্তান, মরক্কো ও সিরিয়ায় ভ্রমণ করতে পারে। কাতার এয়ারওয়েজের ওয়েবসাইটেও উল্লেখ করা হয়েছে, ইকনমি কাসে একসাথে ছয়টি বাজপাখি ভ্রমণ করতে পারে। ফাইদুবাই সংস্থার মুখপাত্র জানিয়েছেন, বিমানযাত্রায় প্রতিটি বাজপাখির জন্য আলাদা আসন সংরক্ষণ করাই নিয়ম। দুর্ঘটনা এড়াতে আসনের ওপর কাপড় বিছিয়ে তাদের রাখাই দস্তুর। এ ব্যবস্থা এতিহাদ এয়ারওয়েজেও বহাল আছে। সূত্র : এই সময়

## দাঁত ঝকঝকে সাদা করতে

দেশ ডেস্ক : হাতের কাছেই কিছু প্রাকৃতিক উপাদান আছে যার সাহায্যে দাঁতের হলদে দাগ ধীরে ধীরে দূর করা যায়। যেমন বেকিং সোডা। আঙুলে সামান্য বেকিং সোডা নিয়ে দাঁতে ঘষতে হবে। এটি দাঁতের হলদে দাগ দূর করার পাশাপাশি মুখের ব্যাকটেরিয়া দূর করতেও সাহায্য করবে। তারপর ভালো করে মুখ ধুয়ে ফেললেই দেখা যাবে দাঁত কেমন ঝকঝকে সাদা হয়ে গেছে। এতে মুখের তিকারক জীবাণু দূর হবে। আরো রয়েছে লেবু। লেবুর রসের সাথে লবণ মিশিয়ে দাঁত ব্রাশ করা যেতে পারে। এক চিমটি লবণ ও কয়েক ফোঁটা লেবুর রস একসাথে মিশিয়ে সপ্তাহে দুইবার দাঁত ব্রাশ করতে হবে। এতেও দাঁতে ঝকঝকে ভাব চলে আসবে। দাঁত সাদা করার আরো একটি উপাদান হলো কলার খোসা। কলার খোসার ভেতরের অংশ দিয়ে দাঁত মাজলেও দাঁত হয় ঝকঝকে পরিষ্কার ও দাঁতের হলদে ভাব দূর হয়ে যায়। ইন্টারনেট।

## মা-বাবার অযত্নে বেতন কাটা

দেশ ডেস্ক : ভারতের আসাম রাজ্যে একটি অভিনব আইন প্রণয়ন করতে চলেছে, যাতে সরকারি কর্মচারীরা মা-বাবার ঠিকমতো দেখাশোনা না করলে তাদের বেতন থেকে একটা অংশ কেটে নেয়া হবে। আসামের অর্থমন্ত্রী হিমন্ত বিশ্বশর্মা এ সপ্তাহে তাদের রাজ্যের বাজেট পেশ করতে গিয়ে এ কথা ঘোষণা করেছেন এবং জানিয়েছেন, এ নতুন নিয়ম ২০১৭-১৮ অর্থবছর থেকে চালু হবে। তিনি বলেছেন, ‘বয়স্ক মা-বাবার যত্ন নেয়া সন্তানের কর্তব্য। যদি কোনো সরকারি কর্মচারী তা না করেন; তাহলে সরকারই তার মাইনে কেটে নিয়ে ওই দায়িত্ব পালন করবে। কর্মচারীদের মাইনে থেকে যে টাকা কাটা হবে, তা তার মা-বাবার ভরণপোষণে ব্যয় করা হবে বলে রাজ্য সরকার জানিয়েছে। ভারতের বিভিন্ন রাজ্যে ইদানীং এমন বহু অভিযোগ উঠেছে, যেখানে যথেষ্ট আর্থিক সম্ভবিসম্পন্ন হওয়া সত্ত্বেও ছেলেমেয়েরা অসুস্থ মা-বাবার দিক থেকে নজর ফিরিয়ে নিয়েছে। অনেক ক্ষেত্রে এমন বহু অসহায় বাবা-মা আদালতের শরণাপন্ন হয়েছেন। তবে এ সামাজিক সমস্যার প্রতিকারে আসাম সরকার যে অভিনব পন্থার কথা ভেবেছে, তা অন্য কোনো রাজ্যে কখনো প্রয়োগ করা হয়নি। তবে এতে কতটা কাজ হবে তা-ই দেখার বিষয়। বিবিসি।

## হেলথ টিপস : ক্যান্সার ঠেকাতে ফুলকপি

দেশ ডেস্ক : শীতকাল ফুলকপির মওসুম। ক্যান্সার কোষকে ধ্বংস করে ফুলকপি। মূত্রথলি, প্রোস্টেট, স্তন ও ওভারির (ডিম্বাশয়) ক্যান্সারের বিরুদ্ধে যুদ্ধের জন্য উপকারী বন্ধু এই সবজি। এতে প্রাকৃতিক কিছু উপাদান রয়েছে। এই উপাদানগুলোই কাজ করে ক্যান্সার সেলের বিরুদ্ধে। প্রচুর ভিটামিন ‘সি’ ও ‘এ’র বসতি এই ফুলকপিতে। ভিটামিন ‘সি’ এবং ‘এ’ এই সময়ের অসুখগুলোর বিরুদ্ধে যুদ্ধ করে। যেমন- জ্বর, কাশি, সর্দি, টনসিলে ইনফেকশন। আর ভিটামিন ‘এ’ সবার চোখের জন্য খুব জরুরি। ছোট-বড় সবার জন্য বয়ে আনে সুফল। খাবার চিবাতে পারে এমন শিশুদের জন্য চাল-ডালের সঙ্গে ফুলকপি, মিষ্টিকুমড়া, কাঁটা ছাড়া কোনো ছোট মাছের খিচুড়ি ভীষণ উপকারী। উচ্চ রক্তচাপ, হাই কোলেস্টেরল ও ডায়াবেটিসের রোগীরা কোনোরকম ভীতি ছাড়াই খেতে পারেন এই সবজি। তবে যাদের কিডনিতে সমস্যা রয়েছে, তারা ফুলকপি পরিহার করুন। কারণ, এতে রয়েছে প্রচুর পরিমাণে উদ্ভিজ্জ আমিষ। দুর্বল কিডনি অতিমাত্রায় আমিষ গ্রহণ করতে পারে না। ফুলকপিতে আছে প্রচুর পরিমাণে আঁশ, যা কোষ্ঠকাঠিন্যসহ পাকস্থলী, কোলন, পায়ুপথ ক্যান্সারের ঝুঁকি কমায়। এই সবজি আমাদের দেহে গয়ট্রিন নামে হরমোন বাড়িয়ে দেয়। এই হরমোন গয়টার অসুখ তৈরি করে। তবে সবার নয়। যাদের থাইরয়েড গ্ল্যান্ড দুর্বল বা কোনো জটিলতা রয়েছে, তাদের ফুলকপি খাওয়া অনুচিত। গলগণ্ড, কিডনির রোগী ছাড়া ফুলকপি সবার জন্য যথেষ্ট উপকারী। ইন্টারনেট।

## মাসে শিশুর আয় ৬.৫ কোটি টাকা!

দেশ ডেস্ক : বয়স মাত্র পাঁচ বছর। আর পাঁচটা শিশুর মতোই সে স্কুলে যায়। লেখাপড়া করে, সহপাঠীদের সাথে খেলাধুলার পাশাপাশি পরিবারের সাথে সময় কাটায়ে ছোট্ট রায়ান। কিন্তু এত কিছু পরেও মাস শেষে ৬ কোটি ৫০ লাখ টাকা রোজগার করে শিশুটি। কিন্তু কী করে রাতারাতি কোটিপতি হয়ে উঠেছে সে? এমনিতে সে দুধের শিশু হলে হবে কি, ছোট্ট রায়ান নিজের ইউটিউব ভিডিওর মাধ্যমে ইতোমধ্যে বানিয়ে ফেলেছে নিজের পরিচিতি। ইউটিউব চ্যানেল ‘রায়ান টয়েস রিভিউ’ ইতোমধ্যে পেয়েছে ৫.৫ মিলিয়ন দর্শক। যুক্তরাষ্ট্রে বসবাসরত

রায়ান ও তার পরিবারের সদস্যরা একত্র হয়ে এ ভিডিওতে নানা ধরনের খেলা নিয়ে কথা বলে। বিভিন্ন রুগ, খেলার সরঞ্জাম ও ভিডিওর মাধ্যমে চ্যানেলটি দর্শকদের মনোরঞ্জন করে। আর এ কাজের মাধ্যমে বহু দর্শকের মন জয় করেছে ছোট্ট রায়ান। এই খুদের একটা সময় বড় দুঃখ ছিল। তারও অন্য বাচ্চাদের মতো ইউটিউবে নিজেকে দেখার শখ ছিল। আর সেই শখ পূরণ করতেই তার বাবা-মা ইউটিউব চ্যানেল খোলার সিদ্ধান্ত নেন। আর রাতারাতি বিখ্যাত হয়ে যায় আদরের রায়ান। ইন্টারনেট। কলামে

## পাখির কথারও অর্থ আছে

দেশ ডেস্ক : মানুষের মতো পরিপূর্ণ বাক্যে কথা বলতে পারে পাখিও, এমন দাবি করেছেন বিজ্ঞানীরা। নোচার কমিউনিকেশনসে প্রকাশিত এক গবেষণা প্রতিবেদনে দাবি করা হয়, জাপানি টিট প্রজাতির পাখিরা যোগাযোগে কিছু বিশেষ নিয়ম অনুসরণ করে। গবেষকেরা জানিয়েছেন, শব্দ বিন্যাস যোগাযোগের ক্ষেত্রে আচরণগত জটিলতা সৃষ্টি করে। ভাষার মূল ভিত্তি হলো কিছু শব্দের মিলনে পরিপূর্ণ বাক্য তৈরি করা। গবেষণায় আগেই দেখা গেছে, পাখি ও স্তন্যপায়ী প্রাণীরা মনের ভাব প্রকাশে কিছু অনর্থক শব্দ তৈরি করে। কিন্তু পরিপূর্ণ শব্দ বিন্যাসের মাধ্যমে যোগাযোগ করা জটিল প্রক্রিয়া, যা মানুষের জন্য সহজ। জাপান, জার্মানি এবং সুইডেনের গবেষকেরা জোরালোভাবে দাবি করেছেন, টিট পাখিদের বিচিত্র কণ্ঠের আওয়াজে রয়েছে শব্দ বিন্যাস। আপসালো ইউনিভার্সিটির ড. ডেভিড হুইট ক্রফট জানান, এ গবেষণা থেকে বোঝা যায়, শব্দ বিন্যাস ক্ষমতা শুধু মানুষের মধ্যেই বিদ্যমান নয়, পাখিরাও শব্দ বিন্যাস করতে পারে। যোগাযোগ সম্পন্ন করতে জাপানি টিট পাখি বিভিন্ন রকম ডাক দেয়। ছোট প্রজাতির টিট পাখিরা যখন বিপদ বুঝতে পারে বা শিকারির উপস্থিতি বুঝতে পারলে তারা বিভিন্ন রকম ডাক দেয়। এসব ডাক কোনোটির একটি অর্থ আবার কোনোটি কয়েকটি শব্দের সমন্বয়ে হয়ে থাকে। ব্রিটিশ ট্যাবলয়েড মিরর জানিয়েছে, প্লে-ব্যাক পরীক্ষায় দেখা গেছে- কোনো ‘বিপদ উপলব্ধি করতে পারলে’ তারা ‘এবিসি’ ব্যবহার করে। আবার কোনো খাদ্যের সন্ধান পেলে বা সঙ্গীকে ডাকতে তারা ‘ডি’ ব্যবহার করে। কোনো শিকারির উপস্থিতি বোঝাতে এ দু’টির সমন্বয় করে ‘এবিসি-ডি’ শব্দ বিন্যাসে ডাক দেয়। এ বিন্যাসে ডেকে তারা অন্য সঙ্গীদের সতর্ক করে দেয়। কিন্তু কৃত্রিমভাবে এ শব্দ বিন্যাস উর্গিয়ে দিলে তারা এর কোনো জবাব দেয় না। টিট পাখির এ শব্দ বিন্যাসের ক্ষমতা জানতে পারলে মানবজাতির বিবর্তন সম্পর্কেও ধারণা পাওয়া যাবে বলে জানিয়েছেন হুইট ক্রফট।

## এক ফ্রেমে পরিবারের ৫০০ সদস্য

দেশ ডেস্ক : চীনের একটি পরিবারের পাঁচ শতাধিক সদস্য একত্র হয়েছিল পারিবারিক একটি ছবি তোলা উদ্দেশ্যে। দেশটির পূর্বাঞ্চলের বিজিয়াং প্রদেশের শিশে গ্রামের রেন পরিবারের সদস্যরা চীনা নববর্ষ উপলক্ষে গত সপ্তাহে এক পারিবারিক পুনর্মিলনীতে জড়ো হয় এবং একই ফ্রেমে ধরা হয় সবাইকে। কয়েক পুরুষ ধরে চীনের পূর্বাঞ্চলে বিজিয়াং প্রদেশের শিশে গ্রামে বসবাস করছে রেন পরিবার। গত সপ্তাহে চীনা নববর্ষ উপলক্ষে তারা একটি পারিবারিক পুনর্মিলনীর আয়োজন করে। সেখানেই একত্রিত হয় পরিবারটির ৫০০-এর বেশি সদস্য। পরিবারের সবাইকে একই ফ্রেমে বাঁধতেই তাদের ওই উদ্যোগ। পরিবারের সেই ছবিটি তোলেন ব্যাং লিয়ানজং নামে একজন

আলোকচিত্রী। একটি ড্রোন ব্যবহার করে ছবিটি তুলতে হয়েছে তাকে। ব্যাং লিয়ানজং বিবিসিকে জানান, ৮৫১ বছর আগেও রেন পরিবারের পূর্বপুরুষদের খুঁজে পাওয়া যাবে। তবে আট দশক ধরে পরিবারটির ফ্যামিলি ট্রি বা বংশপরম্পরা সংরক্ষণ করা হচ্ছে না। সম্প্রতি এই বিষয়টি নিয়ে সচেতন হন পরিবারটির বয়স্ক সদস্যরা। বংশপরম্পরাটি হালনাগাদ করার জন্য পরিবারটির বর্তমান সদস্যদের মধ্য থেকে কমপক্ষে দুই হাজারজনকে একত্র করার চেষ্টা করেন তারা। পরিবারের বয়স্কদের ডাকে সাড়া দিয়ে শেষ পর্যন্ত বেইজিং, সাংহাই, জিনজিয়ান ও তাইওয়ান থেকে ছুটে আসেন ৫০০-এর বেশি সদস্য। তাদের দিয়েই হালনাগাদের কাজটি সফলভাবেই করা হয় বলে জানান ইয়াশান ঝাও। বিবিসি।

## খরগোশের জীবনবাজি!

দেশ ডেস্ক : মানবসমাজে একজন মা সন্তানের জন্য সব কিছুই ত্যাগ করেন। এমনকি উৎসর্গ করতে পারেন জীবনও। তবে জীব জগতের অন্য অনেক প্রাণীর বেলায়ও বিষয়টি এতটা সত্য, তা জানেন ক’জন! সন্তানের জন্য জীবনবাজি রেখে ওই কথাটিই যেন জানান দিলো মা-খরগোশ। ভাইরাল হয়ে যাওয়া একটি ভিডিওতে দেখা যাচ্ছে সন্তানকে বাঁচাতে বিষধ সাপের সাথে এক অসম লড়াইয়ে নেমেছে খরগোশটি। আর সন্তান-ম্নেহের কাছে হার মেনে চম্পট দিতে বাধ্য হয় বিষধ সাপ। ভিডিওটি শ্রীলঙ্কার কোনো এক স্থানের। ভিডিওটিতে দেখা যাচ্ছে, একটি ছোট খরগোশ শাবককে নিজের কবলে নেয় কালো রঙের বিষধ সাপ। সাপটির কবলে পড়ে ছোট খরগোশটি অসহায় হয়ে যায়। ছটফট করার মতো তার নেই। নিজের লেজে পেঁচিয়ে বিশালাকার সাপটি ভখন খরগোশ শাবকটিকে গিলে খাওয়ায় প্রস্তুত নিচ্ছে। একটু পরই দেখা যায়, বাচ্চা খরগোশটির মা কোথা থেকে দৌড়ে এসে ঝাঁপিয়ে পড়েছে সাপটির ওপর। এ আচমকা আক্রমণে বিষধর জীবটি তার কবল থেকে ছেড়ে দেয় ছোট্ট খরগোশটিকে। কিন্তু কালসর্প অত সহজে হার মানতে রাজি নয়। আবার ঘুরে আক্রমণ করে মা-খরগোশকে। শুরু হয় এক অসম লড়াই। সাপের অস্ত্র বিষাক্ত ছোবল, আর খরগোশের অস্ত্র তার সন্তান-ম্নেহ। এ অসম লড়াইয়ে শেষ পর্যন্ত হার মানতে বাধ্য হয় সাপটি। মা-খরগোশের ধারাল দাঁতের হাত থেকে নিজেকে বাঁচাতে দ্রুতবেগে পালায় সাপটি। ইন্টারনেট।

## অ্যান্টাসিড খাবেন কখন

দেশ ডেস্ক : কাজের চাপে বদলে যাচ্ছে লাইফস্টাইল। দিনভর ব্যস্ততা। বেশির ভাগ সময় পেট থাকে খালি অথবা খাওয়া হয় ফাস্টফুড। এতে দেখা দেয় অ্যান্টিসিড। পানি পানেও পেট ফাপা দূর হয় না। টেকুর ওঠে, গলা-বুক জ্বালাপোড়া করে, বুক ব্যথা হয়। এ রকম অবস্থায় অনেকেই নিজের ডাক্তারি নিজেই করেন। হাতের কাছে থাকে অ্যান্টিসিড। সেটিই খেয়ে নেন। বিষয়টি একবার ভেবে দেখা উচিত। অতিরিক্ত অ্যান্টিসিড গ্রহণে কিডনির ওপর মারাত্মক প্রভাব ফেলে। আর কিডনির অসুস্থতায় খুলে যায় আরো বড় কোনো অসুখের দরজা। এমনটিই বলছেন চিকিৎসকেরা। অ্যান্টিসিডে রয়েছে ক্যালসিয়াম কার্বনেট। শরীরে মাত্রাতিরিক্ত ক্যালসিয়াম কার্বনেট অ্যান্টিসিডটি কমানোর চেয়ে বরং বাড়িয়ে দেয়। সেই সাথে কিডনিতে পাথর হওয়ার ঝুঁকিও বেড়ে যায় কয়েক গুণ। অ্যান্টিসিডের অ্যালুমিনিয়াম হাইড্রোক্সাইডও কোষ্ঠকাঠিন্য বাড়ায় এবং রক্তে ফসফেটের পরিমাণ কমায়। এতে অ্যালুমিনিয়াম হওয়ার সম্ভাবনা থাকে। শুধু তা-ই নয়, দিনের পর দিন অ্যান্টিসিড ব্যবহারে ঘটতে পারে হার্ট অ্যাটাকের মতো ঘটনা। দীর্ঘস্থায়ী মাথার যন্ত্রণা এবং হাড়ের রোগও হতে পারে অতিরিক্ত অ্যান্টিসিড গ্রহণে। এতে পেশির তি, আলসার ও পাকস্থলীর ক্যান্সারের সম্ভাবনা থাকে। তাই অ্যান্টিসিড হলেই যথেষ্ট অ্যান্টিসিড গ্রহণ না করে গোড়া থেকেই নির্মূল করতে হবে গ্যাস-অম্বলের সমস্যা। বাড়াবাড়ি হলে নিতে হবে চিকিৎসকের পরামর্শ। ইন্টারনেট।

## ৯০ বছরের কাগজের বাড়ি

দেশ ডেস্ক : এলিস স্টেনম্যান নামে যুক্তরাষ্ট্রের এক ব্যক্তি সংবাদপত্রের কাগজ দিয়ে বিশালাকারের বাড়ি নির্মাণ করে সবাইকে তাক লাগিয়ে দিয়েছেন। মেকানিক্যাল ইঞ্জিনিয়ার স্টেনম্যান ১৯২২ সালে গ্রীষ্মকালীন ছুটি কাটাতে একটি বাড়ি নির্মাণের চিন্তা করেছিলেন। পরে নির্মাণ করেন এ কাগজের বাড়ি। পত্রিকার কাগজের তৈরি বাড়িটি যুক্তরাষ্ট্রের ম্যাসাচুসেটস রকপোর্টে। বাড়িটি নির্মাণের সব কিছুতেই খবরের কাগজ ব্যবহার করা হয়েছে। এমনকি বাড়ির মালিক এর নামও রেখেছেন ‘পেপার হাউজ’। একতলা এ লাল রঙের বাড়িতে ঢুকতেই প্রথমে পার্কিংয়ের জায়গা। বামে মোড় নিলেই চোখে পড়বে খুব সাধারণ একটি কাঠের কক্ষ। তবে তা নির্মিত হয়েছে সাধারণ কাগজ দিয়ে। অন্য আর দশটা সাধারণ বাড়ির মতোই কাঠের খুঁটি, একচালা ছাদ এবং মেঝে ইত্যাদি দিয়ে বাড়ি নির্মাণ করতে গিয়ে

স্টেনম্যানের মাথায় নতুন বুদ্ধি খেলে। তিনি পুরনো খবরের কাগজ এক পরতের ওপর আর এক পরত আঠা দিয়ে লাগিয়ে দেয়াল তৈরি করেন। তাতে সুন্দর করে বার্নিশ করে তার ‘পেপার হাউজ’ নির্মাণ করেন। বাড়ির দেয়াল বানানোর পাশাপাশি পরে চেয়ারসহ অন্যান্য জিনিসও কাগজ দিয়ে তৈরি করেন। এমনকি জানালার পর্দা ও দেয়ালের ঘড়িতেও সংবাদপত্রের কাগজ ব্যবহার করেন তিনি। শুধু পিয়ানো এবং ফায়ার প্লেসের ইটগুলো ছাড়া সবই কাগজ দিয়ে তৈরি। এমনকি বাড়িতে ব্যবহৃত আঠাও নিজে তৈরি করেন ঘরে বসে। দুই বছরে স্টেনম্যান কাগজের বাড়ি নির্মাণ শেষ করেন। ১৯৩০ সাল পর্যন্ত সেখানে বাস করেন। প্রায় এক লাখ সংবাদপত্রের কাগজ ব্যবহার করে বাড়িটি নির্মাণ করা হয়েছিল।

## যে মুরগির রক্তও কালো!

দেশ ডেস্ক : ‘অ্যামাম কেমার্নি’ এক বিরল প্রজাতির মুরগি। গোটা শরীর কুচকুচে কালো। কালো ছাড়া অন্য কোনো রঙের ছিটেফোঁটাও নেই গায়ে। বিরল প্রজাতির এই মুরগির দেখা পাওয়া যায় ইন্দোনেশিয়ায়। সোস্যাল মিডিয়ায় রীতিমতো ভাইরাল এখন ওই মুরগি। পালক, ঠোঁট, চোখ থেকে পায়ের নখ- এই প্রজাতির মুরগির সব কিছুই কালো। এমনকি তার চামড়া, জিহ্বাও কালো। স্থানীয় বাসিন্দারা জানিয়েছেন তাদের রক্তের রঙও কালচে। স্থানীয় বাসিন্দাদের দাবি, এই প্রজাতির মুরগির শরীরের সব অঙ্গসহ হাড় ও কালো।



# ‘ভোটের আগে গ্যাস চাই, নইলে এবার ভোট নাই’



আহমেদ ইকবাল চৌধুরী

প্রাকৃতিক সৌন্দর্যের লীলাভূমি আমাদের সিলেট। সিলেটকে নিয়ে সিলেটবাসীর স্বপ্নের অন্ত নেই। আমিও তার ব্যতিক্রম নই। আল্লাহ তায়ালার অশেষ মহিমায় মহিমাম্বিত সিলেটে কী নেই। তেল, গ্যাস, চা, বৈদেশিক মুদ্রা, পর্যটন শিল্প, নান্দনিক শপিংমল, বড় বড় অট্টালিকাসহ সবই আছে সিলেটে। নেই শুধু সুষ্ঠু পরিকল্পনা এবং নিজেদের আধিকার আদায়ে গণসচেতনতা। সিলেটবাসী বিভাগ পেয়েছিল অনেক আন্দোলন করে। নব্বই’র দশকে সিলেট বিভাগ আন্দোলনে সিলেট গণদাবি পরিষদ অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। অনেক ত্যাগের বিনিময়ে সিলেটবাসী তাদের নায্য দাবি আদায় করে নিয়েছিল। তার পরে বাংলাদেশে আরও অনেক বিভাগ হয়েছে, কিন্তু তাদের এত ত্যাগ স্বীকার করতে হয়নি। সিলেটবাসী দিতে সবার আগে, কিছু পেতে সবার পিছে।

সিলেটবাসী নানা সমস্যায় জর্জরিত। গ্যাস, বিদ্যুৎ, শিক্ষা, চিকিৎসা, যোগাযোগ ব্যবস্থাসহ সব ক্ষেত্রে পিছিয়ে। সিলেটের গ্যাস নিয়ে বাংলাদেশের অন্যান্য অঞ্চলে গ্যাস সংযোগ দেওয়া হচ্ছে অথচ সিলেটবাসী সেই আদিম পদ্ধতিতে রান্নার কাজ চালিয়ে যাচ্ছেন। ২৫ বছর আগে

কৈলাশটিলা গ্যাসক্ষেত্র থেকে যখন বড় বড় পাইপ দিয়ে সিলেটের গ্যাস অন্যত্র সরিয়ে নেওয়া হয়েছিল, তখন সিলেটীদের বলা হয়েছিল, পর্যায়ক্রমে সিলেটের সর্বত্র গ্যাস সংযোগ দেওয়া হবে। এক এলাকার সম্পদ অন্য এলাকার উন্নয়নে ব্যবহৃত হবে এতে কারও আপত্তি নাই, কিন্তু যে মানুষটি তার একমাত্র অবলম্বন একখণ্ড জমি তা দিয়ে দিল দেশের জন্য, যার বাড়ির মধ্যখান দিয়ে বড় গর্ত করে, ফসল নষ্ট করে গ্যাস নিয়ে যাওয়া হচ্ছে অথচ তাকে একবেলা রান্না করার জন্য টোকাই এর মতো কাঠ কুড়াতে হচ্ছে- তার জন্য কি একটু করুণা হয়না? গ্যাস সংযোগ পাওয়া এখন আকাশ কুসুম কল্পনা ছাড়া আর কী!

বাংলাদেশ সরকার বাসা বাড়িতে গ্যাস সংযোগ বন্ধ করে দিয়েছে। কোন দেশে যখন জনগণের সরকার প্রতিষ্ঠিত থাকে, জনগণের ভোটে যখন সরকার ক্ষমতায় অধিষ্ঠিত হয়, সেই সরকার কেবলই যে কোন সিদ্ধান্ত নেবার আগে দেশের জনগণের অধিকার ও সুযোগ সুবিধাকে প্রাধান্য দিয়ে থাকে। বাংলাদেশ সরকারের এ সিদ্ধান্তে কত পার্সেন্ট লোক উপকৃত হবে তার সঠিক পরিসংখ্যান আমার জানা নেই, তবে এতটুকু বলতে পারি যে, গুটি কয়েক শিল্পদ্যোক্তার জন্য বৃহৎ জনগোষ্ঠীকে সুবিধাবঞ্চিত করা কতটা যুক্তিযুক্ত তা বিচারের ভার জনগণের উপর ছেড়ে দিলাম।

বিদ্যুৎ প্রতিমন্ত্রী তো বলেই দিয়েছেন যে, যাদের গ্যাস সংযোগ রয়েছে তাদের গ্যাস সংযোগও বন্ধ করে দেওয়া হবে। বাঙালিরা ইংরেজ ও পাকিস্তানীদের পরাজিত করে স্বাধীনতা ছিনিয়ে নিয়ে এলেও নিজ দেশীয় নব্য রাজাদের থেকে স্বাধীনতা লাভ করতে পারেনি। কল-কারখানায় নিরবিচ্ছিন্ন গ্যাস সরবরাহ প্রত্যেক বাংলাদেশীর প্রাণের আকুতি, কারণ বিশেষ করে গার্মেন্টস শিল্প বর্তমানে আমাদের অর্থনীতির মূল চালিকাশক্তি। কিন্তু সাধারণ জনগণকে বঞ্চিত করে একটি গোষ্ঠীর স্বার্থ রক্ষা কোন জনকল্যাণকর সরকারের কাজ নয় এবং সেই সরকারকে জনগণের সরকার বলা যায় না।

সরকার চাইলে শিল্পের জন্য আলাদা গ্যাস আমদানী করে প্রয়োজনে ভূতুকী দিয়ে রপ্তা শিল্প কারখানা বাঁচিয়ে রাখতে পারে। আর আমাদের দেশে অনেক শিল্পপতি রয়েছেন যারা নিজ উদ্যোগে গ্যাস আমদানী বা গ্যাসক্ষেত্র পরিচালনার ক্ষমতা রাখেন। সরকার শুধু আমলাতান্ত্রিক

জটিলতা দূর করে ব্যবসায়ীদেরকে আস্থার ও ব্যবসাবান্ধব পরিবেশ সৃষ্টি করে দিলে শিল্পের জন্য গ্যাস আমদানীতে বিনিয়োগের ক্ষেত্রে উদ্যোক্তার অভাব হবে না। কারণ পুরো বিনিয়োগটাই ব্যবসায়ীরা তাদের গ্রাহকদের কাছ থেকে পুষিয়ে নিতে পারেন। কিন্তু একজন সাধারণ মানুষকে গ্যাস সিলিভার ব্যবহারে যে জটিলতা, হয়রানি, মজুতদারী ও লাগামহীন মূল্য বৃদ্ধি করে সংকট সৃষ্টিসহ নানা ভোগান্তির শিকার হতে হন, তার প্রতিকার পাওয়ার বা ক্ষতি পুষিয়ে নেবার কোন জায়গা নেই। পুঁজিবাদী ব্যবস্থা আমাদের সমাজের রক্তে রক্তে প্রবেশ করেছে। আসলে সব কিছুর মূলে রয়েছে উচ্চবিত্তের স্বার্থ সংরক্ষণ। গ্যাস আমাদের জাতীয় সম্পদ, আর এ সম্পদ রক্ষণাবেক্ষণের জন্য সরকারের যেমন দায়িত্ব রয়েছে তেমনি সাধারণ জনগণেরও অনেক দায়িত্ব রয়েছে। গ্যাস ব্যবহারে মিতব্যয়ী হতে হবে। গ্যাসের মূল্য মিটার দিয়ে নির্ধারণ করা হয় না, বিধায় ২৪ঘন্টা চুলায় আগুন জ্বালানো থাকে। একটি প্রবাদ আছে ‘সরকারী মাল, দরিয়া ময়্যা

ঢাল’ এ ধরনের মনোবৃত্তি আমাদের সমাজে কাজ করে, তা পরিহার করে সরকার ও জনগনকে একসাথে কাজ করতে হবে। আমাদের মনে রাখতে হবে: যে জন দিবসে মনের হরষে জ্বালায় মোমের বাতি আগুগুহে তার, দেখিবেনা আর নিশাতে প্রদীপ বাতি। সরকার প্রয়োজনে বিদ্যুতের মত মিটার লাগিয়ে গ্যাসের সদব্যবহার নিশ্চিত করতে পারে। কিন্তু কোন অবস্থাতেই গ্যাসের সংযোগ বন্ধ করে দেওয়া যুক্তিযুক্ত নয়। বিলেতে সাংবাদিক ইসহাক কাজলের একটি টিভি সাক্ষাৎকার দেখেছিলাম, তখন থেকে লেখবো লেখবো ভেবে আর লেখা হয়নি। জনাব কাজলের সাথে বিভিন্ন বিষয়ে মত পার্থক্য থাকলেও তার সিলেটা জাতীয়তাবাদ এবং সিলেটকে নিয়ে ভাবনা দেখে সত্যিই অভিভূত হলাম। তিনি সিলেটবাসীকে নিজেদের দাবি দাওয়ার ব্যাপারে সচেতন ও সোচ্চার হওয়ার আকুতি জানিয়েছিলেন এবং এ আন্দোলনে সকল প্রবাসীকে অগ্রনায়কের ভূমিকা পালন করার আহ্বান জানিয়েছিলেন। প্রবাসীদের সারাজীবনের কষ্টার্জিত সঞ্চিত অর্থে তৈরি স্বপ্নের সিলেটের বাড়ি আজ দুঃস্বপ্নের কারণ হয়ে দাঁড়িয়েছে। দল মত নির্বিশেষে সিলেটবাসীকে নিজেদের অধিকার আদায়ে ঝাঁপিয়ে পড়তে হবে। সরকার পরিচালনায় সিলেটা নেতা-নেত্রীর অংশীদারিত্বের কখনও অভাব ছিল না, এখনও নেই। সিলেটের জন্য আরও একজন সাইফুর রাহমানের বড় প্রয়োজন, যিনি সিলেটবাসীর মনের ভাষা বুঝতে পারেন, যার স্পর্শে ঐতিহ্যবাহী সিলেট হবে আলোকিত।

সিলেটবাসী মরহুম এম সাইফুর রাহমান, মরহুম হুমায়ুন রশীদ চৌধুরী ও মরহুম আব্দুস সামাদ আজাদের বড়ই শূন্যতা অনুভব করছে। অর্থমন্ত্রী আবুল মাল আব্দুল মুহিত সিলেটের সুযোগ্য সন্তান, তাঁকে নিয়ে আমরা গর্ব করি। আশা করবো তিনি সিলেটের এই বড় বড় দালালগণের দিকে সুদৃষ্টি দিবেন এবং প্রধানমন্ত্রীর সহযোগিতায় সিলেট তথা গোটা বাংলাদেশের গ্যাস সমস্যার সমাধান করবেন। নইলে সময়ের বিবর্তনে মানুষ তার নায্য পাওনা আদায়ে কঠিন সিদ্ধান্ত নিতে বাধ্য, যা সিলেটের আকাশ বাতাসে ধ্বনিত হচ্ছে। সিলেটবাসী বলতে শিখেছে ‘ভোটের আগে গ্যাস চাই, নইলে এবার ভোট নাই’।

লেখকঃ ব্যাংক কর্মকর্তা, লন্ডন।

২৫ বছর আগে কৈলাশটিলা গ্যাসক্ষেত্র থেকে যখন বড় বড় পাইপ দিয়ে সিলেটের গ্যাস অন্যত্র সরিয়ে নেওয়া হয়েছিল, তখন সিলেটীদের বলা হয়েছিল, পর্যায়ক্রমে সিলেটের সর্বত্র গ্যাস সংযোগ দেওয়া হবে।

# সাদামাটা গিনিপিগ



দেলোয়ার হোসাইন

সময়ের সচ্ছতায় আগামী পথ ধরে হেঁটে যায় মহাকালের সিঁড়ি। চরম বাস্তবতা আর নাগরিক যন্ত্রনায় হেলে গেছে আমাদের স্বাভাবিক জীবন। ভাবনার ওপাশে যে যুদ্ধের ময়দান রয়েছে এখানে আজ আমরা সহসাই যুদ্ধা হয়ে উঠছি। আমরা যুদ্ধ করি জীবনের সাথে, যুদ্ধ করি জীবিকার সাথে, যুদ্ধ করি নিত্যন্ত বেঁচে থাকার জন্য... অথচ বেঁচে থাকার যুদ্ধে আমরা কতটা সফল সেটা বিচারযোগ্য। শাসনের বদলে যখন আমরা শোষিত হই তখন? তখন আমরা গিনিপিগ...! অযাচিত বেঁচে থাকা যেন নরকের অভিশাপ। আমাদের যন্ত্রনাগুলোর আঘাত আমরা প্রতিদিনই সয়ে যাই। আমাদের কোন আশ্রয় হয়না। আমরা অবাঞ্ছিত সবখানে। আমাদের দীর্ঘশ্বাসে মাঝে মাঝে আকাশটা কেঁপে উঠে। আলোতে দাঁড়িয়ে যখন আমরা অন্ধকার দেখি, আমাদের চোখ তখন আমাদেরকে অপমান করে। আমাদের বুকে তাই অনেক

ব্যথা, ভাঙনের স্তীমরোলার কখন জানি আমাদের দিকে তেড়ে আসে। অনেক কেঁদেছি, কান্নারও অনেক রঙ দেখেছি। নিজেদেরকে অনেকভাবে শাসিয়েছি, বলেছি দেখ-না কী হয়। তবুও... মেঘের সাথে অনেক খেলেছি বলে এখন আর বৃষ্টি হতে চাইনা। নিজেকে রোজ বিবেকের আদালতে দাঁড় করাই। স্বচ্ছতাগুলো ছুঁয়ে ছুঁয়ে দেখি আর অপারগতাগুলো তুলে রাখি অভিমানে আদরে।

২. তোমাদের শৌখিনতার কাছে আমাদের ঘামের কোন মূল্য নেই। তোমাদের ভাবনার আকাশে যে রঙিন ঘুড়িগুলো উড়ে বেড়ায় এগুলো কখনই আমরা ছুঁতে পারিনা। আমাদের সে সাধ্য নেই। আমরা কেবল তোমাদের মুখের দিকে তাকিয়ে থাকি। তোমরা শুধু কথা বলে যাও আর কথা দিয়ে যাও। আমরা এইসব কথা শুনতে শুনতে ক্লান্ত হয়ে পড়ি। আমাদের কিছুই করার থাকেনা। তোমাদের চোখ রাঙানি দেখে আমরা আঁতকে উঠি। ভয়ে আমাদের গলার পানি শুকিয়ে যায়। আমাদের হাত-পা ঠান্ডা হয়ে আসে। আমরা নিজেদেরকে গুটিয়ে নিই অন্য চরিত্রে। আমরা যে আমজনতা! নাগরিক দৌড়ে বরাবরের মতো বেহিসেবি খাতায় পড়ে রই। কেননা- আজ তোমরা আমাদের হাতে শিকল পরিয়ে দিয়েছ, স্বাধীনতার শিকল! স্বাধীনতার দোহাই দিয়ে এভাবে আর কতদিন চলবে? আমরা তো এমন স্বাধীনতা চাইনি। স্বাধীনতা যদি এই হয় তাহলে আজ আমরা কোথায় দাঁড়াবো? কী নিয়ে আমরা উল্লাস করবো? তোমাদেরকে দেখে কেবলই মনে হয় আমরা ক্রমশ পিছু হাটছি...

অথচ কথা ছিল সামনে এগিয়ে যাওয়ার। যেখানে মানুষ মানুষকে মানুষ মনে করবে। শ্রদ্ধায় মুয়ে পড়বে বিশ্বাসী পাহাড়। সম্পর্ক ছুঁয়ে যাবে সাবলিল মন। মুখের ভাষা হবে অন্তরের অভিধান। কাকে দোষ দিব? আমার নিজেকে?

আমাদের ভাগ্য বিড়ম্বনা আর লৌকিক অক্ষমতা সবকিছুকে আগলে আছে নিদারুন বাস্তবতা। বাজারে গেলে এখন আমরা দু’চোখে আগুন দেখি। এই আগুন আমরা সহ্য করতে পারিনা...

না-কি...! এই বলার স্বাধীনতাটুকুও যে আজ অদৃশ্য কোন ভয়ের ভাবনায় মুখ খুবড়ে বুকের ভিতর পড়ে থাকে। একদিকে কাঁটাটারে লাশ বুলে থাকে, অন্যদিকে পুলিশের বোটের তলায় গনতন্ত্র খাবি খায়। গুম খুনের আতংকে না ঘুমতে পারি, না ঘরের বাইরে বেরপতে পারি। তবুও গনতন্ত্রকামী পাপীদের মুখের ফুলঝুরি থামেনা।

৩. বাবা এখন বাজার থেকে খালি হাতে বাড়ি ফিরলে আমরা আর অবাক হইনা। ধর্ষিত কষ্টগুলো দিয়ে আমরা সন্তানেরা বাবার বাজারের ব্যাগটাকে ভরে রাখি। ঐদিকে আমাদের মা তাঁর চোখের সস্তা জলে ব্যাগটাকে ভাসিয়ে দেন অন্ধ

আবেগে। আমাদের ভাগ্য বিড়ম্বনা আর লৌকিক অক্ষমতা সবকিছুকে আগলে আছে নিদারুন বাস্তবতা। বাজারে গেলে এখন আমরা দু’চোখে আগুন দেখি। এই আগুন আমরা সহ্য করতে পারিনা...

৪. ক্ষমতা গিলে খাওয়া তোমাদের কথা শুনলে আজ আমাদের হাসি পায়, বড্ড হাসি পায়। তোমাদের কাছে আজও আমরা বোকা রয়ে গেলাম! আমরা অবুঝের মতো মাথাটা একদিকে কাত করে দাঁড়িয়ে থাকি, মাথাটা সূজা করার সময়টুকুও আমরা পাইনা তার আগে আমাদের মাথার উপর আকাশটা দেবে আসে...

তোমরা এক নিমেষেই দিনকে রাত আর রাতকে দিন করে ফেলো। তোমাদের এক ঈশারায় একটা সত্য মুহুর্তেই মিথ্যা হয়ে যায় আর একটা মিথ্যা সহসাই সত্যে পরিণত হয়। কেননা তোমাদের অভিধানে শেষ কথা বলে কিছু নেই। আজ তাই আমরা সবকিছু সয়ে যাই অনুভূতিহীন আবেগে...

৫. এইতো জীবন। জীবনের নিয়মে চলছে ঘড়ির কাঁটা। মাস গুনে গুনে শেষ হয়ে যাচ্ছে ক্যালেন্ডারের পাতা। কিছু হোক বা না হোক তবু চারদিকে কেবল মানুষের কোলাহল। আর মানুষের ভিতরেই লুকিয়ে থাকে আগামীর কাভারী। মানুষের হাত ধরেই এইসব অন্ধকার একদিন দূর হয়ে যাবে। সেদিন দেশ ভরা শান্তি, ঘর ভরা সুখ আর মন ভরা ভালোবাসা নিয়ে মানুষ হাসবে বিজয়ের হাসি। আমরা তাই স্বপ্ন দেখতে দেখতে প্রতিদিন বিছানায় যাই। স্বপ্ন দেখতে দেখতে ঘুমাই, ঘুমের মাঝেও স্বপ্ন দেখি। ঘুম ভেঙ্গে গেলেই আবার স্বপ্ন দেখা শুরু করি। স্বপ্নের অনেক রঙ, স্বপ্নের কাছে তাই আমাদের অনেক ঋণ।

লেখকঃ কবি, সিলেট প্রতিনিধি সাপ্তাহিক দেশ



# প্রাণসংহারী রাজনীতির শেষ কোথায়

মহিউদ্দিন খান মোহন

ক্রসফায়ার শব্দটি বর্তমানে আমাদের দেশে বহুল প্রচারিত ও পরিচিত পরিভাষা। আইনশৃঙ্খলা বাহিনীর হাতে নিহত হওয়ার ঘটনাকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ক্রসফায়ার হিসেবে উল্লেখ করে বিবৃতি দেয়, সংবাদ সম্মেলন করে। তবে এটি প্রকৃত ক্রসফায়ার নয়। দুইপক্ষের সংঘর্ষের মাঝখানে পড়ে যখন নিরীহ পথচারী বা কোনো সাধারণ মানুষ নিহত হয়, সেটি ক্রসফায়ার। কিছু কথিত ক্রসফায়ারের ঘটনার কথা উঠে এসেছে একটি জাতীয় দৈনিকের প্রতিবেদনে। গত ১১ ফেব্রুয়ারি প্রকাশিত ওই প্রতিবেদনে গত পনের বছরে দেশে রাজনৈতিক ক্রসফায়ারে সংঘটিত বেশ কিছু হত্যাকাণ্ডের কথা তুলে ধরা হয়েছে। ঘটনাগুলো সবারই জানা। প্রতিটি ঘটনাই দেশব্যাপী আলোড়ন তুলেছিল। প্রতিবেদনটিতে গত কয়েক বছরে রাজনৈতিক সহিংসতায় নিহতদের সংখ্যাও তুলে ধরা হয়েছে। আইন ও শালিস কেন্দ্রের তথ্য মতে, চলতি বছরে গত এক মাসে রাজনৈতিক সহিংসতায় নিহত হয়েছে পাঁচজন। আর ২০১৬ সালে ৯০৭টি ঘটনায় ১৭৭ জন নিহত ও ১১ হাজার ৪৬২ জন আহত হয়েছে। ইউনিয়ন পরিষদ নির্বাচনে সংঘর্ষে মারা গেছে ১৩৪ জন। ২০১৫ সালে বিএনপি জোটের অবরোধকে কেন্দ্র করে ১৩৭ জনসহ মোট নিহতের সংখ্যা ১৫৩। ২০১৪ সালে রাজনৈতিক সহিংসতার শিকার হয়ে প্রাণ গেছে ১৪৭ জনের।

এসব ঘটনা জনমনে তীব্র সঞ্চারের পাশাপাশি একটি প্রশ্নেরও উদ্বেক করেছে। তা হলো— জাতীয় রাজনীতি এমন সহিংস হয়ে উঠল কেন? স্বাধীনতা-পূর্বকালে রাজনৈতিক সজ্ঞাত মূলত ছিল সরকারি বাহিনী ও বিরোধী রাজনৈতিক দলের মধ্যে; কিন্তু বর্তমানে তা রাজনৈতিক দলগুলোর পারস্পরিক সংঘর্ষ এবং একই দলের নানা ঝগড়ের মধ্যে সংঘর্ষে স্থান করে নিয়েছে। রাজনীতি কলুষিত হওয়ার কারণেই আজ এ সাংঘর্ষিক পরিস্থিতি।

রাজনীতি কোনো পেশা নয়, ব্রত। একসময়ে যারা জাতীয় রাজনীতি বা ছাত্র রাজনীতির সাথে সম্পৃক্ত থাকতেন, তাদের মানুষ সম্মানের চোখে দেখত। কারণ, তারা জানত, যিনি রাজনীতি করছেন তিনি দেশ, জাতি ও মানুষের কল্যাণেই সময়, মেধা আর অর্থ ব্যয়

করছেন। যারা রাজনীতি করতেন তারাও এটা ভেবে তৃপ্তি পেতেন যে, তিনি দেশের মানুষের জন্য কিছু ভালো কাজ করার সুযোগ পেয়েছেন। এ ক্ষেত্রে তার বড় প্রাপ্তি ছিল মানুষের শ্রদ্ধা, ভালোবাসা এবং মর্যাদা। পেছন ফিরে তাকালে দেখতে পাবো, সেসব মহান রাজনীতিকের ছবি, যারা আমাদের এ দেশ, এ দেশের মানুষের জন্য জীবনের মূল্যবান সময় অকাতরে ব্যয় করে গেছেন। ব্যক্তিস্বার্থ তাদের কাছে কখনো প্রাধান্য পায়নি। প্রতিপক্ষকে জড় বা পরাজিত করতে কেউ কেউ হয়তো কোনো কোনো সময় কূটচাল চলেছেন। কিন্তু প্রতিদ্বন্দ্বীকে শারীরিকভাবে লাঞ্চিত করা বা হত্যা করে পথের কাঁটা সরিয়ে দেয়ার মতো ঘৃণ্য পন্থা কেউ অবলম্বন করেননি। বরং এমনও দৃষ্টান্ত আছে, পরস্পর যোরতর বিরোধিতায় লিপ্ত দুই রাজনৈতিক দলের নেতারা কোনো উপলক্ষে একত্রিত হয়ে মেতে উঠেছেন হাসি-ঠাট্টায়, খোশগল্পে।

কিন্তু এখন সে অবস্থা নেই। এখন রাজনৈতিক প্রতিদ্বন্দ্বিতা হয়ে উঠেছে শত্রুতা। এখন আর কেউ কারো প্রতিদ্বন্দ্বী বা প্রতিপক্ষ নয়, দুশমন। সে 'শত্রু'কে সমূলে বিনাশ করে নিজের আধিপত্য প্রতিষ্ঠার জন্য হত্যা করতেও তারা দ্বিধা করেন না। কাজের মাধ্যমে জনগণের মন জয় করে প্রভাব বিস্তারের চিন্তা এখন অনেকের মধ্যেই নেই। এর পরিবর্তে দুর্বৃত্ত পুণ্যে নিজের শক্তি বৃদ্ধিকেই কেউ কেউ উত্তম পন্থা বলে বিবেচনা করে। তাদের কাছে সাধারণ মানুষ বা দলের নেতাকর্মীর চেয়ে সন্ত্রাসী মাস্তানের কদর বেশি। রাজনৈতিক অঙ্গনে এ প্রবণতা এখন এতটাই প্রকট আকার ধারণ করেছে যে, সেখানে ভালো মানুষ খুঁজতে গেলে হতাশ হতে হয়।

'রাজনীতি' শব্দটি শুনলে মানুষ এখন ভ্রুকুঞ্চিত করে, নাক সিটকায়। সাধারণ মানুষের কাছে রাজনীতি এমন একটি কাজ, যা মানুষকে যন্ত্রণা দেয়। এর আশুনে পুড়ে ছারখার হয়ে যায় কত সংসার, কত জীবন! তাই 'রাজনীতি করি' বললে শুনতে হয়, 'ওপথে না যাওয়াই ভালো' অথবা 'ওপথ ছেড়ে দাও'। এই যে নেতিবাচক ধারণা, এ জন্য দায়ী রাজনীতিকদের অনেকেই। তারা তাদের কাজকর্মের দ্বারা জনমনে এমন ধারণা সৃষ্টি করে দিয়েছেন যেন, এ কাজটি শুধুই আত্মস্বার্থ চরিতার্থ করার জন্য কিছু লোক করে থাকে। অথচ রাজনীতি আমাদেরকে গণতন্ত্র দিয়েছে, স্বাধীন দেশ দিয়েছে, কথা বলার অধিকার দিয়েছে।

রাজনীতি কলুষিত হয়েছে। দুর্নীতি, দুর্বৃত্তপনা, অনৈতিকতা রাজনীতিকে গ্রাস করেছে। তবে এখনো কিছু রাজনীতিক আছেন যারা দেশ ও জাতি নিয়ে ভাবেন, কথা বলেন।

রাজনীতি এখন আর রাজনীতিবিদদের হাতে নেই, চলে গেছে

66

দেশ ও জাতি নিয়ে যারা ভাবেন তারা অবশ্য বলেন, ভালো মানুষের অংশগ্রহণ কমে যাওয়াতেই রাজনীতি আজ প্রাণসংহারী রূপ ধারণ করেছে। কিন্তু কেন ভালো মানুষেরা রাজনীতিতে আসছেন না তা কারো অজানা নয়। খারাপের আধিক্যই যে তাদেরকে নিরুৎসাহিত করেছে তা না বললেও চলে।

ব্যবসায়ীদের হাতে— কথাটি অমূলক নয়। অনেকে বলেন, আগে ব্যবসায়ীরা রাজনীতিতে আসতেন, এখন রাজনীতিবিদরাই ব্যবসায়ী হয়ে যাচ্ছেন। এ 'ব্যবসায়' বিভিন্ন ধরনের। মনোমনয়নবাণিজ্য, পদবাণিজ্য, টেন্ডারবাণিজ্য, কমিশনবাণিজ্য, এমন কোনো 'বাণিজ্য' নেই যা কিছু রাজনীতিক করেন না। তারা সব দিক ম্যানেজ করতে পারদর্শী। ফলে হরেক রকম অনৈতিক কাজে লিপ্ত থেকেও তারা থাকেন ধরাছোঁয়ার বাইরে।

পত্রপত্রিকায় প্রায়ই খবর হয়-সংসদে কোরাম সঙ্কট। কেন সঙ্কট? কারণ মাননীয় সংসদ সদস্যরা গরহাজির। সংসদে ঘণ্টার পর ঘণ্টা অপরের বক্তৃতা আর স্পিকারের কথা শোনার চেয়ে অনেক 'গুরুত্বপূর্ণ' কাজ তাদের পড়ে আছে। কী সে কাজ? এলাকায় বরাদ্দকৃত গম ভাগ করা, চেয়ারম্যান-মেম্বার কাকে বানানো যায় তা ঠিক করা; স্কুল, কলেজ, মাদরাসা কমিটিতে নিজের লোকদের জায়গা করে দেয়া, উন্নয়ন কাজের টেন্ডার নেগোসিয়েশন— কত কাজ তাদের! এসব ফেলে সংসদে বক্তৃতায় কানপাতার কোনো মানে তারা খুঁজে পান না। রাজনীতিকে কলুষমুক্ত করতে হবে, দুর্বৃত্তপনার হাত থেকে বাঁচাতে হবে, অবক্ষয়ের ধারা থেকে ফিরিয়ে আনতে হবে ইত্যাকার কথাবার্তা প্রায় শোনা যায়। কিন্তু কিভাবে এসব করা সম্ভব তা নিয়ে আলোচনা

হয় না। দুর্বৃত্তপনায় রাজনীতির যে কুপ্রভাব সমাজের তৃণমূলে পড়ছে তার উৎসসন্ধানে যেতে হবে আগে। 'মাছের পচন শুরু হয় মাথা থেকে'। তেমনি সমাজ বা রাষ্ট্রের পচনও শুরু হয় ওপর থেকেই। ওপরের আশ্রয়-প্রশ্রয় আশীর্বাদ ছাড়া নিচের দিকে কেউ কি যা খুশি তা করতে পারে? মানুষের মনে বদ্ধমূল ধারণা হয়েছে যে, কারো গায়ে যদি একটি বড় রাজনৈতিক দলের জার্সি থাকে, তাহলে তার গায়ে আঁচড় কাটা প্রায় অসম্ভব। পত্রিকায় যখন ছবি ছাপা হয় 'মাননীয় মন্ত্রী' কিংবা সংসদ সদস্যের পাশে হত্যা মামলার আসামি আছে, তখন বুঝতে কষ্ট হওয়ার কথা নয়, পচনটা কিভাবে শুরু হয়েছে। সমাজে অগ্রহণযোগ্য মানুষেরা যখন সম্মানের আসন গ্রহণ করে, তখন দুর্বৃত্ত-দুষ্কৃতকারীদের নর্তন-কুর্দান বৃদ্ধি তো পাবেই। বিশিষ্ট আইনজীবী ব্যারিস্টার মইনুল হোসেন তার সাম্প্রতিক একটি নিবন্ধে মন্তব্য করেছেন— 'জনসেবার লক্ষ্য থেকে রাজনীতি যখন বিচ্যুত হয়, তখন রাজনীতি গণতন্ত্র থেকেও বিচ্যুত হয়'। তার এ মন্তব্য বর্তমান রাজনীতির ক্ষেত্রে কতটা প্রযোজ্য তা বলার অপেক্ষা রাখে না। রাজনীতি জনসেবার পরিবর্তে কিছু মানুষের 'আত্মসেবা'র মাধ্যম হয়ে উঠেছে। মানুষ তাই রাজনীতিকে বলে 'সবচেয়ে লাভজনক ব্যবসা'। কারণ, রাজনীতির সাথে সম্পর্ক থাকলে সব জায়গায় অগ্রাধিকার পাওয়া যায় এবং সুবিধা আদায় সুবিধা হয়। রাস্তা-বেরাস্তা দিয়ে অর্থ আগমনের সম্ভাবনা বেড়ে যায়। রাজনীতি এখন যেন এক পরশপাথর! এর স্পর্শে দুর্বৃত্ত হয়ে যায় সমাজসেবক ও জননেতা, কপর্দকহীন রকেট গতিতে হয়ে যায় কোটিপতি। রাজনীতির মূলনীতিই যেন 'দল কর, মাল কামাও'। নীতি-নৈতিকতার কোনো ঠাঁই এখানে নেই। যেহেতু জনসেবার চিন্তা মাথায় নেই, তাই জনগণের ইচ্ছা-অনিচ্ছার তোয়াক্কা করারই বা প্রয়োজনটা কী? ফলে কী দলে, কী দেশে গণতন্ত্র দিন দিন হয়ে উঠছে সোনার হরিণ!

দেশ ও জাতি নিয়ে যারা ভাবেন তারা অবশ্য বলেন, ভালো মানুষের অংশগ্রহণ কমে যাওয়াতেই রাজনীতি আজ প্রাণসংহারী রূপ ধারণ করেছে। কিন্তু কেন ভালো মানুষেরা রাজনীতিতে আসছেন না তা কারো অজানা নয়। খারাপের আধিক্যই যে তাদেরকে নিরুৎসাহিত করেছে তা না বললেও চলে। তাহলে কি এ অবক্ষয়ের ধারা চলতেই থাকবে? আশাবাদীরা বলে থাকেন, সব কিছুই শেষ আছে। তেমনি আজকের দুর্বৃত্তপনার রাজনীতিরও অবসান ঘটবে। তবে সে জন্য জেগে উঠতে হবে রাজনীতির প্রধান নিয়ামক হিসেবে জনগণকেই। তারা যদি মন্দ মানুষগুলোকে প্রত্যাখ্যান করে, তাহলেই রাজনীতি হয়ে উঠবে পরিশীলিত ও স্বচ্ছ।

লেখক : সংবাদ ও সমাজকর্মী

# রাজনৈতিক স্থিতিশীলতার দৌড় কতদূর?

বদরুদ্দীন উমর

বাংলাদেশে এখন রাজনৈতিক স্থিতিশীলতা বজায় আছে এ কথা বলে সরকারি দল ও তাদের জোটের শীর্ষস্থানীয় নেতা-নেত্রী থেকে নিয়ে চুনোপুটি পর্যন্ত সকলের গর্বের শেষ নেই। এ নিয়ে অহরহ তাদের নানা বচন শোনা যায়। এর মাধ্যমে ঘোষণা করা হয় তাদের বুদ্ধিমত্তা, রাজনৈতিক বিচক্ষণতা এবং জনহিতৈষী চরিত্রের কথা। অবশ্য এই তথাকথিত রাজনৈতিক স্থিতিশীলতা যে সুশাসনের ফলে দেখা যাচ্ছে, এমন নয়। এর জন্য জনগণকে অনেক অধিকারহীনতার বোঝা বহন করতে হচ্ছে। অনেক মূল্য জনগণকে দিতে হচ্ছে, যা কম নয়।

কিন্তু বাংলাদেশে এখন এক ধরনের রাজনৈতিক স্থিতিশীলতা দেখা গেলেও বিভিন্ন রাজনৈতিক শক্তির মধ্যে ভারসাম্য রক্ষিত হওয়ার কারণে এটা দেখা যাচ্ছে এমনটা বলার উপায় নেই। আসলে এটা দেখা যাচ্ছে, সরকারবিরোধী রাজনৈতিক শক্তিগুলো সাফল্যের সঙ্গে দমন করে ক্ষমতার ভারসাম্য রক্ষার প্রয়োজন অপ্রাসঙ্গিক করে। কাজেই এই রাজনৈতিক স্থিতিশীলতা সরকার টিকে থাকার পক্ষে কিছুকাল সহায়ক হলেও এর মধ্যে সামাজিক বিক্ষোভের শর্তও তৈরি হচ্ছে।

রাজনৈতিক স্থিতিশীলতা ও সামাজিক স্থিতিশীলতার মধ্যে একটা সম্পর্ক থাকলেও তারা এক জিনিস নয়। দেশে রাজনৈতিক স্থিতিশীলতা থাকলে সমাজেও স্থিতিশীলতা থাকবে, এমন নিশ্চয়তা নেই। এ কারণে বাহ্যত রাজনৈতিক স্থিতিশীলতা সত্ত্বেও ইতিহাসে অনেক দেশে এ স্থিতিশীলতার অবসান ঘটতে দেখা যায় রাজনৈতিক বিক্ষোভের মাধ্যমে। যার ভিত্তি রচিত হয় সামাজিক অস্থিতিশীলতার দ্বারা। তা ছাড়া এ ক্ষেত্রে অন্য যে বিষয়টি গুরুত্বের সঙ্গে মনে রাখা দরকার তা হলো, ক্ষমতায় অধিষ্ঠিত শ্রেণি বা সরকারের লোকেরা যার যা ইচ্ছা বলা ও করা সত্ত্বেও তার বিরুদ্ধে কোনো প্রয়োজনীয় পদক্ষেপ না নেওয়া বা নিতে না পারা। এর সরল অর্থ হলো, বাহ্য স্থিতিশীলতা সত্ত্বেও ভেতর থেকে তা ভেঙে পড়ার শর্ত তৈরি হতে থাকা।

বাংলাদেশের অবস্থা এদিক দিয়ে ভালো নয়। এর শত শত দৃষ্টান্তের মধ্যে

সম্প্রতি ঘটে যাওয়া সড়ক পরিবহন ধর্মঘট ও তার সঙ্গে সংশ্লিষ্ট সরকারি লোকদের কার্যকলাপ এক উল্লেখযোগ্য দৃষ্টান্ত। বাংলাদেশে শ্রমিকদের ট্রেড ইউনিয়ন সংগঠন ও শ্রমিকদের ট্রেড ইউনিয়ন আন্দোলন যে প্রকৃতপক্ষে এখন উদ্বেহ হয়ে গেছে, তার অকাট্য প্রমাণ মালিক-সরকার-শ্রমিকদের যৌথ এক জাতীয় সংগঠন, যার কার্যকরী সভাপতি হলেন নৌ পরিবহনমন্ত্রী শাজাহান খান। তিনি ২৮ ফেব্রুয়ারি ও ১ মার্চ সড়ক পরিবহন ধর্মঘট ডেকে দেশের যাতায়াত ব্যবস্থায় সংকট তৈরি করে সাধারণ কর্মজীবী মানুষের ও ছাত্রছাত্রীদের জন্য যে বিপর্যয় সৃষ্টি করেছিলেন, সরকারি মহলেও এমনকি মন্ত্রীদের প্রকাশ্য বক্তৃতা-বিবৃতির মধ্যেও তার স্বীকৃতি আছে। মন্ত্রীর মতো একজন দায়িত্বশীল ব্যক্তি নিজের বাসভবনে তাদের কথাকথিত সরকার-মালিক-শ্রমিক সংগঠনের পক্ষ

66

বাংলাদেশে আজ সমাজের সর্বস্তরে যে ক্ষোভ বিরাজ করছে তার প্রতিফলনই প্রকৃতপক্ষে ঘটছে রাজনৈতিক বিশৃঙ্খলার মধ্যে। এই বিশৃঙ্খলা নিয়ন্ত্রণের চেষ্টা সরকার নিজেদের স্বার্থে করতে ব্যর্থ হচ্ছে। এ

থেকে ধর্মঘট ডাকলেন, তার ফলে জনজীবন নিদারুণভাবে বিপর্যস্ত হলো; কিন্তু তার পর সরকারের শীর্ষ মহল থেকে তার কাছে কোনো কৈফিয়ত যে আজ পর্যন্ত চাওয়া হলো না, কোনো আনুষ্ঠানিক সরকারি বিবৃতি পর্যন্ত দেখা গেল না, এর মধ্যে কেউ যদি রাজনৈতিক স্থিতিশীলতা দেখেন, তাহলে তাকে বিস্ময়কর বলা ছাড়া উপায় নেই। কারণ এ থেকে বোঝার অসুবিধা নেই যে, সরকারের মধ্যেও শৃঙ্খলা বলে আজ আর কিছু নেই। প্রধানমন্ত্রী ড. মুহাম্মদ ইউনুস সম্পর্ক যেসব বক্তব্য জাতীয় সংসদে এবং সংসদের বাইরে দিয়ে থাকেন, তার প্রকাশ্য বিরোধিতা করে অর্থমন্ত্রী গ্রামীণ ব্যাংকের দায়িত্ব দূরীকরণ কর্মসূচির প্রশংসায় পঞ্চমুখ হওয়ার পর একই অবস্থা। প্রধানমন্ত্রী এ বিষয়ে বিবৃতির মাধ্যমে তার ক্ষোভ প্রকাশ করাও এক বিস্ময়কর ব্যাপার। বিষয়টি নিয়ে মন্ত্রিসভায় অর্থমন্ত্রীর কাছে কৈফিয়ত না চেয়ে এবং সেখানে তার সমালোচনা না করে যেভাবে এই বিবৃতি দেওয়া হয়েছে তার মধ্যেও সরকারের অভ্যন্তরে শৃঙ্খলার অভাব খুব স্পষ্ট। তার কোনো সমালোচনা সরকারি মহলে নেই। একে স্থিতিশীলতার পরিচায়ক বলে মনে করা এক বড় রকম বিস্ময় ছাড়া আর কী বলা যেতে পারে?

সড়ক পরিবহন ধর্মঘট প্রসঙ্গে নৌ পরিবহনমন্ত্রীর যে আচরণ দেখা গেছে, এ বিষয়ে মন্ত্রীদের নিজেদের প্রতিক্রিয়া সম্পর্কে একটা রিপোর্ট এ প্রসঙ্গে উদ্ধৃত করা খুব প্রাসঙ্গিক। দৈনিক যুগান্তর পত্রিকায় রিপোর্টটি হলো নিম্নরূপ। এর থেকে পরিস্থিতির আসল চেহারা বোঝার কোনো অসুবিধা নেই। রিপোর্টটিতে বলা হয়েছে, 'আদালতের রায়ের বিরুদ্ধে দেশব্যাপী অনৈতিক পরিবহন ধর্মঘটে জনতাগোষ্ঠির জন্য নৌ পরিবহনমন্ত্রী শাজাহান খানকে নিয়ে বিবৃতি সরকার। সরকারের বেশিরভাগ মন্ত্রী এ নিয়ে চরম ক্ষুব্ধ। তাদের অনেকে ক্ষোভ আটকে রাখতে পারছেন না। প্রকাশ্যেই শাজাহান খানকে তুলোধোনা করছেন। সর্বশেষ স্বাস্থ্যমন্ত্রী মো. নাসিরের কণ্ঠেও ক্ষোভ। ধর্মঘট ডেকে মানুষের চরম দুর্ভোগের পেছনে ইহনদাতা হিসেবে শাজাহান খানকে আইনের আওতায় আনার ইঙ্গিতও দিচ্ছেন কেউ কেউ। মন্ত্রীদের অনেকে মনে করেন, দেশে যখন স্থিতিবাস্তব বিরাজ করছে, তখন ধর্মঘটের নামে গাভতলীতে রাতভর সহিংসতা হয়েছে। শুধু রাজধানীতে নয়, দেশের বিভিন্ন স্থানেও অরাজকতা হয়েছে। সরকারের একজন মন্ত্রীর ইচ্ছা এ ধরনের জনবিরোধী কর্মকাণ্ড মেনে নেওয়া যায় না। নানাভাবে চেষ্টা করেও বিএনপি যেখানে সরকারকে বিপর্যস্ত করতে পারছে না, সেখানে শাজাহান খানে অনৈতিক কর্মকাণ্ডের কারণে

সরকারকে জনগণের কাঁঠগড়ায় দাঁড়াতে হচ্ছে। সরকারকে যায়েলে বিরোধীদের হাতে অস্ত্র তুলে দেওয়া হচ্ছে। তাই এখন থেকে ওই ব্যক্তির লাগাম টেনে ধরা না হলে ভবিষ্যতে এ জন্য সরকারকে মাংশ দিতে হবে।' (যুগান্তর, ৬.৩.২০১৭)।

এই রিপোর্টে সরকারি মন্ত্রীদের যে প্রতিক্রিয়ার উল্লেখ করা হয়েছে এর থেকে কি প্রমাণিত হয় যে, খোদ সরকারের মধ্যে শৃঙ্খলা আছে? যেখানে শৃঙ্খলা নেই সেখানে 'স্থিতিশীলতার' অবস্থা যে নিতান্তই ভয়ঙ্কর, এতে সন্দেহ নেই। কিন্তু শুধু এসব ঘটনাই যে সরকারের দ্বারা প্রচারিত রাজনৈতিক স্থিতিশীলতার অবস্থা সংকটজনক এটা প্রমাণিত হয় না। সারাদেশে আওয়ামী লীগ দলের মধ্যে আজ শৃঙ্খলার যে অভাব দেখা যাচ্ছে, সেটাও এ প্রসঙ্গে গুরুত্বের বিবেচনার বিষয়। এখন এমন কোনো দিন নেই যখন সংবাদপত্রে আওয়ামী লীগের বিভিন্ন অঙ্গ সংগঠনের মধ্যে এবং খোদ আওয়ামী লীগ সংগঠনের মধ্যে সংঘর্ষের এবং এই সংঘর্ষে লোকজনের নিহত হওয়ার সংবাদ থাকে না। যে কোনো শাসক দলের পক্ষে এটা এক বিপজ্জনক পরিস্থিতি। যে পরিস্থিতিতে এসব ঘটনা ঘটছে তাকে দেশের সাধারণ পরিস্থিতি থেকে বিচ্ছিন্নভাবে দেখার উপায় নেই। সে চেষ্টা কেউ করলে তাকে এক মহা অবাস্তব চিন্তা ছাড়া আর কিছু বলা যায় না।

রাজনৈতিক স্থিতিশীলতা ও সামাজিক স্থিতিশীলতা যে এক জিনিস নয়, এটা আগেই বলা হয়েছে। শেষ বিশ্লেষণে রাজনৈতিক স্থিতিশীলতা সামাজিক স্থিতিশীলতার ওপরই নির্ভরশীল। কিন্তু তা সত্ত্বেও রাজনৈতিক স্থিতিশীলতা যেভাবেই রক্ষিত হোক, তার থেকে এটা প্রমাণিত হয় না যে, দেশে সামাজিক স্থিতিশীলতা আছে। কারণ রাজনৈতিক অস্থিতিশীলতার প্রমাণ যত সহজে পাওয়া যায়, সামাজিক স্থিতিশীলতার প্রমাণ তত সহজে পাওয়া যায় না। কিন্তু তা সত্ত্বেও সমাজের অভ্যন্তরে যে অস্থিতিশীলতা থাকে, সেটাই শেষ পর্যন্ত রাজনৈতিক স্থিতিশীলতার অবসান ঘটায়, সেটা নির্বাচনের মাধ্যমেই হোক বা অন্যভাবে হোক। বাংলাদেশে আজ সমাজের সর্বস্তরে যে ক্ষোভ বিরাজ করছে তার প্রতিফলনই প্রকৃতপক্ষে ঘটছে রাজনৈতিক বিশৃঙ্খলার মধ্যে। এই বিশৃঙ্খলা নিয়ন্ত্রণের চেষ্টা সরকার নিজেদের স্বার্থে করতে ব্যর্থ হচ্ছে। এর পরিণাম তাদের জন্য বিপজ্জনক হওয়ার সম্ভাবনা উড়িয়ে দেওয়ার নয়।

লেখক: সভাপতি, জাতীয় মুক্তি কাউন্সিল



গদ্য কাটুন

# হেলিকপ্টারের ধাক্কায় আহত পাখির খবর কী?

আনিসুল হক

ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর পরিচিত ছিলেন দয়ার সাগর বলে। তিনি অকাতরে দান-খয়রাত করতেন। তাঁর কাছে সাহায্য চেয়ে পায়নি, এমন খুব কমই হয়েছিল। একবার একজন এসে তাঁর সামনে হাত পাতল-

কী চাও?

ভিক্ষা।

ভিক্ষা দেব কেন?

‘অনেক দিন মদ খাই না। পয়সার অভাবে মদ খেতে পারছি না, অবস্থা কী রকম শোচনীয় ভাবুন। পয়সা দিন। মদ কিনে খাব।’

‘না। মদ কিনে খাবে, এ জন্য আমি ভিক্ষা দিই না।’

‘না। তুমি কথা সত্য বলছ না। মাইকেল মধুসূদন দত্তকে মদ খেতে টাকা দিয়েছিলে তুমিই। সে তো তোমার পয়সায় মদ গিলেছে।’

‘তুই একটা মেঘনাদবধ কাব্য লেখ। তোকেও টাকা দেব।’ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর দয়ার সাগর। তিনি আমাকেও টাকা দেন। আমি একটা বই লিখেছিলাম, আবদুল্লাহ আবু সায়ীদ স্যারের নির্দেশে। ছোটদের বিদ্যাসাগর। বিশ্বসাহিত্য কেন্দ্রে থেকে বইটি বেরিয়েছে। এই বই প্রতিবছর আমাকে টাকা দেয়। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর আমার উপকার করছেন। এখন আমি তাঁর কি নিন্দা-মন্দ করতে পারি?

একবার এক লোক এসে বলল, বিদ্যাসাগর মশাই, অমুকে তো দেখি খুব আপনার নিন্দা করছে।

বিদ্যাসাগর বিস্মিত। ‘অমুকে নিন্দা করছে আমার! না, করার তো কথা নয়। আমি তো তার কোনো উপকার করিনি।’

আমি এটা অনেক ভেবেছি। যার উপকার আপনি করেছেন, কদিন পরে প্রথম সুযোগে সে ছুরি হাতে পেয়ে এবং সামনে অনেক পিঠ পেয়ে ছুরিটা মারার জন্য আপনার পিঠটাকেই কেন বেছে নেয়।

আমার নিজের বানানো উত্তরটা হলো, আপনি আমার উপকার করেছেন। অকারণে একটা কৃতজ্ঞতার চাদর আমাকে সারাক্ষণ ঘিরে রাখছে। তাতে আমার চলতে-

ফিরতে অসুবিধা হচ্ছে। আপনার বিরুদ্ধে প্রকাশ্যে বিদ্রোহ ঘোষণা করে আমি সেই চাদর খুলে ছুড়ে ফেলি। তাতে আমার একধরনের স্বাধীনতা আসে। চিত্তের স্বাধীনতা। আরে বেটা, আমার কিছু উপকার করেছিলি বলে কি তুই আমার মাথা কিনে নিয়েছিস। আমি স্বাধীন। চিত্ত যেথা ভয়শূন্য উচ্চ যেথা শির...

উপকারীর পিঠে ছুরি মারাই উপকৃতের কর্তব্য-এটা আমি আজ ৩০ বছর ধরে দেখে আসছি। ৩০ বছর আগে আমি একটা সাপ্তাহিক সংবাদপত্রে যোগ দিই। এরপর আরও কিছু সাপ্তাহিক, দৈনিক ঘুরে এখন একটা দৈনিক কাগজে কাজ করছি। যে তারকা আমাদের পত্রিকায় বেশি প্রচার পান, প্রথম সুযোগেই তিনি বলেন, ওই কাগজ তো আমার প্রচারই দিল না। যে রাজনীতিকনানাভাবে আমাদের পত্রিকার সমর্থন পান, শুধু ছবি কিংবা খবর ছাপা নয়, পারলে তাঁর বাগানের ফুলগাছে পানি দিয়ে ফুল ফুটিয়ে তার ছবিও ছেপে দেওয়া হয়, প্রথম সুযোগেই তিনি আমাদের বিরুদ্ধে কঠোর ও কঠিন অবস্থান গ্রহণ করেন। বলেন, ওই কাগজ আমার কোনো প্রচার তো দেয়নি, ওই কাগজ... থাক, সেসব দুঃখের কথা।

সম্প্রতি একটা খবর দেখলাম। একটা হেলিকপ্টার যাচ্ছিল ঢাকা থেকে সিলেটের দিকে। সিলেটে বেঙ্গল আয়োজিত সংস্কৃতি উৎসবে যোগ দিতে ওই হেলিকপ্টারে যাত্রী হয়েছিলেন কয়েকজন দেশি-বিদেশি। পথে একটা পাখি এসে হেলিকপ্টারের সামনের কাচ ভেঙে ঢুকে পড়ে। এরপর পাইলট হেলিকপ্টারটিকে জরুরি অবতরণ করাতে বাধ্য হন। মোটামুটি একটা চষা খেতে হেলিকপ্টারটি জরুরিভাবে নেমে পড়ে। এরপর ঢাকা থেকে আরও দুটো হেলিকপ্টার আসে। যাত্রীদের ঢাকা নিয়ে যায়। তারপর পাখির আঘাতে আহত হেলিকপ্টারটিও ঢাকায় ফিরে যায়। শুনতে পেলাম পাখিসমাজে বিশাল বিক্ষোভ শুরু হয়েছে। তারা বলছে, প্রথম আলোর শেষ পৃষ্ঠায় ২ মার্চ ২০১৭ বৃহস্পতিবার শরীফ খান লিখেছেন, পাখির নাম চা। দুটো উড়ন্ত চা পাখির ছবিও ছাপা হয়েছে। এটা করা হয়েছে পাখিসমাজের দৃষ্টি অন্যদিকে ঘুরিয়ে দেওয়ার জন্য। প্রথম আলো পাখিদের বিরুদ্ধে যে অন্যান্য করেছে, এই সব চা পাখির খবর দিয়ে তা ঢেকে রাখা যাবে না। কারণ, প্রথম আলো খবর করেছে, ‘হেলিকপ্টারে ঢুকল পাখি, জরুরি অবতরণ।’ এই খবরে যাত্রী সাতজন ঢাকায় ফিরে গেছেন, তা বলা আছে। হেলিকপ্টারটিও ঢাকায় ফিরে গেছে তা

বলা আছে। কিন্তু পাখিটার কী হলো, তা বলা নাই। পাখিসমাজ ওই পাখির কুশল নিয়ে দুশ্চিন্তাগ্রস্ত। আর এই খবরের শিরোনাম হওয়া উচিত ছিল: হেলিকপ্টারের ধাক্কায় পাখি আহত। পাখিসমাজে শোকের ছায়া। এরই মধ্যে বিক্ষুব্ধ পাখিসমাজ দাবি তুলেছে, আকাশ চিরকালই ছিল পাখিদের রাজত্ব। সেই আকাশে ঘন ঘন

চাইছে, কিন্তু আমার হাতে আছে মাত্র তিন ফাঁ। আচ্ছা ভারতের লোকেরা আমাদের সঙ্গে এমন করছে কেন? আমি বললাম, আজকে ডাক আসবে, আজকে অবশ্যই খবর পাব, কারণ আমি যাকে লিখেছি, তার জ্ঞান আর প্রতিভা প্রাচীন ঋষির মতো, উদ্যম একজন ইংরেজের মতো আর হৃদয়টা একজন বাঙালি মায়ের। আমি ঠিকই বলেছিলাম।

“এটা আমাদের মনে রাখা উচিত। যাঁরা আমাদের উপকার করেন, তাঁদের মাথা চিবিয়ে খাওয়াই আমাদের কর্তব্য। ইশপের গল্প আমাদের সেই শিক্ষাই দেয়।

হেলিকপ্টার ইত্যাদি চলাচল করায় পাখিদের নিরাপত্তা আজ হুমকির সম্মুখীন। অবিলম্বে বাংলার আকাশে সব ধরনের বিমান ও হেলিকপ্টারের চলাচল নিষিদ্ধ ঘোষণা করা হোক।

আর এই দাবি আদায়ের প্রথম কর্মসূচি হবে, প্রথম আলো পত্রিকার বিরুদ্ধে ‘নিপাত যাক নিপাত যাক’ আওয়াজ তোলা।

খুব স্বাভাবিক। খুব স্বাভাবিক। প্রথম আলো বহুদিন থেকে তার শেষ পৃষ্ঠায় পাখিদের নিয়ে সচিত্র খবর পরিবেশন করে আসছে। তাই তার শোধ পাখিরা এভাবেই নিতে পারে।

ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জীবনভিজ্ঞতা তা-ই বলে। মাইকেল মধুসূদন দত্ত ফ্রান্স থেকে চিঠি লিখেছিলেন বিদ্যাসাগরকে,

প্রিয় বন্ধু, গত মাসের ২৮ তারিখ রোববার আমি বসে আছি আমার ছোট পড়ার ঘরটিতে, এই সময় আমার স্ত্রী কাঁদতে কাঁদতে এল আমার কাছে। বলল, ছেলেমেয়েরা মেলায় যেতে

কারণ, ঘটনাক্রমে পরেই তোমার চিঠি আর দেড় হাজার টাকা এসে পৌঁছাল।...

মাতাল ভিক্ষুকটি তো ভুল বলেনি। ঈশ্বরচন্দ্র মাইকেল মধুসূদন দত্তকে মদ খাওয়ার জন্য টাকা দিয়েছিলেন, কারণ তিনি মেঘনাদবধ কাব্য লিখেছিলেন। ইশপের গল্প থেকে ‘বাহ ও বক’ কিন্তু ঈশ্বরচন্দ্রই বাংলায় লিখে প্রকাশ করেছিলেন।

‘একদা এক বাঘের গলায় হাড় ফুটিয়াছিল।’ পুরস্কার পাবে, এই আশ্বাস পেয়ে এক বক তা বের করে দিল লম্বা ঠোঁট দিয়ে। কিন্তু পুরস্কার? বাঘ বলল, আমার হাঁ-য়ের মধ্যে মাথা ঢুকিয়ে তুই বের করে নিতে পারলি, এটিই তো বড় পুরস্কার। ভাগ, না হলে চিবিয়ে খাব।

বক তাড়াতাড়ি ভাগল। এই গল্প আমরা ছোটবেলায় পড়েছিলাম। এটা আমাদের মনে রাখা উচিত। যাঁরা আমাদের উপকার করেন, তাঁদের মাথা চিবিয়ে খাওয়াই আমাদের কর্তব্য। ইশপের গল্প আমাদের সেই শিক্ষাই দেয়।

আনিসুল হক: সাহিত্যিক ও সাংবাদিক।

## সহজিয়া কড়চা

# ৭ মার্চের বার্তা ও তার শিক্ষা

সৈয়দ আবুল মকসুদ

